# সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ

ধন্যবাদ ভাই ওরমান। প্রভু আপনাকে আশীর্বাদ করুন।

2 সুপ্রভাত বন্ধুরা। আজ সকালে আবার এখানে আসতে পেরে আমি খুব খুশি, আমি মনে করি, নিজের কাছে, কিছুটা অপ্রত্যাশিত, আর আমি নিশ্চিত যে এটি মণ্ডলীর কাছেও। আমি পড়ছিলাম... ধন্যবাদ বোন। আর প্রভু আমার হৃদয়ে সামান্য কিছু রেখেছিলেন, মণ্ডলীতে নিয়ে আসার জন্য, আমি ভাবলাম, এখন সেটি নিয়ে আসার সময়। এখন এটি...

3 যখন আমি পৌঁছালাম, তখন আমি জানতাম না যে আমরা এই রবিবার এখানে থাকব, আমি ঘোষণা করেছিলাম যে আমার কাছে মণ্ডলীর জন্য একটি—একটি বার্তা আছে। আর আমি চাই, যদি ঈশ্বর ইচ্ছা করেন, আগামী রবিবার এই বার্তাটি নিয়ে আসার জন্য। এটি বেশ দীর্ঘ সময় ধরে হবে, তাই, হয়তো সাড়ে বারোটার, একটার আগে আমরা বের হব না। এটা আমার হৃদয়ে অনেক দিন ধরে আছে, আর আমি মনে করি, কেন আমি কর্মক্ষেত্রে সক্রিয় ছিলাম না, তার উত্তর আমাকে জনগণের কাছে দিতে হবে। আর আমি এর আশেপাশে প্রচার করেছি, তবে আমি নিশ্চিত, এটি ঠিক যেখানে হওয়া উচিত সেখানে কখনই আসেনি। তাই আমি মনে করি, যদি প্রভু চান, পরের রবিবার, আমি আমার সময় নিতে চাই এবং ব্যাখ্যা করতে চাই, কারণটি কি এবং কেন, আর আপনাদেরকে বলবো, বাক্য থেকে, কী হচ্ছে, দেখুন, কেন এই বিষয়টি নিয়ে। কারণ, আমি সম্ভবত এখনই বিদেশে বা কোথাও চলে যাব। তিনি আমাকে কোন পথে ডাকবেন তা দেখার জন্য আমি এখন অপেক্ষা করছি। শেষ...

4 প্রায় তিন রাত আগে, অথবা দুই রাত, মধ্যরাতের সময় আমার কাছে একটি ফোন আসে; একজন মহিলা যিনি হাসপাতালে ছিলেন তার জন্য প্রার্থনার নিবেদন। আর তারা আমাকে ফোন করে বললেন, "প্রার্থনা করার জন্য।" তারা আমাকে যে নাম দিয়েছিলেন তা আমি ভুলে গেছি...বলেছিলেন, তিনি মিসেস জেমস বেলের বান্ধবী, আমাদের মণ্ডলীর বোন, একজন নিগ্রো বোন, খুব অনুগত, ভালো মহিলা। আমি বিশ্বাস করি নামটি ছিল শেফার্ড, আমাকে দেওয়া হয়েছিল। তাই আমি বিছানা থেকে নেমে হাঁটু গেড়ে বসলাম, আর—আর আমার স্ত্রীকে বললাম। ফোন বাজছিল, তার ঘুম ভেঙ্গে যায়। আর আমি বললাম, "আমাদের

অবশ্যই মিসেস শেফার্ডের জন্য প্রার্থনা করতে হবে, একজন বোন, যিনি মিসেস জেমস বেলের বান্ধবী।" তাই আমরা তার জন্য প্রার্থনা করি, তারপর ঘুমোতে যাই।

5 তারপর প্রায় দশটা বা এগারোটার সময়, পরের দিন, আমার কাছে আরেকটি ফোন আসে। এটা বিলি ছিল। আর সে বলল, তিনি মিসেস শেফার্ড নয়, বলল তিনি মিসেস বেল নিজেই, মিসেস বেলের বান্ধবী নয়। "তিনি মিসেস বেল ছিল, এবং তিনি খুব গুরুতর অবস্থায় হাসপাতালে আছেন।" হাসপাতালের দিকে ছুটে যাই, কিন্তু তিনি চলে যান। প্রভু মিসেস বেলকে বাড়িতে ডেকে নেন।

6 মিসেস বেল বছরের পর বছর ধরে এখানে মণ্ডলীতে আমাদের সাথে একজন বিশ্বস্ত সংগ্রহকারী। তার স্বামী, জেমস, আর আমি, আমার বাবার সাথে, অনেক বছর আগে, বাইরে, দৌড়ে একসাথে কাজ করতাম...আমরা পেনসিলভানিয়া থেকে কোলগেট-এ, অনেক বছর আগে, আমার অনুমান ত্রিশ বছর আগে, এই স্পার্সগুলি চালাতাম। আর আমরা বোন বেলকে ভালবাসি। তিনি একজন মহান ব্যক্তি ছিলেন।

7 আমি বুঝতে পারি যে তার পিত্তথলিতে তীব্র আক্রমণ হয়েছিল, আর তারা...তার চিকিৎসকরা, যারা এই কেসটি ভালভাবে জানতেন, সেই সময়ে শহরের বাইরে ছিলেন। আর একজন নতুন চিকিৎসক তাকে দেখতে এসেছিলেন, আর—আর জরুরী অপারেশনের পরামর্শ দিয়েছিলেন, তিনি এটি সহ্য করতে পারেন নি। আর—আর সে...আমি মনে করি...আমি যেভাবে বুঝতে পারি, তার নিয়মিত চিকিৎসক এই—এই অপারেশনটি করতে বলতেন না, কারণ তার শরীর ভারী ছিল আর তার পিত্তথলি খারাপ হয়ে গিয়েছিল। আর তার পাথর ছিল, আমি মনে করি, অথবা কিছু এটাতে, আর—আর প্রভু তার প্রতি করুণাময় ছিলেন। তার আগেও এই আক্রমণগুলি হয়েছিল এবং প্রভু অনেকবার সেগুলির যত্ন নিয়েছিলেন। কিন্তু এটি হয়ে যায়...ঠিক আছে, যদি আমরা এটিকে সম্পূর্ণ পরিমাপে নিয়ে আসি, আমরা বলব: ঈশ্বর বোন বেলকে ডেকেছিলেন, আর এভাবেই তাকে নিয়ে যান, আপনারা দেখুন।

8 আর তিনি কিভাবে...এটি আমার কাছে নিয়ে আসেন, আমি ভেবেছিলাম তিনি মিসেস...মিস শেফার্ড। আমি মিস শেফার্ডকে চিনতাম না। ভদ্রমহিলা আজ সকালে এখানে থাকতে পারেন, আমি তার মুখের দিকে তাকালে তাকে হয়ত চিনতে পারি। কিন্তু, বলা হয়েছিল তিনি মিসেস শেফার্ড। আর যদি এটি এমনি করা হয়ে থাকে,

তাই যদি হয়...যদি আমি জানতাম যে মিসেস বেল সেই অবস্থায় ছিলেন, আমি সম্ভবত সেখানে চলে যেতাম আর তখনই তার জন্য মধ্যস্থতাকারী হতাম। আর তারপর, দেখুন, যে, ঈশ্বর সম্ভবত চাননি যেন আমরা তা করি। তাই, "আমরা জানি, যাহারা ঈশ্বরকে প্রেম করে, তাহাদের পক্ষে সকলই মঙ্গলার্থে একসঙ্গে কার্য্য করিতেছে।"

9 আর আমি নিশ্চিত যে বোন বেল আমাদের প্রভুকে ভালোবাসতেন। তিনি একজন ভালো মহিলা ছিলেন। এখন, তিনি আমাদের একজন। এখানে, আমাদের কোন রঙের রেখা নেই। ঈশ্বরের পরিবার রঙের রেখা আঁকে না। আমরা লাল, বাদামী, কালো বা হলুদ যাই হোক না কেন, সাদা তা কোন ব্যাপার না। যাই হোক না কেন, আমরা খ্রীষ্টে ভাই ও বোন। আর তাই আমরা—আমরা তাকে ভালবাসি। ট্যাবারনাকেলে আমরা তার অনুপস্থিতি অনুভব করব। বোন বেলের, আমি তার অনুপস্থিতি অনুভব করব, সেখানে কোণে, সেই দুর্দান্ত, বড়, মোটা "আমেনগুলো"। আর বাড়িতে তার সঙ্গে কথা বলার সময়, তিনি প্রভু যীশুর বিষয়ে কথা বলতেন।

10 আর যদি আমি এটি সঠিকভাবে বুঝতে পারি তবে কয়েক মুহূর্ত আগে পর্যন্ত এটি কখনই জানতাম না, কিন্তু আমি মনে করি তার অন্ত্যেষ্টিক্রিয়া এখানে গির্জায় অনুষ্ঠিত হবে। [ভাই নেভিল বললেন, "সেটা ঠিক।"—সম্পাদকীয়।] আগামী মঙ্গলবার ["এক ঘটিকায়।"] এক ঘটিকায়। আর আমি মনে করি এই অন্ত্যেষ্টিক্রিয়া সভায় আপনি আর আমি দায়িত্ব পালন করব ["সেটা ঠিক।"]।

11 কিন্তু, মণ্ডলীতে, আমরা আজ সকালে একজন দুর্বল, আমাদের বোন বেলের সম্মানে, আসুন আমরা মাথা নত করার সাথে সাথে আমাদের পায়ে উঠে দাঁড়াই।

12 জীবনের ঈশ্বর, যিনি জীবন দান করেন আর নিয়ে নেন, যেমন পুরাতন সময়ে ইয়োব বলেছিলেন, "সদাপ্রভু দিয়াছিলেন, সদাপ্রভুই লইয়াছেন; সদাপ্রভুর নাম ধন্য হউক।" কিছু বছর আগে, আপনি আমাদের মাঝে বোন বেলকে পাঠিয়েছিলেন, ঈশ্বরের মহান কমনওয়েলথ থেকে, আমাদের সাথে একজন সহ নাগরিক হতে। আর আমরা আপনাকে প্রতিটি অনুপ্রেরণার জন্য ধন্যবাদ জানাই যে তিনি আমাদের আগে ছিলেন, তিনি গান গাইতে এবং সাক্ষ্য দিতে কত ভালোবাসতেন, তিনি আত্মায় পূর্ণ হয়ে চিৎকার করতেন। আর তিনি যীশু খ্রীষ্টের সুসমাচার নিয়ে লজ্জিত ছিলেন না, কারণ, তার কাছে, এটি ছিল পরিত্রাণের জন্য ঈশ্বরের শক্তি। তার বছরের সংখ্যা পূর্ণ হতে দেখে, আর সময় এসে গেছে যখন আমাদের সবাইকে

উত্তর দিতে হবে। আর আপনি তাকে আমাদের কাছ থেকে নিয়ে নিয়েছেন, আজ সকালে, আপনার উপস্থিতিতে। কারণ, এটি সত্যি যে, আমরা যখন এখান থেকে চলে যাই, তখন আমরা ঈশ্বরের উপস্থিতিতে থাকি।

13 হে ঈশ্বর, আমরা সকল বিষয়ের জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমরা প্রার্থনা করি যেন আপনি তার স্বামী, আমার বন্ধু, জেমসকে আশীর্বাদ করেন; তার ছেলে, তার মেয়েরা, সকলকেই। আমরা জানি যে তার ছেলে জার্মানি থেকে আসছেন, সশস্ত্র বাহিনী থেকে, বাড়িতে আসার জন্য, পৃথিবীতে, তার বিদেহী মাকে, তার শেষ শ্রদ্ধা জানানোর জন্য। আজ সকালে সেই যুবকের হৃদয় কেমন যেন কেঁপে উঠছে। আমি তার জন্য প্রার্থনা করি, প্রভু। ঈশ্বর তাকে আশীর্বাদযুক্ত করুন। জিমিকে আশীর্বাদ করুন, তিনি কেমন...তার পরিবারের জন্য জীবিকা নির্বাহের জন্য তাকে সেখানে কাজ করতে এবং ক্লান্তিকর ঘন্টাগুলি দেখে। আমি প্রার্থনা করি যেন মহান পরিবারটি বিচ্ছিন্ন না হয়, কিন্তু পরিবারের চাকা অপর পার্শে সেই ভূমিতে অবিচ্ছিন্ন থাকবে।

14 প্রভু, আমরা যেন, এখন বর্ম আর বেষ্টনীকে আরও শক্ত করে নিই, আর এখন যুদ্ধে বেরিয়ে যাই, এক সপ্তাহ আগে আমাদের যতজন ছিল তার থেকে একজন কম লোক নিয়ে। আমরা প্রার্থনা করি যেন আপনি আমাদের টিকিয়ে রাখেন এবং আমাদেরকে শক্তিশালী করেন, আর আমাদের এগিয়ে যেতে সাহায্য করেন, আর কোন দিন আমরা সবাই যেন পুনরায় অন্য প্রান্তে একত্রিত হতে পারি। কারণ আমরা যীশুর নামে এই প্রার্থনা করি। আমেন।

15 এখন আমাদের বিদেহী বোনের আত্মা শান্তিতে থাকুক। আমি বলতে চাই যে তার—তার অন্ত্যেষ্টিক্রিয়া এখানে রবিবার বা মঙ্গলবার প্রচার করা হবে, আর আমরা...যারা আসতে চান তাদের সকলকেই স্বাগত জানাই। আমি অনুমান করি ভাই নেভিল এখানে ব্যবস্থা করছেন, আপনি সেগুলো করছেন। এখন, আজ, আমি শুধু...

16 দেখুন, সেখানে খুব বেশি নেই। যদি কোথাও থেকে একটি আসন ভাই ও বোন স্লোটারের জন্য নিয়ে আসা যায়। আমি আপনার ফোন পেয়েছি, বোন স্লোটার, আর আপনার জন্য প্রার্থনা করতে গিয়েছিলাম...অন্য বোন স্লোটারের জন্য, সেই খরগোশের জ্বর, টুলারেমিয়া সহ বোন জিন স্লোটারের জন্য। নিশ্চিত তিনি খারাপ অবস্থায় রয়েছেন, কিন্তু আমরা ঈশ্বরের উপর ভরসা করছি যে তিনি ঠিক হয়ে যাবেন।

17 এখন আমরা কিছু বাক্য পাঠ করতে চাই। আর আমি আজ সকালে শেখাতে চাই, আমার সময় নিয়ে, কারণ অ্যারিজোনা থেকে ফিরে আসার পর, আমার গলা ঠিক নেই।

18 আর এখন, পরের রবিবার, ভুলে যাবেন না, আমি মনে করি বিলি ইতিমধ্যেই বিজ্ঞাপনটি—বিজ্ঞাপনটি মেইল করেছেন। এটি বেশ দীর্ঘ সভা হবে, আমরা বিশ্বাস করি, তাই যত তাড়াতাড়ি সম্ভব আসুন। আমরা শুরু করতে চাই, ঠিক সাড়ে নয়টা বা দশটার সময়। হতে পারে, মনে রাখবেন, প্রায় একটা বা এক-...হতে পারে, সারে বারোটা, একটা, এরকম কিছু, তিন চার ঘন্টা, অথবা তার বেশি, আমি শাস্ত্র নিয়ে কথা বলতে চাই। আপনার পেন্সিল এবং কাগজ নিয়ে আসবেন, আর এটি সেখানে লিখে ফেলুন। যদি কোন প্রশ্ন থাকে, আপনি সেটি জিজ্ঞাসা—জিজ্ঞাসা করুন, আপনারা বুঝতে পেরেছেন, সম্ভবত আমরা এটি ব্যাখ্যা করতে পারব, যথাসম্ভব আমরা আপনাকে সাহায্য করার চেষ্টা করব।

19 এখন আসুন প্রথমে কিছু বাক্য পাঠ করি। আমার কাছে বাইবেলের তিনটি অংশ আছে, যেটি আমি পাঠ করতে চাই। তাদের মধ্যে প্রথমটি, আপনারা যদি এটি চিহ্নিত করতে চান, আর যদি আপনাদের কাছে একটি পেন্সিল থাকে, আমি আজ সকালে উল্লেখ করতে চাই, আমি চাই যে বেশ কিছু পাঠ্য...অথবা বেশ কিছু বাক্য, বরং, আমি উল্লেখ করতে চাই। প্রথমটি প্রথম পিতর ৫:৮-১০, ইফিষীয় ৬:১০-১৭, এবং দানিয়েল ১২:১-১৪। এখন, পাঠ করার জন্য আমাদের সময় নিয়ে।

20 সবাই কার্যত বসে আছেন। পিছন আর পাশে কয়েকজন দাঁড়িয়ে আছেন। তবে আমরা যত তাড়াতাড়ি সম্ভব এটি নেওয়ার চেষ্টা করব আর আপনাদের ছেড়ে দিব, তারপরে আমরা অসুস্থদের জন্য প্রার্থনা করতে যাচ্ছি।

21 আজ সকালে এখানে একজন ভদ্রমহিলা শুয়ে আছেন, যিনি খুবই অসুস্থ। আমি জানি তিনি গতকাল খুব অসুস্থ ছিলেন। আর আমি—আমি চেয়েছিলাম আজ সকালে, তার জন্য প্রার্থনা করার আগে, যেন তিনি প্রথমে শুনতে পান। আর আমি সেই মহিলার অবস্থা জানি। তিনি খুবই অসুস্থ, কিন্তু আমাদের একজন স্বর্গীয় পিতা আছেন যিনি সমস্ত অসুস্থতাকে জয় করেছেন। আর আমি একটু—একটু পেয়েছিলাম...

22 আমি মিসেস উডসকে জিজ্ঞাসা করেছিলাম তিনি এটি পড়বেন কিনা, কিন্তু তিনি—তিনি একটু অনিচ্ছুক ছিলেন এটি—এটি করার

জন্য। একটি নিবন্ধ, যেখানে একজন মেডিকেল ডাক্তার অবাক হয়ে গিয়েছিলেন। যখন, তিনি ঐশ্বরিক আরোগ্যকরণের সমালোচক ছিলেন, এমনকি কাউকে তার অফিসে এই সম্পর্কে কথা বলতেও দিতেন না; আর তার নার্সও। তাই, ঘটনাক্রমে, একটি বড় ক্যান্সার রোগী তার কাছে আসে। তিনি এটি নিয়ে কিছুই করতে চান নি, তাই তিনি তাকে অন্য ক্লিনিকে পাঠিয়ে দেন। তারা সেখানে তার সাথে কিছুই করতে চান নি, তাই তারা তাকে ফেরত পাঠিয়ে দেন। তাই তারা...ওহ, এটি বক্ষের উপর ছিল, আর এটি একটি ভয়ানক অবস্থায় ছিল। সমস্ত চামড়া এটি খেয়ে ফেলেছিল। আর ক্যান্সারটি, এটি বক্ষের ভিতরে চলে যায়, পাঁজরের মধ্যে। অনুমান করি আমি যা বলতে চাচ্ছি আপনারা বুঝতে পেরেছেন।

23 তারা নরওয়ে থেকে আমাদের ডাক্তার বন্ধুকে নিয়ে এসেছেন, আজ সকালে তিনি আমাদের সাথে বসে আছেন।

24 আর তিনি তার সকল উপকরন একত্রিত করেন, কারণ তিনি চেয়েছিলেন যেন—যেন তিনি অপারেশন করে তার বক্ষ অপসারণ করেন। আর এটি একটি রক্তাক্ত কাজ ছিল। আর—আর তিনি তার সমস্ত প্যাক, সবকিছু নিয়ে আসেন। নার্স, ভদ্রমহিলাকে তৈরী করে অপারেটিং রুমে নিয়ে আসেন, তারপর তিনি যন্ত্র আনতে চলে যান...যেটি ডাক্তার এবং তার সহকারী ব্যবহার করবে, বক্ষ স্থানান্তর করার জন্য। তাই তারা তার শরীরে গামছা ইত্যাদি বিছিয়ে দেয়। আর তারা শুরু...

25 যখন তিনি শুরু করবেন, তখন তার স্বামী জানতে চাইলেন তিনি ঘরের শেষ অংশে প্রার্থনা করতে পারেন কিনা। তিনি একজন হোলিনেস প্রচারক ছিলেন। আর তিনি সেখানে বিছানার পাশে বসে প্রার্থনা করতে লাগলেন। অবশ্যই, তার উপস্থিতিতে ডাক্তার খুব বেশি সন্তুষ্ট ছিলেন না, আপনারা জানেন। কিন্তু যদি তিনি না তাকান, এটি তাকে আঘাত করবে না, কেন, "আমার ধারণা সব ঠিক ছিল; অজ্ঞান হয়ে যাবে না—না।"

26 তাই প্রার্থনা করার সময়, এমন সময় সেই ঘরে একটি বাতাস চলে আসে। আর বক্ষ অপসারণ শুরু করতে, ডাক্তার তার...তার যন্ত্র নিয়ে। তিনি পট্টির পর পট্টি সরাতে থাকেন। বক্ষতে কোন দাগ ছিল না; এমনকি একটি দাগও না। তিনি বললেন, "এটা কি—এটা কি...এটা কি স্থান পরিবর্তন করেছে?" আর তিনি...নার্স তার সাক্ষ্য দিয়েছেন। তারা উভয়ই বেরিয়ে এসে পেন্টিকোস্টাল হয়ে যান, পবিত্র আত্মায় পূর্ণ হয়ে, প্রভুর সেবা করেন। একটি দাগও ছিল না!

27 ডাক্তার হলব্রুক নিজেই সাক্ষ্য দিয়েছেন, বলেছেন, "সেখানে এক মিনিট আগে, মহিলাটি—মহিলাটি সেখানে শুয়ে ছিলেন, আর নার্স, সেই বড় ক্যান্সারটি তার বক্ষের বাইরে চলে এসেছিল। আর এক মিনিট পরে, যেখানে এটি ছিল সেখানে একটি দাগও ছিল না।" তিনি, আমেরিকায়, আমাদের একজন ভালো মেডিকেল ডাক্তার। তিনি বলেছিলেন যে তিনি তখনই আশ্বস্ত হয়েছিলেন। আর তিনি, তবুও, তিনি একটি গির্জার একজন ডিকন ছিলেন। দেখুন ?

28 দেখুন, লোকেরা মনে করে গির্জা এমন কিছু যেখানে আপনি যান, আর এটি, "ওহ, আপনি সেখানে শিখতে যান কিভাবে ভালো হতে হয়, বা এরকম কিছু।" এটা তা নয়, বন্ধুরা। না। ঈশ্বর হলেন ঈশ্বর। তিনি যেমন ছিলেন, আজও তেমনই মহান আছেন। আর তিনি সবসময় একই থাকেন। আর তিনি...আমরা শুধু তাকে ভালোবাসি।

29 এখন, আমরা এখন প্রথম পিতর থেকে পাঠ করতে চাই, ৫ম অধ্যায়, ৮ম এবং ১০ম পদ, শুরু করার জন্য।

*তোমরা প্রবুদ্ধ হও,...জাগিয়া থাক; তোমাদের বিপক্ষ দিয়াবল,...গর্জ্জনকারী সিংহের ন্যায়, কাহাকে গ্রাস করিবে, তাহার অন্বেষণ করিয়া বেড়াইতেছে:*

*তোমরা...বিশ্বাসে অটল থাকিয়া তাহার প্রতিরোধ কর, তোমরা জান, জগতে অবস্থিত তোমাদের ভ্রাতৃবর্গেও সেই প্রকার নানা দুঃখভোগ সম্পন্ন হইতেছে।*

*আর সমস্ত অনুগ্রহের ঈশ্বর, যিনি তোমাদিগকে খ্রীষ্টে আপনার অনন্ত প্রতাপ প্রদানার্থে আহ্বান করিয়াছেন, তিনি আপনি তোমাদের ক্ষণিক দুঃখভোগের পর তোমাদিগকে পরিপক্ব, সুস্থির, সবল, বদ্ধমূল করিবেন।*

30 ঈশ্বরের প্রশংসা হউক! এখন ইফিষীয় পুস্তকে। আমরা এখানে ইফিষীয় পুস্তকে দিকে ফিরে যেতে চাই, ৬ অধ্যায়, আর ১০ পদ থেকে শুরু করে ১৭ পদ পর্যন্ত পাঠ করতে চাই, আমি চিহ্নিত করেছি।

*শেষ কথা এই, তোমরা প্রভুতে ও তাঁহার শক্তির পরাক্রমে বলবান্ হও।*

*ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান কর, যেন দিয়াবলের নানাবিধ চাতুরীর সম্মুখে দাঁড়াইতে পার।*

*কেননা রক্তমাংসের সহিত নয়, কিন্তু আধিপত্য সকলের সহিত, কর্ত্তৃত্ব সকলের সহিত, এই অন্ধকারের*

*জগৎপতিদের—জগৎপতিদের সহিত, স্বর্গীয় স্থানে দুষ্টতার আত্মাগণের সহিত আমাদের মল্লযুদ্ধ হইতেছে।*

*এই জন্য তোমরা ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা গ্রহণ কর, যেন সেই কুদিনে প্রতিরোধ করিতে এবং... সকলই সম্পন্ন করিয়া দাঁড়াইয়া থাকিতে পার।*

*অতএব সত্যের কটিবন্ধনীতে বদ্ধকটি হইয়া,... ধার্ম্মিকতার বুকপাটা পরিয়া;*

*এবং শান্তির সুসমাচারের সুসজ্জতার পাদুকা চরণে দিয়া দাঁড়াইয়া থাক;*

*এই সকল ছাড়া...বিশ্বাসের ঢালও গ্রহণ কর, যাহার দ্বারা তোমরা সেই পাপাত্মার সমস্ত অগ্নিবাণ নির্ব্বাণ করিতে পারিবে।*

*এবং পরিত্রাণের শিরস্ত্রাণ ও আত্মার খড়্গ, অর্থাৎ ঈশ্বরের বাক্য গ্রহণ কর:*

31 এখন দানিয়েলের পুস্তক থেকে, আমি আরও কিছু অংশ পাঠ করতে চাই। এখন, দানিয়েল ১২ অধ্যায়। আমি ১ম থেকে শুরু করতে চাই, বেশ দীর্ঘ একটি—একটি অংশ পাঠ করতে চাই, চৌদ্দটি পদ।

*তৎকালে...যে মহান্ অধ্যক্ষ তোমার জাতির সন্তানদের পক্ষে দাঁড়াইয়া থাকেন, সেই মীখায়েল উঠিয়া দাঁড়াইবেন: আর এমন...সঙ্কটের কাল উপস্থিত হইবে, যাহা মনুষ্যজাতির স্থিতিকাল অবধি সেই সময় পর্য্যন্ত কখনও হয় নাই: কিন্তু তৎকালে তোমার স্বজাতীয় যে কাহারও নাম পুস্তকে লিখিত পাওয়া যাইবে, সে উদ্ধার পাইবে।*

*আর মৃত্তিকার ধূলিতে নিদ্রিত লোকদের মধ্যে অনেকে জাগরিত হইবে, কেহ কেহ অনন্ত জীবনের উদ্দেশে,... এবং কেহ কেহ লজ্জার ও অনন্ত ঘৃণার উদ্দেশে।*

আর যাহারা বুদ্ধিমান্, তাহারা বিতানের দীপ্তির ন্যায়; *এবং যাহারা অনেককে ধার্ম্মিকতার প্রতি* ফিরায়—*প্রতি* ফিরায়, *তাহারা তারাগণের ন্যায় অনন্তকাল দেদীপ্যমান হইবে।*

*কিন্তু হে দানিয়েল, তুমি শেষকাল পর্য্যন্ত এই...বাক্য সকল রুদ্ধ—রুদ্ধ করিয়া রাখ, এই পুস্তক মুদ্রাঙ্কিত করিয়া*

*রাখ: অনেকে ইতস্ততঃ ধাবমান হইবে, এবং জ্ঞানের বৃদ্ধি হইবে।*

*তখন আমি দানিয়েল দৃষ্টি করিলাম, আর দেখ, অন্য দুইজন দাঁড়াইয়া আছেন, ...এক ব্যক্তি নদীতীরে এপারে, এবং অন্য...ব্যক্তি নদীতীরে ওপারে।*

*আর এক ব্যক্তি সেই মসীনা-বস্ত্র-পরিহিত ব্যক্তিকে, যিনি জলের ঊর্দ্ধে ছিলেন, তাঁহাকে কহিলেন, এই... আশ্চর্য্য আশ্চর্য্য বিষয়ের শেষ কত কালে হইবে ?*

*পরে আমি শুনিতে পাইলাম, সেই মসীনা-বস্ত্র-পরিহিত ও নদীর জলের ঊর্দ্ধে স্থিত ব্যক্তি, যখন তিনি আপন দক্ষিণ ও বাম হস্ত স্বর্গের দিকে তুলিয়া, নিত্যজীবী ঈশ্বরের নামে শপথ করিয়া কহিলেন, ইহা এক কাল, কাল ও অর্দ্ধ কালে হইবে; এবং পবিত্র জাতির বাহুভঙ্গ সম্পূর্ণ হইলে,...এই সকল সিদ্ধ হইবে।*

32 আমি বিশ্বাস করি আমি সেখানেই থামব। আমি একটি পাঠ্য নিতে চাই, যদি এটিকে সেখান থেকে একটি পাঠ্য বলা হয়, সেখান থেকে, এই উপসংহারটি নিয়ে আসার জন্য: *সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ*। এটিই আমি একটি পাঠ্যের জন্য ব্যবহার করতে চাই।

33 এখন, আমি কিভাবে আজ সকালের জন্য এই পাঠ্য পেয়েছি: আমরা এইমাত্র ফিরে এসেছি; এখানে চার্চের কয়েকজন ট্রাস্টি, আর আমি, অ্যারিজোনায় ছিলাম। আর আমরা বেরিয়েছিলাম, সত্যিই, ফিনিক্সে একটি সভা করার জন্য, ভাই শারিটের সাথে, তার ট্যাবারনাকেলে। কিন্তু যখন জানতে পারলাম যে একজন—একজন ভাই শহরে আছেন, তাঁবু খাটিয়ে সভা করছিলেন, ঠিক আছে, তখন আমি একটি সভা করার ব্যাপারে একটু অনিচ্ছা বোধ করলাম। আমি ভেবেছিলাম হয়তো আমি এটা রবিবার বিকেলে করব, যাতে তাদের গীর্জায় কেউ বিরক্ত না হয়। কিন্তু, খুঁজে পেলাম, যে তিনি রবিবার দুপুরের সভাও করছিলেন। আর আমি একটি সভা করার জন্য একটু—একটু চিন্তিত ছিলাম।

34 আর তাই আমরা ভাইয়েরা, সারাদিন না গিয়ে, যেহেতু আমরা শিকারে বেরিয়েছিলাম, আমরা শহরে চলে যাই, গিয়ে প্রস্তুত হই, আর ভাই অ্যালেনের সভায় চলে যাই। ভাই এ.এ. অ্যালেন সভা করছিলেন। তাই আমরা সভায় চলে যাই এবং ভাই অ্যালেন একটি শক্তিশালী বার্তা প্রচার করেছিলেন। আমাদের একটি—একটি সময় ছিল, একটি ভাল সময়, ভাই অ্যালেনের কথা শোনা,

গায়ক—গায়কদের শোনা, এবং আরও অনেক কিছু, তারা কীভাবে গান গেয়েছিল এবং চিৎকার করেছিল এবং তাদের একটি দুর্দান্ত সভা ছিল।

35 আর তারপর আমরা রাস্তা ধরে প্রভুর হাত দেখতে পেলাম। আমরা যেখানেই যেতাম, প্রভু যীশু আমাদের সাথে দেখা করতেন। আর মরুভূমিতে স্বয়ং বাইরে যাওয়ার একটি অনুভূতি আছে। এই সম্পর্কে কিছু আছে, যে আপনি যদি কখনও একা থাকেন তবে এমন কিছু আছে যা আপনাকে আকর্ষণ করে। এটা, আমি অনুমান করি, আমার সেই বাইরের জায়গাগুলো পছন্দ করার একটা কারণ। শত্রুর শক্তির হাত থেকে আপনি দূরে সরে যান, আমাদের এখানে যতটুকু আছে।

36 একটি শয়তান প্রায় নিরীহ যদি তার মধ্যে কাজ করার মতো কিছু না থাকে। সে...আপনাদের মনে আছে সেই শয়তানগুলো যেগুলোকে বাহিনী থেকে বের করে দেওয়া হয়েছিল? তারা... তারা আরও দুষ্টুতা করতে চায়, তাই তারা শূকরপালের মধ্যে যেতে চেয়েছিল। সুতরাং, শয়তানদের অবশ্যই কাজ করার জন্য কিছু দরকার, করো মধ্যে দিয়ে কাজ করার জন্য।

37 আর ঈশ্বরও তাই করেন। তাঁর আমাদের দরকার। তিনি আমাদের উপর নির্ভর করছেন, আমাদের মাধ্যমে কাজ করার জন্য।

38 আর আমরা যখন ভ্রমণে ছিলাম তখন অনেকেই স্বপ্ন নিয়ে এসেছিলেন। আর প্রভু যীশু কখনই ব্যর্থ হননি কিন্তু সঠিকভাবে ব্যাখ্যা দেন, এবং ঠিক সেইভাবেই হয়ে থাকে।

39 তারপর তিনি আমাদের জন্য সহায়ক ছিলেন, আমাদের খেলার দিকে নিয়ে যেতে এবং আমাদের জানান যে এটি কোথায় ছিল। আর, আপনারা জানেন, ঠিক এরকম কাছাকাছি থাকা, এটি দুর্দান্ত বিষয়। সেখানে অবস্থান করে, রাতে, আগুন জ্বালিয়ে, মাইলের পর মাইল সবার থেকে দূরে, পাথরের চারপাশে আগুনের—আগুনের ঝিকমিক করা দেখা। আর, ওহ, এটি অসাধারণ ছিল!

40 সেখানে এক ভাই, যিনি তার স্ত্রী কে নিয়ে সমস্যায় ছিলেন... কয়েক বছর আগে, তিনি একটি সভায় তার মাথা তুলেছিলেন, যেখানে আমি সভা করছিলাম। আমি তাদের মাথা নিচু রাখতে বলেছিলাম; একটি মন্দ আত্মা ছিল সে প্ল্যাটফর্মে একজন—একজন মহিলাকে ছেড়ে যাবে না। আর সেই ভদ্রমহিলা, অশ্রদ্ধায়, যেভাবেই হোক মাথা উপরে করেন। আর সেই আত্মা সেই মহিলাটিকে প্ল্যাটফর্মে ছেড়ে তার কাছে চলে যায়। প্রায় চৌদ্দ

বছর ধরে ভদ্রমহিলা গুরুতর অবস্থায় রয়েছেন; এতটা, এমনকি মানসিকভাবে, সে এমন কিছু করতে শুরু করে যা ঠিক নয়। উদাহরণস্বরূপ, তার নিজের স্বামীকে ছেড়ে, গিয়ে অন্য পুরুষকে বিয়ে করে যখন সে তার স্বামীর সঙ্গে ছিল; দাবি করেন যে তিনি জানেন না যে তিনি এটি করেছেন। আর তাই তারা—তারা এটির জন্য তাকে পরীক্ষা করার চেষ্টা করেছিল...এটাকে আপনারা কি বলেন, যখন আপনি...অ্যামনেসিয়া? এটা...আমার, সেই নামটি কি। ডাক্তার, আমি মনে করি এটা ঠিক। কিন্তু এটা তা নয়। এটি একটি আত্মা। আর সে...আর সেই ভদ্রমহিলা আমার একজন ভালো বান্ধবী ছিলেন। কিন্তু সেই রাত থেকে, সে ইচ্ছাকৃতভাবে আমাকে ঘৃণা করে। অবশ্যই, কেন এটি হয়েছিল আপনারা তা দেখতে পারেন।

41 কিন্তু যখন তার স্বামী আসেন, আর আমরা প্রার্থনা করার জন্য রুমে হাঁটু গেড়েছিলাম, তখন পবিত্র আত্মা নেমে আসেন। এটাই ছিল। তারপর তিনি রাতে স্বপ্নে তার স্বামীকে দেখা দিলেন। তিনি স্বপ্ন নিয়ে আসেন, সে ভাবলো এটি একটি কৌতুক ছিল। খুঁজে পান যে, এটি ছিল তার স্ত্রীর সুস্থতার উত্তর। পবিত্র আত্মা কিভাবে কাজ করেছেন!

42 ভাই নরম্যান এবং তাদের সাথে টুকসনে, সেখানে প্রভু মহান, শক্তিশালী এবং বিভিন্ন বিষয় প্রকাশের মাধ্যমে পুনরায় কাজ শুরু করেন।

43 এক রাতে, যা আমাকে এখানে এই উপসংহারে আকৃষ্ট করেছিল, আমি ভাই উড এবং ভাই সোথম্যানের সাথে দাঁড়িয়েছিলাম। আর আমরা...রাত প্রায় দশটার সময়, আমি আকাশের দিকে তাকাচ্ছিলাম, আর আমার উপর একটি বিরাট বিস্ময় এসে গেল। আমি বললাম, "দেখ! সেই সকল মহান, স্বর্গীয় নিমন্ত্রণকর্তা!" আমি বললাম, "সবকিছুই পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ।"

44 আর ভাই উড বললেন, "দুটি ছোট নক্ষত্রকে একসঙ্গে এত কাছাকাছি দেখে, এটি একটি আলোর মতো দেখায়।"

45 আমি বললাম, "কিন্তু, আপনি জানেন, ভাই উড, বিজ্ঞান অনুসারে, সেই গভীরে, একটু গভীরে, বেশী গভীরে, এই তারাগুলো প্রায় দুই ইঞ্চি দূরত্বে বলে মনে হয় না; কিন্তু তারা একে অপরে অনেক দূরে অবস্থিত, এমনকি আমাদের থেকেও অনেক দূরে। আর যদি তারা এই পৃথিবীতে আসতে শুরু করে, তবে এটি হাজার হাজার মাইল প্রতি ঘন্টায় লাগবে, তাদের পৃথিবীতে

পৌঁছাতে শত শত বছর লাগবে।” আর আমি বললাম, “এই সকল বিশাল ব্যবস্থার মধ্যে এখানে, তবুও তারা আমাদের বলে যে তারা কাচের মধ্য দিয়ে দেখে, সেখানে কি আমরা একশ কুড়ি মিলিয়ন আলোকবর্ষ সময় দেখতে পারি; আর সেখানেও চাঁদ তারা রয়েছে। আর—আর, তবুও, ঈশ্বর তাদের প্রত্যেককে সৃষ্টি করেছেন। আর তিনি তাদের মাঝে অবস্থান করেন।”

46 আর আমি বললাম, “সেখানে কোথাও, আমি আমাকে নির্দেশ করেছিলাম, একবার একটি মানমন্দিরে, রাশিচক্রে; কন্যা থেকে শুরু করে, কর্কট যুগের মধ্য দিয়ে এবং শেষ অবধি সেটি সিংহ ছিল, লিও সিংহ। খ্রীষ্টের প্রথম আগমন, কুমারী দ্বারা; দ্বিতীয় আগমন, যিহূদাবংশীয় সিংহ দ্বারা।” আর আমি বললাম, “আমি সেই রাশিচক্রটি দেখার জন্য যথাসাধ্য চেষ্টা করেছি, কিন্তু আমি এটি দেখতে পাই নি। কিন্তু, তবুও, এটি সেখানে আছে। যারা প্রশিক্ষিত, তারা জানেন এটি সেখানে আছে। ইয়োব এটা দেখেছিলেন। লোকেরা এটা দেখতেন। একসময়ে, এটি একটি বাইবেল ছিল। কিন্তু সেই কোটি কোটি আলোকবর্ষ—আলোকবর্ষ ধরে, ঈশ্বর এই সব কিছুর মাঝে বসে ছিলেন, আর তিনি নিচের দিকে তাকিয়ে ছিলেন। পৌল সেখানে ছিল। আমার মা সেখানে ছিল, কোথাও, নিচের দিকে তাকিয়ে।”

47 আর আমি সেই স্বর্গীয় নিমন্ত্রণকর্তার আদেশের কথা ভেবেছিলাম, তাদের একটিও স্থানের বাইরে ছিল না। প্রত্যেকে তার সময় অনুসারে চলে, নিখুঁতভাবে। ঈশ্বরের মহান সেনাবাহিনী ! আমি সৈন্যদের কথা ভেবেছিলাম; কি হবে যদি সেই চাঁদ নিয়মের বাইরে চলে যায়, মাত্র কয়েক মিনিটের মধ্যে পৃথিবী আবার জলে ঢেকে যাবে। পৃথিবী ঠিক সেইরকম হয়ে যাবে যখন ঈশ্বর এটি ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছিলেন, আমাদের এখানে থাকার জন্য। “এটি ছিল আকার হীন, শূন্য ও অন্ধকার ছিল, এবং পৃথিবী জলে নিমজ্জিত ছিল।” আর যদি সেই চাঁদ কখনও সরে যায়, তবে এটি আবার একই একই হয়ে যাবে। চাঁদ পৃথিবী থেকে একটু দূরে সরে গেলে জোয়ার আসে। যখন এটি অস্ত যায়, আর জোয়ার অনুসরণ করে। এগুলো ঈশ্বরের মহান সেনাবাহিনী। আর যখন আমি এই বিষয়ে চিন্তা...যে সেখানে ঈশ্বরের মহান সেনাবাহিনী...

48 এখন, আমরা বিছানায় চলে যাই। তারপরে আমি ভাবতে শুরু করি যে তাদের মধ্যে কেউ তাদের স্থান থেকে সরে না। তারা সকলে নিজ স্থানে থাকে। আর যদি তাদের মধ্যে একটি চলমান হয়, কোথাও, এটি একটি কারণের জন্য, আর এই পৃথিবীকে প্রভাবিত

করে। আমরা এখন এর ফলাফল দেখতে পাই, তাদের মধ্যে কিছু তাদের অন্য জায়গায় চলে যাচ্ছে। এটি কার্যকর। এটি সবকিছুকে প্রভাবিত করে।

49 আর তারপর আমি ভাবলাম, যদি সেই মহান স্বর্গীয় নিয়ন্ত্রণকর্তাকে, তাকে তার স্থানে ধরে রাখতে হয়, সবকিছু সঠিক শৃঙ্খলার মধ্যে পরিচালনা করার জন্য, পার্থিব নিয়ন্ত্রণকর্তার বিশৃঙ্খলার বিষয়ে কি? কীভাবে, একজন যখন শৃঙ্খলার বাইরে চলে যায়, কীভাবে এটি পুরো জিনিসটিকে বাইরে ফেলে দেয়! একজন সদস্য শৃঙ্খলাহীন হয়ে পড়লে ঈশ্বরের পুরো কর্মসূচী বিপর্যস্ত হয়ে যায়। আমাদের সর্বদা আত্মার আদেশ বজায় রাখার জন্য প্রচেষ্টা করা উচিত।

50 আর আমি, আজ সকালে, ঈশ্বরের কাছে চাই, যেন আমরা এটিকে একটি সত্যিকারের আরোগ্যদানের সভায় নিয়ে আসব, আমরা এই ভাগটি...যে দলটি আমরা আজ সকালে ছাদের নীচে একত্রিত হয়েছি, এমন একটি সম্প্রীতির মধ্যে, যেন পবিত্র আত্মা শরীরের প্রতিটি সদস্যকে স্থাপন করতে পারেন, এটি আজ সকালে এখানে, এমন একটি সম্প্রীতির মধ্যে, যতক্ষণ না আত্মা এবং দেহের এমন একটি স্বতঃস্ফূর্ত আরোগ্যকরণ চলে আসে, যদি আমরা আমাদের অবস্থান ধরে রাখি।

51 এখন, যেমন আমি শুরুতে বলেছি, এই মহিলার ক্যান্সার ছিল যাকে ডাক্তার হলব্রুক গ্রহণ করেন...শুরু করতে যাচ্ছিলেন। এখন, যে ঈশ্বর সেই ক্লিনিকে বাতাসের আওয়াজ নিয়ে আসেন, এবং একটি দাগ না রেখেও সেই ক্যান্সারটি সরিয়ে নেন, আপনারা কি জানেন না যে সেই একই ঈশ্বর এখানে আছেন? আর একমাত্র জিনিস যার জন্য তিনি অপেক্ষা করছেন, তা হল তার—তার বাহিনী আপন স্থানে আসার জন্য, নক্ষত্ররা যেমন নিজ অবস্থানে থাকে।

52 এখন, আপনারা কি জানেন, আমরা যুদ্ধের পর যুদ্ধ, এবং যুদ্ধের গুজব পেয়েছি? আর যদি পৃথিবী থাকে তবে আমরা আরও অনেক যুদ্ধ পাব। কিন্তু আপনি কি উপলব্ধি করেন যে সমস্ত মহাবিশ্বে সত্যিই দুটি শক্তি রয়েছে? জাতিগুলির মধ্যে পার্থক্য আর একে অপরের মধ্যে পার্থক্য এবং সবকিছুর মধ্যে, এটি দুটি শক্তির মধ্যে একত্রিত হয়। সেখানে মাত্র দুটি শক্তি আছে, আর দুটি মাত্র রাজ্য আছে; দুটি শক্তি, এবং দুটি রাজ্য। বাকি সবকিছু, ছোট ছোট বিষয়গুলি, এদের যে কোন একটি শক্তির সাথে সংযুক্ত। আর সেই শক্তিগুলি হল ঈশ্বরের শক্তি এবং শয়তানের শক্তি। সেটি কি...

প্রতিটি যুদ্ধ, প্রতিটি ব্যাধি, যা কিছু আসে, এটি হয় ঈশ্বরের শক্তি অথবা শয়তানের শক্তি দ্বারা নিয়ন্ত্রিত, কারণ সেখানে মাত্র দুটি শক্তি রয়েছে। আর তা হল জীবনের শক্তি এবং মৃত্যুর শক্তি। এখন, এটি শুধুমাত্র দুটি শক্তি।

53 আর শয়তানই কেবল...তার শক্তি, ঈশ্বরের বিকৃত শক্তি সে পেয়েছে। এটি কোনো প্রকৃত শক্তি নয়। শয়তানের যা কিছু আছে, এটি ঈশ্বরের ক্ষমতার বিকৃতি। মৃত্যু হল একটি বিকৃত জীবন মাত্র। একটি মিথ্যা হল সত্যকে ভুল করে বলা। দেখুন? ব্যভিচার হল একটি—একটি ক্রিয়ার অপব্যবহার, একটি ন্যায়নিষ্ঠ ক্রিয়ার অপব্যবহার। দেখুন? শয়তান যা কিছু পেয়েছে তা এমন কিছু যা বিকৃত, কিন্তু এটি একটি শক্তি।

54 আর আমরা, আজ, এখানে বসে, এক বা অন্য শক্তি আমাদের নিয়ন্ত্রণ করতে যাচ্ছে। তাই আসুন শয়তানকে তাড়িয়ে দিই। আসুন আকাশের তারার মতো আমাদের অবস্থান গ্রহণ করি।

55 বাইবেল যেমন বলে, "ভ্রমণকারী তারা," যিহূদা পুস্তকে, "নিজ লজ্জারূপ ফেনা উৎক্ষেপকারী।" আর আমরা ভ্রমণকারী তারা হতে চাই না; *এটা* ঠিক কিনা, যদি *সেটা* ঠিক হয়, যদি *এটা* ঘটে, যদি... এটা কিভাবে হতে পারে। ঘোরাঘুরি করবেন না। স্বর্গের তারার মতো থাকুন, নিজ দায়িত্বে একজন সত্যিকারের সৈনিক হিসাবে। সেখানে দাঁড়িয়ে থাকুন, বিশ্বাসের মাধ্যমে! জীবন এবং মৃত্যু।

56 এখন, এক সেনাবাহিনী, যখন সত্যিই এক সেনাবাহিনী, এক জাতি যখন অন্য জাতির বিরুদ্ধে যেতে প্রস্তুত হয়, প্রথমে নির্ধারণ করা উচিত, কোনটি সঠিক এবং কোনটি ভুল তা নির্ধারণ করা উচিত, আর তারা পরবর্তী জাতির বিরুদ্ধে যেতে পারবে কি না। যীশু তা শিখিয়েছেন। আর যদি লোকেরা তা করে, যদি জাতিগুলি বসে—বসে, এই বিষয়গুলি চিন্তা করে, উভয় পক্ষ, আমাদের আর যুদ্ধ হবে না।

57 এখন, আমরা খুঁজে পেয়েছি, যদি একজন মানুষ তা না করে, যদি রাষ্ট্রের সামরিক প্রধানরা প্রথমে না বসে, এবং চিত্রিত করে দেখে যে তারা সঠিক কিনা, এবং তাদের লক্ষ্য এবং উদ্দেশ্য সঠিক কিনা, আর তাদের কাছে অপর সেনাবাহিনীকে পরাস্ত করার জন্য যথেষ্ট শক্তি এবং ক্ষমতা আছে কিনা, তবে তারা নিশ্চিতভাবে পরাজিত হবে।

58 সেখানেই জেনারেল কাস্টার তার মারাত্মক ভুল করেছিলেন। জেনারেল কাস্টার, আমি যেমন বুঝি, সরকারের কাছ থেকে নির্দেশ

ছিল, সিউক্সের দেশে না যাওয়ার জন্য, কারণ এটি তাদের জন্য একটি ধর্মীয় সময় ছিল। এটা ছিল আরাধনার সময়। তাদের একটি পর্ব ছিল। কিন্তু কাস্টার মাতাল হয়ে, তিনি ভেবেছিলেন যে তিনি যেভাবেই হোক এটি করবেন। আদেশ করা হোক বা না হোক, তিনি অতিক্রম করবেন। তারপরে তারা কিছু নিরপরাধ মানুষকে গুলি করে, তাদের দিকে গুলি করে। আমি মনে করি তারা তাদের আঘাত করে। তারা ছিল স্কাউট, বাইরে, খাবারের জন্য শিকার করছিল, তাদের—তাদের লোকদের খাওয়ানোর জন্য যখন তারা আরাধনায় ছিল। আর কাস্টার, অতিক্রম করে, তাদের দেখতে পান, আর ভেবেছিলেন যে তারা তাদের বিপক্ষে, তাই তারা এই স্কাউটদের গুলি করে। আর এই স্কাউটরা পালিয়ে যায়, ফিরে আসে। তারা কী করেছিলো? তারা নিজেদের সশস্ত্র করে, আর এখানে তারা চলে আসে। এটি জেনারেল কাস্টারের শেষ ছিল, কারণ তিনি প্রথমে বসে চিন্তা করেননি।

59 সেখানে তার কোনো কাজ ছিল না। তাঁর সেখানে থাকার কোনো অধিকার ছিল না। তিনি পূর্ব উপকূল থেকে আদি নিবাসীদের পশ্চিমে তাড়িয়ে দিয়েছিলেন। আর তাদের একটি চুক্তি ছিল, কিন্তু তিনি সেই চুক্তি ভঙ্গ করেন। আর যখন তিনি সেই চুক্তি ভঙ্গ করেন, তখন তিনি যুদ্ধে হেরে যান।

60 আর তাই একটি সেনাবাহিনী, প্রথমে, যুদ্ধের জন্য প্রস্তুত হওয়ার জন্য, প্রথমে কিছু সৈন্য নির্বাচন করতে হয়। তাদের যুদ্ধের জন্য পোশাক পরিধান করতে হয়। তাদের লড়াইয়ের জন্য প্রশিক্ষণ দিতে হয়।

61 আর আমি বিশ্বাস করি যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ যেটি কখনো লড়াই করা হয়েছে, তা এখন দৃশ্যে আসতে প্রস্তুত। আমি বিশ্বাস করি যে ঈশ্বর তাঁর সৈন্যদের নির্বাচন করেছেন। আমি বিশ্বাস করি তিনি তাদের পোশাক পরিধান করাচ্ছেন, প্রশিক্ষণ দিচ্ছেন। আর যুদ্ধক্ষেত্র এখন প্রস্তুত, শুরু করার জন্য প্রস্তুত হচ্ছে।

62 এই মহান, প্রথম যুদ্ধ যা কখনও লড়াই করা হয়েছিল, স্বর্গ থেকে শুরু হয়, যখন মীখায়েল এবং তার দূতরা, লুসিফার এবং তার দূতদের সঙ্গে যুদ্ধ করেছিল। এটি প্রথমে শুরু হয়েছিল, প্রথম যুদ্ধ স্বর্গে হয়েছিল। সুতরাং, পাপের উৎপত্তি পৃথিবীতে হয়নি, এর উৎপত্তি স্বর্গে।

63 এবং তারপরে তাকে স্বর্গ থেকে নিক্ষিপ্ত করা হয়েছিল, স্বর্গ থেকে পৃথিবীতে নিক্ষিপ্ত করা হয়েছিল আর মানুষের উপর পড়েছিল। তখন

সেই যুদ্ধ, দূতদের থেকে, মানুষের যুদ্ধে পরিণত হয়। আর শয়তান ঈশ্বরের সৃষ্টিকে ধ্বংস করতে চলে আসে, যা ঈশ্বর নিজের জন্য তৈরি করেছিলেন। তিনি, শয়তান, এটি ধ্বংস করতে এসেছে। এটাই ছিল তার উদ্দেশ্য, ধ্বংস করা। তারপর যুদ্ধ এখানে পৃথিবীতে শুরু হয়, আমাদের মধ্যে শুরু হয়, আর তখন থেকেই চলছে।

64 এখন, যেকোনো যুদ্ধ সুশৃঙ্খলভাবে স্থাপন করার আগে, তাদের প্রথমে একটি মিলিত হওয়ার মাঠ বা একটি স্থান যেখানে যুদ্ধ করা হবে, একটি নির্বাচিত স্থান বেছে নিতে হয়।

65 প্রথম বিশ্বযুদ্ধে, এটি এমনভাবে স্থাপন করা হয়েছিল, একটি কোন মানুষের জমি নয় এমন স্থানে তারা যেখানে যুদ্ধ করেছিল। আর তাদের একটি স্থান বেছে নিতে হবে।

66 ইস্রায়েল যখন পলেষ্টীয়দের সাথে যুদ্ধে গিয়েছিল, তখন সেখানে একটি—একটি—একটি পাহাড় ছিল, উভয় পাশে, যেখানে তারা জড়ো হয়েছিল। আর সেখানেই গলিয়াৎ বেরিয়ে এসে ইস্রায়েলের সেনাবাহিনীকে আহ্বান করে। সেখানেই, উপত্যকায়, দায়ূদের সাথে দেখা হয়েছিল, যখন তিনি দুটি পাহাড়ের মাঝখানে বয়ে চলা ছোট্ট জলস্রোতের উপর দিয়ে যান, তখন তিনি পাথরগুলো তুলে নেন।

67 সেখানে একটি স্থান নির্বাচন করা থাকতে হবে। আর এই স্থানে, একটি—একটি উভয়পক্ষের স্থান রয়েছে, কোন মানুষের জমি নয় এমন স্থান, আর তারা *এখানে* এই স্থানে লড়াই করে। তারা, একজন *এখানে*, আর একজন নিচে *এখানে*, আর একজন এখানে দৌড়ে লড়াই করে না। একটি যুদ্ধের স্থান আছে যেখানে তারা মিলিত হয় এবং তাদের ক্ষমতা পরীক্ষা করে, যেখানে প্রতিটি সেনাবাহিনী অন্য সেনাবাহিনীর বিরুদ্ধে তাদের শক্তি পরীক্ষা করে, একটি পারস্পরিক মিলনস্থল। এখন, এটি (বুঝতে) ব্যর্থ হবেন না।

68 পৃথিবীতে যখন এই মহাযুদ্ধ শুরু হয়েছিল, তখন একটি পারস্পরিক মিলনস্থল থাকতে হতো। যুদ্ধ শুরু করার জন্য এবং যুদ্ধের উগ্র রোষ প্রকাশের জন্য একটি জায়গা নির্বাচন করতে হতো। আর সেই যুদ্ধক্ষেত্র শুরু হয় মানুষের মনে। সেখানেই যুদ্ধ শুরু হয়। মানুষের মন যুদ্ধের জায়গার জন্য বেছে নেওয়া হয়েছিল, যেখান থেকে এটি শুরু হয়, কারণ সিদ্ধান্তগুলি নেওয়া হয় মন থেকে, মাথা থেকে। এখন, এগুলো কোন সংস্থা থেকে শুরু হয়নি। তারা কোন যান্ত্রিক বিষয় থেকে এটি শুরু করেনি। সেই স্থান সেখান থেকে শুরু হয়নি। অতএব, সেই সংগঠন কখনই ঈশ্বরের কাজ করতে পারে

না, কারণ যুদ্ধক্ষেত্র, যেখানে আপনি আপনার শত্রুর সাথে দেখা করবেন, সেটি মনের মধ্যে রয়েছে। আপনাকে আপনার পছন্দ করতে হবে। এটি আপনার সাথে সাক্ষাত করে।

69 আমি এই ছোট্ট মেয়েটিকে এখানে চাই, সে খুব অসুস্থ, এখন এটি শুনতে নিশ্চিত হন, একাগ্রতা সহকারে।

70 সিদ্ধান্ত নেওয়া হয় মনে, মাথায়। সেখানে শয়তান আপনার সাথে দেখা করে, আর সিদ্ধান্তগুলি, কারণ ঈশ্বর একজন মানুষকে সেইভাবে তৈরি করেছেন।

71 এখন, আমার কাছে (যদি আপনি এখানে আমার নোটটি দেখতেন) একটি ছোট্ট মানচিত্র আঁকা হয়েছে। কিছু সময় আগে আমার কাছে এখানে এটা ছিল, উপরে...বোর্ডের উপরে। মানুষ, গমের দানার মতই গঠিত। এটি একটি বীজ। আর মানুষ হলো একটি বীজ। শারীরিকভাবে, আপনি আপনার পিতা এবং মাতার বীজ; আর জীবন পিতার কাছ থেকে আসে, সজ্জা মায়ের কাছ থেকে আসে। সুতরাং, দুটি, একসঙ্গে, ডিম এবং—এবং রক্ত, একসাথে আসে। আর রক্ত কণিকায় জীবন থাকে। আর সেখানে এটি শুরু হয়, বিকশিত হয়, শিশুটিকে—শিশুটিকে তৈরি করে। এখন, যে কোনও বীজের বাইরের দিকে একটি খোসা থাকে; ভিতরে সজ্জা থাকে; এবং সজ্জার ভিতরে জীবনের জীবাণু থাকে। ঠিক আছে, আমাদের এইভাবে তৈরি করা হয়েছে। আমরা দেহ, প্রাণ এবং আত্মা। বাইরে, দেহ, খোসা; এর ভিতরে, চেতনা ইত্যাদি হল প্রাণ; আর প্রাণের ভিতরের, একটি আত্মা। আর আত্মা সকলকে নিয়ন্ত্রণ করে।

72 এখন, যদি আপনি বাড়িতে ফিরে যাওয়ার পর বসে তিনটি ছোট গোলক অঙ্কন করেন। আপনি খুঁজে পারবেন যে বাইরের দেহের পাঁচটি ইন্দ্রিয় রয়েছে যার দ্বারা এর সাথে যোগাযোগ করা হয় আর তা হল দেখা, স্বাদ, অনুভব, ঘ্রাণ, শ্রবণ। এই পাঁচটি ইন্দ্রিয় যা মানবদেহকে নিয়ন্ত্রণ করে।

73 দেহের ভিতরে একটি প্রাণ আছে, এবং সেই প্রাণ কল্পনা, বিবেক, স্মৃতি, যুক্তি এবং স্নেহ দ্বারা নিয়ন্ত্রিত হয়। এটি সেই জিনিস যা প্রাণকে নিয়ন্ত্রণ করে।

74 কিন্তু, আত্মা, এর একটি মাত্র ইন্দ্রিয় আছে। আত্মা...ওহ, এটা নেওয়া যাক। আত্মার একটি ইন্দ্রিয় আছে, এবং সেই ইন্দ্রিয়, বিশ্বাস অথবা সন্দেহ, যা এটিকে আধিপত্য করে। ঠিক তাই। এর একটি মাত্র পথ রয়েছে, তা হল স্বাধীন নৈতিক প্রতিনিধি। আপনি সন্দেহ গ্রহণ করতে পারেন বা আপনি বিশ্বাস গ্রহণ করতে পারেন, যেটি নিয়ে

আপনি কাজ করতে চান। অতএব, শয়তান প্রধান অংশ থেকে শুরু করে, মানুষের আত্মাকে ঈশ্বরের বাক্যের উপর সন্দেহ নিয়ে আসে। ঈশ্বর প্রধান অংশ থেকে শুরু করেছিলেন, সেই আত্মায় তার বাক্য স্থাপন করার মাধ্যমে। সেখানে এটা। এটাই তা করে।

75 যদি এই মণ্ডলীটি, এখনই একসাথে করা যায়, এবং এমনভাবে একত্রে বোনা হয় যে প্রত্যেক ব্যক্তি একমত হন, কোথাও কোন সন্দেহের ছায়া না থাকে, আমাদের মাঝে পাঁচ মিনিটের মধ্যে আর কোন দুর্বল ব্যক্তি থাকবে না। পবিত্র আত্মার জন্য প্রার্থনা করেন এমন কেউ এখানে থাকবেন না কিন্তু তারা তা পাবেন, যদি আপনারা সেই বিষয়টি ঠিক করতে পারেন। এখন, সেখানে যুদ্ধ শুরু হয়, আপনার মনে, আপনি ইচ্ছুক কিনা।

76 এখন মনে রাখবেন, এটি খ্রিস্টান সায়েন্স নয়, এখন, বিষয়ের উপর মন। সেটি...মন জীবনকে গ্রহণ করে, যা ঈশ্বরের বাক্য, এবং সেখানে জীবন নিয়ে আসে। শুধু আপনার চিন্তা তা করে না। কিন্তু, ঈশ্বরের বাক্য, আপনার চিন্তার ধারায় নিয়ে আসে। দেখুন? এটি চিন্তা নয়, যেমন খ্রিস্টান সায়েন্স এটি তৈরি করে, বস্তুর উপর মন। না। এটা তা নয়।

77 কিন্তু, আপনার মন এটা গ্রহণ করে। সে এটা আঁকড়ে ধরে। আপনার মন কি দ্বারা নিয়ন্ত্রিত হয়? আপনার আত্মা দ্বারা। আর আপনার আত্মা ঈশ্বরের বাক্যকে গ্রহণ করে, আর এটিই সেই জিনিস যাতে জীবন থাকে। এটি আপনার মধ্যে জীবন নিয়ে আসে। ওহ, ভাই! যখন এটি ঘটে, যখন জীবন সেই চ্যানেলে নেমে আসে, আপনার মধ্যে, ঈশ্বরের বাক্য আপনার মধ্যে প্রকাশিত হয়। "তোমরা যদি আমাতে থাক, এবং আমার বাক্য যদি তোমাদিগেতে থাকে, তবে তোমাদের যাহা ইচ্ছা হয়, যাচ্ঞা করিও, তোমাদের জন্য তাহা করা যাইবে।"

78 তাহলে সেটা কি করে? হৃদয়ের মাঝখান থেকে, যা হল প্রাণ, সেখান থেকে বেরিয়ে আসে, প্রতিটি প্রণালীকে খাওয়ায়। এর সমস্যা হল, আমরা *এখানে* অনেক সন্দেহ নিয়ে দাঁড়িয়ে আছি, বাইরে *সেখানে* যা আছে তা মেনে নেওয়ার চেষ্টা করছি। আপনাকে এটি বন্ধ করতে হবে; এবং ঈশ্বরের সত্য বাক্য নিয়ে সেই চ্যানেলে আসতে হবে, আর তারপর এটি নিজেই, স্বয়ংক্রিয়ভাবে বেরিয়ে আসে। এটি অভ্যন্তরে যা আছে। সেই জিনিসটি গণনা হয়, যা অভ্যন্তরে আছে।

শয়তানের অভ্যাগম ভিতর থেকে।

79 এখন আপনারা বলেন, "আমি চুরি করি না। আমি মদ্যপান করি না। আমি এসব কাজ করি না।" এর সাথে এর কোনো সম্পর্ক নেই।

80 দেখুন, এটি ভিতরের অবস্থা। আপনি যতই ভালো হোন না কেন, আপনি যতই নৈতিক হোন, আপনি যতই সত্যবাদী হোন না কেন, এই বিষয়গুলি সম্মানিত। কিন্তু যীশু বলেছেন, "নূতন জন্ম না হইলে কেহ।" দেখুন ? ভিতরে সেখানে কিছু একটা ঘটতে হবে। আপনি যদি তা না করেন তবে এটি কৃত্রিম পরিধান, কারণ আপনার হৃদয়ে আপনি যেভাবেই হোক এটি করতে চান। এটা কৃত্রিম হতে পারে না। এটা প্রকৃত হতে হবে।

81 আর শুধুমাত্র একটি উপায় আছে যা নিচে আসতে পারে, আর এটি স্বাধীন নৈতিক প্রতিনিধির মাধ্যমে, প্রাণের মধ্যে আসে, আপনার চিন্তাধারার মাধ্যমে। "কেননা সে অন্তরে যেমন ভাবে, নিজেও তেমনি।" "তুমি যদি এই পর্ব্বতকে বল, 'উপড়িয়া যাও,' এবং নিজ মনে সন্দেহ না কর, কিন্তু বিশ্বাস কর যে তুমি যা বলেছ তাহা ঘটবে, তবে তুমি যাহা বলিয়াছ তাহাই ঘটিবে।" আপনারা এটা বুঝতে পেরেছেন ? সেখানে এটা। দেখুন ? সেখানে যুদ্ধক্ষেত্র আছে। আপনি যদি এটি প্রথমে শুরু করেন।

82 আমরা বিষয়গুলি সম্পন্ন হতে দেখতে খুব উদ্বিগ্ন হই। আমরা ঈশ্বরের জন্য কিছু করার জন্য খুব উদ্বিগ্ন হই। এই ভদ্রমহিলা... উদ্বিগ্ন, সন্দেহ নেই, বেঁচে থাকার জন্য উদ্বিগ্ন। তিনি সুস্থ হতে চান। এখানে অন্যরা আছেন, সুস্থ হতে চান। আর যখন আমরা সেই ঘটনার কথা শুনি, ডাক্তারের মতো, মৃতদের পুনরুত্থান, মহান পরাক্রমশালী বিষয় যা আমাদের ঈশ্বর করেছেন, তখন আমরা উদ্বিগ্ন হই। আর এর বিষয় হল, আমরা এই ইন্দ্রিয়ের মাধ্যমে পৌঁছানোর চেষ্টা করি, এখানে এমন কিছুকে আঁকড়ে ধরার চেষ্টা করি, যেমন বিবেক।

83 অনেক ব্যক্তি, অনেক বার, বাক্যের ভুল ব্যাখ্যা করেন। আমি বেদীতে আহ্বান করার ফলে, এর জন্য ভুল বোঝাবুঝি হয়েছে। আমি বলেছিলাম, "আমি বেদীতে আহ্বান খুব বেশি করি না," এর মানে এই নয় যে আপনাদের বেদিতে আহ্বান করা উচিত নয়।

84 কিন্তু কেউ কাউকে হাত ধরে, বলেন, "ওহ, ভাই জন, আপনি কি জানেন ? আপনি আর আমি সব সময় প্রতিবেশী। এখানে বেদিতে আসুন, নিচে নামুন।" তিনি কি করছেন ? যদি আমার কাছে এখানে একটি ব্ল্যাকবোর্ড থাকত, আমি আপনাকে দেখাতে পারতাম তিনি কী করছেন। তিনি তার প্রাণের মাধ্যমে কাজ করার চেষ্টা

করছেন, স্নেহের দ্বারা। এটি কাজ করবে না। এটি সেই পথ নয়। অবশ্যই, এটা নয়।

85 হয়তো তিনি তার আত্মার ইন্দ্রিয়ের মাধ্যমে (কী?) স্মৃতি দ্বারা কাজ করছেন। "ওহ, ভাই জন, আপনার একজন চমৎকার মা ছিল। তিনি অনেক আগেই মারা গেছেন।" একটি স্মৃতি! দেখুন? আপনি এটা করতে পারেন না।

86 এটিকে স্বাধীন নৈতিক প্রতিনিধি হয়ে আসতে হবে। আপনি, নিজেকে, ঈশ্বরের বাক্য...আপনি এখানে আসবেন না কারণ আপনার মা একজন ভালো মহিলা ছিলেন। আপনি একজন ভাল প্রতিবেশী বলে আপনি এখানে আসেন না। আপনি এসেছেন কারণ ঈশ্বর আপনাকে আসার জন্য আহ্বান করেছেন, এবং আপনি তাঁর বাক্যের উপর ভিত্তি করে তাকে গ্রহণ করেছেন। সেই বাক্যই হল সবকিছু। সেই বাক্য! যদি আপনি সমস্ত কিছু, সমস্ত বিবেক, সকল ইন্দ্রিয় সরিয়ে ফেলেন, আর শুধু বাক্যকে আসতে দেন, সেই বাক্য ঠিক তাই নিয়ে আসবে।

87 এখানে, দেখুন এটা কি দিয়ে আচ্ছাদিত? আপনারা বলেন, "ঠিক আছে, এখন," আপনারা বলেন, "ঠিক আছে, এইগুলি, বিবেক এবং ইন্দ্রিয়, ইত্যাদি, এর সাথে কিছু করার নেই, ভাই ব্রানহাম?" অবশ্যই, এটি কিছু করে। কিন্তু আপনারা যদি বাক্যকে ভিতরে আসতে দেন এবং বিবেক দিয়ে ঢেকে দেন, তখন এটি বাড়তে পারে না; এটি একটি বিকৃত বাক্য হয়ে যাবে।

88 আপনারা কি কখনও মাটিতে রোপণ করা ভুট্টার একটি ভাল দানা দেখেছেন, আর এর উপর একটি লাঠি পড়ে থাকতে দিন? এটি আঁকাবাঁকা হয়ে উঠবে। যে কোন লতা, যে কোন কিছু যা বড় হয়, এইরকম হবে, কারণ কিছু এটিকে বাধা দিয়েছে।

89 ঠিক আছে, আজ আমাদের পেন্টিকোস্টাল বিশ্বাসের ব্যাপারটা এমনই। যে বিশ্বাস আমাদের শেখানো হয়েছে, পবিত্র আত্মা যিনি আমাদের মধ্যে বাস করছেন, তাকে আমরা অনেক কিছুকে বাধা দিতে দিয়েছি। আমরা অনেক কিছু ছেড়ে দিয়েছি, অন্য কাউকে দেখছি।

90 শয়তান সর্বদা আপনাকে কারো ব্যর্থতার দিকে নির্দেশ করার চেষ্টা করছে, কিন্তু সে আপনাকে প্রকৃত সাক্ষ্য থেকে দূরে রাখার চেষ্টা করে যা আসল। সে আপনাকে একজন ভণ্ডের দিকে নির্দেশ করে, কোন কোন সময়, যে কোন কিছুর ছদ্মবেশ ধরে বেরিয়েছিল। সে এটা করেননি, কারণ সে ছদ্মবেশী ছিল। কিন্তু যদি এটি ঈশ্বরের বাক্যের

প্রকৃত উৎস থেকে আসে, "আকাশের ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার বাক্যের লোপ কখনও হইবে না," তাকে সেখানেই থাকতে হবে।

আপনারা এটা দেখতে পাচ্ছেন, বোনরা ?

91 মন থেকে মেনে নিতে হবে, তারপর হৃদয় দিয়ে বিশ্বাস করতে হবে। তারপর ঈশ্বরের বাক্য বাস্তব হয়ে ওঠে, তারপর প্রাণ এবং শরীরের প্রতিটি ইন্দ্রিয় শুধুমাত্র পবিত্র আত্মা সঙ্গে পরিমার্জিত হয়। তারপর আপনার ঈশ্বরের অনুভূতি, ঈশ্বরের আপনার বিবেক, যা কিছু ধার্মিক, তা আপনার মধ্য দিয়ে প্রবাহিত হয়। কোথাও কোনো সন্দেহ নেই। সেখানে আর বিরোধ থাকে না।

92 স্মৃতিতে কিছু এসে বলে না, "ঠিক আছে, আমার মনে আছে মিস জোন্স ঈশ্বরকে বিশ্বাস করার চেষ্টা করেছিলেন, আর মিস *অমুক-অমুক*। মিস ডোই একবার আরোগ্যের জন্য ঈশ্বরকে বিশ্বাস করার চেষ্টা করেছিলেন এবং তিনি ব্যর্থ হয়েছিলেন।" দেখুন ?

93 কিন্তু যদি সেই চ্যানেলটি পরিষ্কার করা হয় এবং শুদ্ধ করা হয়, এবং পবিত্র আত্মায় ভিতরে পূর্ণ করা হয়, মিস জোনস, তিনি কি করেছিলেন সেই বিষয় স্মৃতিতে আসে না। এটি আপনি এবং ঈশ্বর, একসাথে, আর আপনারা দুজন ছাড়া আর কেউ নন। সেখানে এটা। সেখানে আপনার যুদ্ধ। শুরুতেই তাকে মেরে ফেলুন। তার পথে তাকে মেরে ফেলুন। আপনি কতক্ষণ যুদ্ধকে দীর্ঘায়িত করতে পারবেন তা নয়। এটি, এখনই বন্ধ করুন !

94 যদি আপনি আসেন, আর আপনি সেই স্মৃতি এবং বিবেক, এবং সবকিছুর বিষয়ে চিন্তা করতে থাকেন, "ঠিক আছে, আমি হয়তো ব্যর্থ হব। এটা ঠিক নাও হতে পারে।" আপনি এমনটা করবেন না, একদমই না।

95 আপনি সবকিছু একপাশে ফেলে দিন, আর প্রণালীটি খুলুন, আর বলুন, "ঈশ্বর, আপনার বাক্য চিরন্তন সত্য, আর এটি আমার জন্য। যদি সম্পূর্ণ মণ্ডলী ব্যর্থ হয়, যদি পুরো বিশ্ব ব্যর্থ হয়, তবুও আমি ব্যর্থ হতে পারি না, কারণ আমি আপনার বাক্য গ্রহণ করছি।" সেখানে যুদ্ধ আছে। এটাই ব্যাপার।

96 কেন সর্বশক্তিমান ঈশ্বর একজন মহিলার বক্ষ থেকে ক্যান্সার দূর করবেন, কোন দাগ অবশিষ্ট না রেখে, আর একটি শিশুকে মারা যেতে দিবেন ? না, মহাশয়।

97 একটি ছোট মেয়ে এখানে এসেছে, কিছুক্ষণ আগে, হাই স্কুল থেকে। তার মা আমাকে ডেকে বললেন, "ভাই ব্রানহাম, আমার

মেয়ে হজকিন রোগে আক্রান্ত।" এটি ক্যান্সার, পিণ্ড আকারে। আর চিকিৎসকরা তার গলায় একটি বেরিয়ে আসা অংশ থেকে একটি টুকরো নিয়ে, এটিকে পাঠিয়ে দেন আর এটি হজকিনের রোগ ছিল।

98 তাই তিনি বললেন, "পরেরটি বের হলে, তার হৃদপিন্ড থেকে বেরিয়ে আসতে পারে। যখন এটি হবে, সে চলে যাবে।" বললেন, "সে...যেভাবে তারা বেরিয়ে আসছে, সে প্রায় তিন মাস বেঁচে থাকতে পারে।"

99 তার মা বললেন, "আমি এখন কি করব? তাকে স্কুলে পাঠাব?"

100 বললেন, "তাকে যেতে দিন, কারণ সে সম্ভবত হঠাৎ করেই চলে যাবে।" আর বললেন, "তাকে যেতে দিন এবং স্বাভাবিক জীবনযাপন করতে দিন। এই বিষয়ে তাকে কিছু বলবেন না।"

তাই সেই ভদ্রমহিলা আমাকে বললেন, "আমার কি করা উচিত?"

101 আমি বললাম, "তাকে নিয়ে আসুন এবং তাকে প্রার্থনার লাইনে রাখুন।" আর আমি বললাম, "আপনি তাকে নিয়ে আসুন।" আমি একটু অদ্ভুত অনুভূতি অনুভব করলাম।

102 আর যখন সেই ছোট্ট মেয়েটি আসে, সেই সকালে, নীল রং এর ঠোঁট নিয়ে, মেক-আপ করে, যেমন স্কুলে করা হয়। আর—আর সে সেখানে আসে। আমি জানতাম না সে কে; আমাকে ফোনে কল করতে যাচ্ছিল। আমি তার হাতটা ধরলাম। আমি বললাম, "সুপ্রভাত বোন।" সেখানে সে ছিলেন। সেখানে সে ছিল। মাত্র কয়েক মুহুর্তের মধ্যে, তার মায়ের দিকে তাকালাম এবং তাদের উভয়কেই ঈশ্বর বিহীন, খ্রীষ্ট বিহীন দেখতে পেলাম। আমি বললাম, "আপনি কিভাবে এই ভিত্তিতে আরোগ্য আশা করতে পারেন? আপনি কি যীশু খ্রীষ্টকে আপনার ব্যক্তিগত পরিত্রাতা হিসাবে গ্রহণ করবেন?" আমি বললাম, "আপনি কি এখানে এই জলাশয়ে আসবেন এবং আপনার পাপের ক্ষমার জন্য যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নিবেন?"

তারা বলল, "আমরা তাই করবো।"

103 ওহ, আপনারা জানেন কি হয়েছিল। সেই মহিলা হতে পারে আজ সকালে এখানে বসে আছেন। সেই ঘটনাটি আপনারা অনেকেই জানেন। ভাই মাইক ইগান, এখানকার অন্যতম ট্রাস্টি ঘটনাটি দেখেছেন। সেটি প্রায় চার-পাঁচ বছর আগের কথা।

ছোট্ট মেয়েটিকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া হয়েছিল, এমনকি হজকিনের রোগের একটি চিহ্নও তার মধ্যে পাওয়া যায়নি।

104 কি ঘটেছিল? আপনাকে প্রথমে মাধ্যমটি খুলতে হবে। আপনাকে সৈনিক, পবিত্র আত্মাকে যুদ্ধের ময়দানে নিয়ে আসতে হবে, যিনি ঈশ্বরের বাক্য গ্রহণ করেন। তিনি হলেন সেই বাক্য। আর তিনি সেখানে দাঁড়িয়ে আছেন, তখন তাকে থামানোর কেউ নেই। সেখানে কিছুই পারে না...অন্য সকল মাধ্যমগুলির পরিষ্কার করা হয়েছে। ঠিক যেমন বন্ধ চিমনীসহ একটি পুরানো বয়লারের মত; আপনি আগুন জ্বালান, এটি আপনার জিনিসপত উড়িয়ে দিবে। ফুলে উঠা খ্রিস্টানদের ব্যাপারটা এটাই, কারণ তারা চ্যানেলগুলি পরিষ্কার করে না, তারা ভিতরে প্রবেশ করে না। আপনাকে এটি পরিষ্কার করতে হবে, বিবেক, স্মৃতি, চিন্তাভাবনা, সবকিছু একপাশে রেখে, এবং ভেতর থেকে বাইরে আসতে হবে, ঈশ্বরের সেই বিশুদ্ধ বাক্যের সাথে, যে এটি সত্য।

105 আজ, ভরসা করে, *এই* দিকে দশ হাজার মারা যাক না কেন; কাল, ভরসা করে, দশ হাজার *ওই* দিকে মারা যাক না কেন; এর সাথে আমার কিছুই করার নেই। আমি স্বতন্ত্র। আমি সেই ব্যক্তি যিনি বিশ্বাস করেছেন। আমি সেই ব্যক্তি যিনি এটা বিশ্বাস করেন। আর আমরা পিছনে ফিরে দেখি, যদি আমরা আমাদের চ্যানেলগুলি খুলতে চাই তাহলে, আমরা যদি পারি, এবং দেখি। আমরা *একে* আর *ওকে*, এবং *একে* আর *ওকে*, তাদের হাজার হাজার, সাক্ষ্য দিতে দেখি।

106 কিন্তু শয়তান ঠিক পিছনে আসার চেষ্টা করবে। দেখুন, সে যদি সেখানে ঢুকতে পারে, তাহলে সে ঠিক তখনই আপনার সেনাবাহিনীকে অন্য পথে করে দিয়েছে।

107 যদি আপনার কাছে আপনার ইন্দ্রিয় থাকে, দেখা, স্বাদ গ্রহণ করা, অনুভব করা, ঘ্রাণ নেওয়া এবং শ্রবণ করা, সেগুলি ঠিক আছে, কিন্তু তাদের বিশ্বাস করবেন না, যদি না তারা বাক্যের সাথে একমত হয়। তারা ঠিক আছে, কিন্তু, যদি তারা বাক্যের সাথে একমত না হয়, আপনি তাদের কথা শুনবেন না। এখন, কল্পনা, বিবেক, স্মৃতি, যুক্তি এবং স্নেহ, তারা যদি বাক্যের সাথে একমত হয় তবে সেগুলি ঠিক আছে। কিন্তু যদি আপনার স্নেহ্ বাক্যের সাথে একমত না হয়, তবে এর থেকে সরে আসুন। আপনি তখনই একটি চিমনী উড়িয়ে দিবেন। দেখুন? আপনার যুক্তি বাক্যের সাথে একমত না হলে, এটি থেকে দূরে চলে যান। সেটা ঠিক। ইঞ্জিন...যদি আপনার

স্মৃতি, যদি আপনার কল্পনা, যদি আপনার বিবেক, যে কোন কিছু, ভিতরে যা আছে তার সাথে অসম্মত হয়, এর থেকে দূরে সরে যান।

108 তাহলে আপনি কি পেলেন ? আপনার কাছে একটি সৌরজগৎ আছে। হালেলুইয়া ! এটি হল, ঈশ্বর নক্ষত্রগুলিকে সাজিয়ে বললেন, "যতক্ষণ না আমি তোমাদের ডাকি ততক্ষণ সেখানেই থাক !" তারা সেখানেই আছে। কিছুই তাদের সরাতে যাচ্ছে না। ঈশ্বর যখন একজন মানুষকে তার হাতে পান, যতক্ষণ না তিনি সেই ইন্দ্রিয়, বিবেক, সবকিছু পরিষ্কার করেন, যতক্ষণ না এটি ঈশ্বরের সাথে এর পিছনে দাঁড়ায়, আত্মায়, পৃথিবীতে কোন শয়তান নেই যে সেখানে সন্দেহ পোষণ করতে পারে। সেটা ঠিক।

সে কাছে এসে বলে, "তুমি আর ভালো বোধ করবে না।"

109 এর থেকে আপনার বিবেক চলে গেছে। চিমনী পরিষ্কার হয়ে গেছে, এটি চিৎকার করে, "হালেলুইয়া !" চিমনীর দ্বার একটি বাঁশি বাজাচ্ছে, "ঈশ্বরের মহিমা হউক !" ঈশ্বরের বাক্য, ঈশ্বরের শক্তির মাধ্যমে কাজ করার জন্য, অবশ্যই, ঠিক ততটাই পরিষ্কার এবং পরিষ্কারভাবে জ্বলজ্বল করছে। দেখুন ? এটাই মূল বিষয়।

110 এটাই আপনার যুদ্ধক্ষেত্র। আপনার যুদ্ধক্ষেত্রটি এখানে আছে, এখানে আপনার প্রাণে আছে, আপনার মনের মধ্যে আছে যা উন্মুক্ত করে। মন—মন হল প্রাণের দরজা, বরং আত্মার দরজা। আপনার মন উন্মুক্ত হয় এবং আত্মাকে গ্রহণ করে, অথবা এটি আত্মাকে প্রত্যাখ্যান করে। আপনার কাছে সচেতনতা থাকতে পারে, আর অনুভূতি থাকতে পারে, এবং সংবেদনশীলতা, এই সমস্ত বিষয় থাকতে পারে। এর সাথে এর কোনো সম্পর্ক নেই। এটি কেবল সামান্য সংবেদনা ইত্যাদি। কিন্তু যখন এটি বাস্তবে আসে, আপনার মন এটি খুলে দেয়। আপনার মন হয় এটি গ্রহণ করে অথবা প্রত্যাখ্যান করে। এটাই, বন্ধুরা।

ঈশ্বর, কেউ যেন এটা বুঝতে ব্যর্থ না হয়।

111 দেখুন, আপনার মনই দরজা খুলে দেয়; অথবা দরজা বন্ধ করে, এবং আপনার বিবেকের কথা শোনে, আপনার স্মৃতির কথা শোনে, আপনার স্নেহের কথা শোনে। কিন্তু যখন আপনার মন এই বিষয়গুলির কাছে নিজেকে বন্ধ করে দেয়, এবং ঈশ্বরকে, তাঁর বাক্যের আত্মাকে ভিতরে প্রবেশ করতে দেয়, এটি বাকি সকল বিষয়কে দূর করে দেয়। সকল সন্দেহ দূর হয়ে যায়। সব ভয় দূর হয়ে যায়। সন্দেহের প্রতিটি সংবেদন চলে যায়। প্রতিটি অনুভূতি সরে যায়। সেখানে ঈশ্বরের বাক্য ছাড়া আর কিছুই থাকে না আর শয়তান

এর বিরুদ্ধে যুদ্ধ করতে পারে না। না, মহাশয়। তিনি এর বিরুদ্ধে যুদ্ধ করতে পারেন না। এখন, আমরা জানি যে এটি সত্য।

112 এই যুদ্ধগুলি এদন উদ্যানের সময় থেকে, মানুষের মনে শুরু হয়েছিল। শয়তান এটা শুরু করে। সে যখন হবার সাথে দেখা করেছিলেন তখন সে কী করেছিলেন ? সে ঈশ্বরের বাক্যকে অস্বীকার করেনি, তবে সে এটিকে চুনকাম করে। সে এখানে কোথাও কোন ছোট চ্যানেল বন্ধ করে দেয়। সে বলেছিল, "ঈশ্বর কি..." আদিপুস্তক ৩:১। দেখুন ? "নিশ্চয়ই, ঈশ্বর, এই সমস্ত বিষয় যা তিনি—তিনি—তিনি প্রতিজ্ঞা করেছেন..." সে জানত যে বাক্য সঠিক। কিন্তু সে জানতেন যে সে বেরিয়ে এসে এটিকে বিস্ফোরিত করতে পারবে না, এমনভাবে বিস্ফোরিত করতে, কিন্তু সে—সে—সে এটিতে মিষ্টির প্রলেপ লাগায়।

113 মা যেমন আমাদের ওষুধ খাওয়াতেন, আর তিনি রেড়ীর তেল কমলালেবুর রসে দেওয়ার চেষ্টা করতেন। আমার, কমলালেবুর রস ছাড়া শুধু রেড়ীর তেল নিন! যা কিছু ভন্ডামী! দেখুন ? তিনি... আমাদের রাতে উঠতে হতো, আর তিনি আমাদের কয়লার তেল দিতেন, কাশির জন্য। আর তিনি কয়লার তেল রেখে তাতে চিনি দিতেন; দেখুন, এক রকম ভন্ডামী। তবে এটি আপনার টনসিলগুলিকে প্রায় পুড়িয়ে ফেলে, চিনি চলে যাওয়ার পরে।

114 ঠিক তেমনই এটা, বন্ধুরা। শয়তান এই—এই বিষয়ে ভন্ডামী করতে চায়। সে আপনাকে আরও ভালো কিছু দেখানোর চেষ্টা করে, একটি সহজ উপায়, একটি আরও বুদ্ধিমান পরিকল্পনা। কিন্তু আদিতে ঈশ্বরের স্থাপিত, তাঁর বাক্যের চেয়ে বেশি বুদ্ধিমান পরিকল্পনা আর নেই। সেই বাক্যটি ধরে রাখুন। এটি ধরে রাখুন। তাকে আপনার উপর আঁকড়ে ধরে থাকতে দিন। সেখানে এর সঙ্গে থাকুন। এটাই—এটাই সেই বিষয়।

115 হবা যখন তার যুক্তি শোনার জন্য তার মন খুলেছিল তখন যুদ্ধটি শুরু হয়েছিল। এটাই সেই চিমনী যার মাধ্যমে এটি প্রবেশ করে। সেটাই হল—সেটাই হল সেই চ্যানেল যার মাধ্যমে সে নিচে প্রবেশ করে, তার যুক্তি। সে, তার প্রাণে, সে যুক্তির অবলম্বন নেয়।

116 সে দেখতে পেয়েছিল। সে সাপকে দেখতে পেয়েছিল। সে সুন্দর, সুদর্শন, তার নিজের স্বামীর চেয়ে অনেক ভালো দেখতে ছিল। সে সকল পশুর মধ্যে সবচেয়ে ধূর্ত ছিল আর সে সম্ভবত তার স্বামীর চেয়েও সুন্দর পুরুষ ছিল। সে সেখানে দাঁড়িয়ে থাকা এক মহা

পুরুষালী পশুর মতো দেখতে ছিল। সে কত শ্রেষ্ঠ ছিল! আর সে তাকে বলার চেষ্টা করছিলেন যে এটি কী দুর্দান্ত জিনিস।

117 আর প্রথম জিনিসটি যা হবা করেছিল, সে তার মন খুলে দেয়। আর যখন সে তা করে, মানুষের যুক্তি তা ধরে নেয়। "কেন, এটা কি রোমাঞ্চ হবে না?"

118 আজ সে একজন মহিলার সাথে এটিই করে। একজন স্বামীর সঙ্গে কোন মহিলা, কোন বড়, পেশীবহুল পুরুষ খুঁজে পান। এই পুরুষটি যুক্তি নিয়ে আসার চেষ্টা করবে। মনে রাখবেন, এটা শয়তান। এটাই শয়তান। অথবা, তদ্বিপরীত, পুরুষ থেকে মহিলা, মহিলা থেকে পুরুষ, যে কোনও ভাবে। সে কি করে? সেই যুক্তি নিয়ে কাজ করে, সেই বিবেক বা অন্য কিছুর মধ্য দিয়ে চলতে শুরু করে।

119 কিন্তু ঈশ্বরের বাক্যকে প্রথম স্থান দিন। একজন মানুষ আসতে পারে না...সে পাপ করতে পারে না...হালেলুইয়া! এখানে এটা। এটি তাজা আসছে। একজন মানুষ পাপ করতে পারেন না যতক্ষণ না সে প্রথমে ঈশ্বরের বাক্যকে দূরে সরিয়ে দেয়। সে *পাপ* করতে পারে না, এটাই "অবিশ্বাস," যতক্ষণ না সে প্রথমে ঈশ্বরের বাক্য, ঈশ্বরের উপস্থিতি থেকে দূরে সরে না যায়, সে পাপ করতে পারে না।

120 হবা পাপ করতে পারেনি যতক্ষণ না সে ঈশ্বরের বাক্যকে দূরে সরিয়ে দেয়, তার প্রাণের মাধ্যমে তার যুক্তির চ্যানেল খুলে, এবং যুক্তি লাগাতে শুরু করে। "কেন, অবশ্যই। আমার স্বামী আমাকে কখনও এই বিষয়ে বলেনি, কিন্তু আমি বিশ্বাস করি যে তুমি...তিনি আমাকে বলেছিলেন যে আমার এটি করা উচিত নয়, তবে, তুমি জানো, তুমি এটিকে এত বাস্তব এবং এত সহজ করে তুলেছ। আমি—আমি বিশ্বাস করি এটি দুর্দান্ত হবে, কারণ তুমি এটি আমার কাছে এত সহজ করে দিচ্ছ।" দেখুন, সেখানে প্রথম যুদ্ধ হয়েছিল। আর, সেই যুদ্ধের মাধ্যমে, অন্য প্রতিটি যুদ্ধের জন্ম নিয়েছে। আর প্রতিটি রক্তপাত যা কখনও হয়ে এসেছে, ঠিক এদন থেকেই শুরু হয়েছিল। হবা ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করেছিল।

121 আর যদি ঈশ্বরের বাক্যের একটি সামান্য অংশ অবিশ্বাস করার ফলে, এই সমস্ত সমস্যা সৃষ্টি করে, আমরা কিভাবে ফিরে আসতে পারি, বাক্য অবিশ্বাস করে? আপনি এটা করতে পারবেন না। এই সব অন্য বিষয়গুলি, বিবেক, স্মৃতি, আর যেমন...যুক্তি, এই সব অন্যান্য বিষয়গুলি বন্ধ করতে হবে। "যুক্তি লাগানো ছেড়ে দিন।" আমরা এই বিষয়ে যুক্তি প্রয়োগ করি না, একদমই না।

122 আমরা "ঈশ্বর এটা বলেছেন," এই ভিত্তিতে বাক্য গ্রহণ করি, আর আপনার ও ঈশ্বরের মধ্যে একটি স্রোতের সৃষ্টি হয়। তখন, প্রতিটি চ্যানেল আপনার ও ঈশ্বরের মধ্যে খোলা হয়।

123 সেইখানে সেই যুদ্ধ, সর্বপ্রথম, সামনের সারীতে। আমরা আর .২২ রাইফেল ব্যবহার করবো না; আসুন একটি—একটি পারমাণবিক বোমা তৈরী করা যাক। আসুন কাজটি সঠিকভাবে করি। আসুন ঈশ্বরের পারমাণবিক বোমা গ্রহণ করি। "এটা কি, ভাই ব্রানহাম?" তাঁর বাক্যে বি-শ্বা-স। এটা ঈশ্বরের পারমাণবিক বোমা। এটা অসুস্থতা এবং শয়তানকে তাড়িয়ে দেয়, ডানে এবং বামে। এটা—এটা তাদের ধ্বংস করে দেয়। বৈষম্য...ওহ, এটা... এটা ধ্বংস করে দেয়। এটি অধার্মিক সবকিছুকে বিচ্ছিন্ন করে দেয়। যখন বিশ্বাসের সেই বোমাটি সেখানে পড়ে, এর পিছনে ঈশ্বরের বাক্য নিয়ে, এটি প্রতিটি শয়তান, প্রতিটি অসুস্থতা, প্রতিটি রোগকে তাড়িয়ে দেয়।

124 আপনারা বলেন, "এটা কি ঠিক, ভাই ব্রানহাম? তাহলে কেন এটা, কারো উপর, এবং অন্যদের উপরে নেই?"

125 এটা চ্যানেলের কারণে। আপনি তাকিয়ে দেখতে পারেন। কিন্তু আপনাকে *এখানে* এটি পেতে হবে, *এই* একটি পথের দিকে তাকিয়ে। বাইরে *সেখানে* নয়, ভিতরের দিকে তাকিয়ে; আপনাকে ভিতর থেকে, বাইরে তাকাতে হবে। দেখুন? আপনি যুক্তি দিয়ে প্রবেশ করতে পারবেন না। আপনি এই অন্যান্য বিষয়গুলির মাধ্যমে প্রবেশ করতে পারবেন না। আপনাকে সরাসরি ঈশ্বরের মাধ্যম দ্বারা আসতে হবে, সরাসরি প্রাণের মধ্যে। আর আপনি এটা কিভাবে করবেন? শেষ মাধ্যমটি কি?

126 এটি যু-...ঠিক নিচে। আপনারা বলেন, ইন্দ্রিয়, "ওহ, আমি—আমি এটি অনুভব করতে পারছি। হ্যাঁ, সেখানে এটা। আহ-হাহ্। ওহ, আমি—আমি এর ঘ্রাণ নিতে পারি, ইত্যাদি। এই বিষয়গুলি সেখানে আছে। হ্যাঁ।" পরবর্তী বিষয়, আপনি যুক্তি প্রয়োগ করেন, "ঠিক আছে, দেখে মনে হচ্ছে তিনি যে বিষয়ে কথা বলছেন তা তার জানা উচিত। ডাক্তার বলেছেন যে আমি সুস্থ হতে পারবো না। এটা তাই হবে।" আপনারা দেখুন, ঠিক সেখানে আপনি—আপনি ভুল করছেন। সেখানে শয়তান দাঁড়িয়ে আছে। এটা শয়তান আপনার মধ্যে এই বিষয়গুলি প্রবেশ করাচ্ছে। আপনি এটা বিশ্বাস করবেন না।

127 "হালেলুইয়া! ঈশ্বরের বাক্য বলেছে আমি...'সর্বোপরি, আমি চাই আপনি সুস্থ থাকুন।' এটা ঠিক।" আপনি কিভাবে সেখানে একজন প্রকৃত সৈনিক হতে পারেন? দেখুন, "'আমি চাই আপনি সুস্থ থাকুন।'"

128 সেখানে এটা আছে, ঠিক সেখানে, সেই চ্যানেলগুলো, আপনি শুধু সেগুলো নিয়ে নিন, তাদের খুলুন। না...

129 আপনি শুধু তাদের পাশ কাটিয়ে চলে যান, তারপর যদি শয়তান সেখানে প্রবেশ করতে পারে, এই বিবেক এবং এই সমস্ত অন্যান্য বিষয়ের দ্বারা প্রবেশ করে, তখন সে এখানে নেমে আসে প্রাণের শেষ প্রান্তে, মনের মধ্যে। এখন, যদি সে আপনাকে নিতে পারে... আপনি কখনই করবেন না—আপনি কখনই তাদের একজনের দিকে তাকাবেন না যতক্ষণ না প্রথমে আপনি তাকে *এখানে* প্রবেশ করতে দেন। আপনাকে তাকে প্রবেশ করতে দিতে হবে। তারপর যখন সে প্রবেশ করে, তখন সে নিয়ন্ত্রণ করে। তখন সে কি করে? সে বিবেককে কাজে লাগাতে শুরু করে। সে *এটি* ব্যবহার করতে শুরু করে, *এই* বহির্গমনপথটি ব্যবহার করতে শুরু করে। এটা কি? দেখা, স্বাদ গ্রহণ, অনুভব, ঘ্রাণ, শ্রবণ; কল্পনা, বিবেক, স্মৃতি, যুক্তি, স্নেহ। যখন সে প্রবেশ করে, তখন সে এই সমস্ত ভিন্ন ছোট মাধ্যমগুলি ব্যবহার করতে শুরু করে, *এর* উপরে এখানে। তাকে প্রথমে আপনার মনে আসতে হবে, আর আপনাকে তাকে গ্রহণ করতে হবে। এটা হতে পারে...শুনুন। এটি আপনার বিরুদ্ধে আঘাত করতে পারে, কিন্তু আপনি এটি গ্রহণ না করা পর্যন্ত এটি আপনার কাছে পৌঁছাতে পারে না।

130 যখন শয়তান হবার কাছে গেল, আর বলল, "তুমি জানো, এই ফলটি মনোরম," সে এক মুহূর্তের জন্য থেমে যায়। ওহ, তখনই সে ভুল করেছিল, যখন সে এক মুহূর্তের জন্য থেমে যায়।

131 কোন কিছুর জন্য থামবেন না। আপনি সেই বার্তা পেয়েছেন। যীশু জীবিত আছেন। ঈশ্বর একজন আরোগ্যকারী। এটাই সেই বার্তা। কোন কিছুর জন্য, কোন যুক্তির জন্য, কিছুর জন্য থামবেন না।

132 কিন্তু সে এক মুহূর্তের জন্য থেমে যায়। ঠিক তখনই শয়তান তার মনের মধ্যে প্রবেশ করে। বলেছিল, "ঠিক আছে, এটা যুক্তিসঙ্গত মনে হচ্ছে।" ওহ, এটা করবেন না। ঈশ্বর যা বলেছেন শুধু তা গ্রহণ করুন।

133 অব্রাহাম, যখন ঈশ্বর তাকে বলেছিলেন যে তিনি সারার দ্বারা একটি সন্তানের জন্ম দিতে চলেছেন, যদি তিনি যুক্তির দ্বারা থেমে যেতেন, সারার বয়স পঁয়ষট্টি এবং তার বয়স পঁচাত্তর ছিল? আর যখন তার বয়স একশ বছর হয়, আর তার স্ত্রী—তার স্ত্রীর নব্বই, তিনি, তখনও, তিনি—তিনি—তিনি স্বীকার করেছিলেন যে ঈশ্বরের বাক্য সত্য। আর যে বিষয়গুলি ছিল না, তিনি বলেছিলেন যে, যেন সেগুলি আছে। দেখুন? তিনি...এমনকি আশা রাখেন, সেখানে কি কোন আশা ছিল? এমনকি তিনি আশার ব্যবহারও করেননি।

134 "ঠিক আছে," আপনারা বলেন, "আশা করি আমি সব ঠিক করতে পারব। আশা করি ভালো থাকবো। আমি আশা করি আমি পবিত্র আত্মা পাব। আমি আশা করি আমি একজন খ্রিস্টান। আমি আশা করি আমি *এই* কাজ করবো।" আপনার তার প্রয়োজন নেই।

135 অব্রাহাম সেদিকে একবারও তাকাননি। আমেন। "আশা করার বিপরীতে, তিনি ঈশ্বরের বাক্যে বিশ্বাস করেছিলেন।" বিশ্বাস আশার থেকে অধিক। বিশ্বাস *এখান* থেকে আসে, ভিতর থেকে। বিশ্বাস *এখান* থেকে আসে।

136 সে কিভাবে প্রবেশ করেছিল? এই মনের মাধ্যমে, এই—এই দরজা দিয়ে, সেখানে যুদ্ধের সম্মুখভাগ দাঁড়িয়ে আছে।

137 এখন, আপনি যখন সেই যুদ্ধ বিন্যস্ত করেন! এখন, শয়তান আজ সকালে প্রতিটি হৃদয়ে বসে আছে। সে বসে আছে, এই ছোট্ট মেয়েটির হৃদয়ে। সে আপনার হৃদয়ে বসে আছে। সে চারিদিকে বসে আছে। সে বলছে, "ওহ, আমি আপনাকে আগে চেষ্টা করতে দেখেছি। আমি এটা আগে শুনেছি।"

138 তাকে বের করে দিন। এটাই আপনাকে করতে হবে। তাকে বের করে দিন। বাইবেল এখানে কি বলেছে, আমাদের পাঠ্যে? "তাকে বের করে দিচ্ছে।" সেটা ঠিক। "তাকে বের করে দিচ্ছে।" আমাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

139 আমি মনে করি, "আমাদের প্রচারকদের সঙ্গে কি হয়েছে?" আমি আশ্চর্য হই আমরা কি ধরনের প্রশিক্ষণ পেয়েছি।

140 ঈশ্বর এই মহান যুদ্ধের জন্য প্রশিক্ষণ দিচ্ছেন। মথি লিখিত সুসমাচার ২৪ সেখানে বলেছেন, এবং দানিয়েল ১২তে, বলেছেন, "আর এমন সঙ্কটের কাল উপস্থিত হইবে, যাহা মনুষ্যজাতির স্থিতিকাল অবধি সেই সময় পর্য্যন্ত কখনও হয় নাই।" আর আমরা সেই সময়ে বাস করছি, যখন সংস্কৃতি, শিক্ষা, এবং জিনিসগুলি

ঈশ্বরের বাক্যের শ্বাসরোধ করেছে, আর যুক্তি ইত্যাদির মধ্যে প্রবেশ করেছে। যুদ্ধ উপস্থিত। কে দাঁড়াবে? হালেলুইয়া! যুদ্ধ শুরু হওয়ার জন্য প্রস্তুত। সে এখন বিন্যস্ত। দেখুন অদূরে আমাদের সেই বিশাল বিরোধীকে।

141 দায়ূদের মতো কে হবে? বলেছিলেন, "তোমরা দাঁড়িয়ে থেকে এই অচ্ছিন্নত্বক্ পলেষ্টীয়টাকে জীবন্ত ঈশ্বরের সৈন্যগণকে টিট্‌কারি দিতে দিয়েছ? আমি গিয়ে তার সাথে যুদ্ধ করব।" আমেন। ঈশ্বর আজ সকালে সেই পুরুষ ও মহিলাকে চান যারা উঠে বলতে পারেন, "আমি প্রভুর বাক্য গ্রহণ করব।" আমেন। কে ব্যর্থ হয়েছে তাতে কিছু যায় আসে না, *ইনি* কি করেছেন আর *তিনি* কি করেছেন, আর *তিনি* কি করেছেন। এর সাথে এর কোনো সম্পর্ক নেই। আপনারা শৌল, ইত্যাদি, যদি আপনি তাকে ভয় পান, তবে আপনি যেখানে আছেন সেখানে ফিরে যান। কিন্তু, ঈশ্বরের সেনাবাহিনী এগিয়ে যাচ্ছে, আমেন; সাহসী ব্যক্তিরা, বিশ্বাস এর—এর—এর ব্যক্তিরা, ক্ষমতাবান ব্যক্তিরা, বোধশক্তিসম্পন্ন ব্যক্তিরা। তাদের স্মার্ট হতে হবে না। তাদের শিক্ষিত হতে হবে না। তাদের মাধ্যম হতে হবে। ঈশ্বর সেই ছোট মাধ্যমগুলি নেন।

142 সে কিছুক্ষণের জন্য থমকে দাঁড়িয়ে বলল, "ঠিক আছে, এখন দেখা যাক।" ঠিক আছে, তার মত, যদি...

143 এই মহিলাটি, আজ সকালে, সন্দেহ নেই যে ডাক্তার তাকে বলেছেন, সে প্রায় রাস্তার শেষে পৌঁছে গেছে, "কিছুই করা সম্ভব হয়নি।" ঠিক আছে, এখন, এটা সেই ডাক্তার। আমি তাকে দোষারোপ করি না। সেই মানুষটি বিজ্ঞানমনস্ক মানুষ। তিনি দেখেন যে রোগটি শিশুটির শরীরকে জয় করেছে। যা কোন কিছু করার বাইরে। তার কাছে এমন কোন ওষুধ নেই যা এটিকে রোধ করবে।

144 তাহলে কি সেই ক্যান্সার সেই মহিলাকে জয় করবে; নিশ্চিত, মৃত্যু সেই শিশুকে জয় করেছে; কিন্তু আমাদের প্রধান সেনাপ্রধান, হালেলুইয়া, এই মহান সেনাবাহিনীর, তিনি পুনরুত্থান ও জীবন। কিছুই তাকে জয় করতে পারে না। হালেলুইয়া!

145 সেনাবাহিনীর মস্তিষ্ক, বুদ্ধিমত্তা তার সেনাপ্রধানের নিকট অবস্থিত। রোমেল, জার্মানিতে, জার্মানির মস্তিষ্ক ছিল; হিটলার নয়। রোমেল! সেটা ঠিক। আইজেনহাওয়ার! সামরিক ব্যক্তি! প্যাটন! যারা সামনে ছিলেন, সেটা নির্ভর করছে তারা কোন পথে আদেশ দিয়েছেন। আপনি আপনার সেনাপ্রধানকে অনুসরণ করেন, যদি তিনি একজন সঠিক ধরণের জেনারেল হন। যদি তিনি সঠিক ধরণের

হন, যদি তিনি একজন চারটি তারকাযুক্ত জেনারেল হন, যদি তিনি প্রমাণিত হন, যদি তিনি সঠিক বলে প্রমাণিত হন তবে তাকে অনুসরণ করুন। যদিও এটি আপনার কাছে ভুল মনে হতে পারে, সামনে এগিয়ে যান। তিনি আপনাকে যেভাবে বলেছেন তাই করুন।

146 হালেলুইয়া! আমরা একজন পাঁচ তারকাযুক্ত জেনারেল পেয়েছি, যার বানান J-e-s-u-s [যীশু—অনুবাদক], আমাদের উপরে পাঁচটি তারকা বসিয়েছে, f-a-i-t-h [বিশ্বাস]। তিনি কখনো কোন যুদ্ধে হারেননি। হালেলুইয়া! তিনি মৃত্যু, নরক এবং কবর জয় করেছেন। শয়তানদের পথ থেকে সরিয়ে দিয়ে। তিনি মহান প্রধান সেনাপ্রধান। সুতরাং, সেখানে শয়তানের কোন অস্তিত্ব নেই।

147 সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ, এখনই প্রস্তুত হচ্ছে। অবশ্যই, এটা। ওহ! হালেলুইয়া!

148 যখন আমি এই বিষয়ে ভাবি! যখন আমি দাঁড়িয়ে তাকে কিছু করতে দেখি, তাকে কোন কিছু প্রকাশ করতে দেখি, কোন বিষয় প্রকাশ করতে, যেমন, "এটা *এইভাবে* এবং *এইভাবে* হবে," সেখানে এটা! ওহ, *এখানে* ফিরে তাকান, এবং বলুন, "কে এই মহান সেনাপ্রধান?" ওহ, আমি পিছনে ফিরে তাকিয়ে দেখি না এটা ডাক্তার *অমুক-অমুক* কিনা। আমি দেখি সেনাপ্রধান কি বলেছেন। "তিনি আমাদের পরিত্রাণের সেনাপ্রধান।" হালেলুইয়া! পরিত্রাণ কি? পরিত্রাণ! মহিমা! "তিনি আমাদের পরিত্রাণের সেনাপ্রধান।"

149 আক্রমণের সময় সন্নিকট। হালেলুইয়া! সৈনিক, চকচকে বর্ম পরিধান করে, রং প্রবাহ সহ! বিশ্বাস এবং সন্দেহ নিজেদের বিন্যস্ত করছে, এই ট্যাবারনাকেলে, আজ সকালে; একদিকে সন্দেহ, অন্যদিকে বিশ্বাস। সৈন্যরা, আপনার দায়িত্বের স্থানে দাঁড়ান। হালেলুইয়া! আমাদের সেনাপ্রধান, প্রভাতীয় তারা, এগিয়ে যাচ্ছেন। তিনি কখনো পশ্চাদপদ হন না। তিনি (কখনই) পশ্চাদপসরণ শব্দটি জানেন না। তাকে পিছু হটতে হবে না। আমেন। অবশ্যই।

150 সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ, সে এখন সেখানেই চলছে, হ্যাঁ, মহাশয়, জীবন এবং মৃত্যুর মধ্যে, অসুস্থতা এবং সুস্থতার মধ্যে, বিশ্বাস এবং অবিশ্বাস মধ্যে, ওহ, আমার, স্বাধীনতা এবং দাসত্বের মধ্যে। যুদ্ধ চলছে! সৈন্যরা, তোমার বর্শা ধার দেও। বর্ম পোলিশ কর। ঈশ্বর তাঁর সৈন্যদের প্রস্তুত করছেন। আমেন। ঈশ্বর তাঁর সেনাবাহিনীকে অভিষিক্ত করেন।

151 আমেরিকা তাদের সৈন্যদের সর্বোত্তম পোষাক পরিধান করায় যা তারা পরতে পারে: স্টিলের হেলমেট, আর বর্ম, আর তাদের যা কিছু আছে, সাঁজোয়া ট্যাঙ্ক, তারা যেখানেই যাক না কেন।

152 ঈশ্বর তাঁর সেনাবাহিনীকে পোশাক পরিধান করান। হালেলুইয়া! আমরা কি ধরনের সরঞ্জাম ব্যবহার করি? তলোয়ারের আত্মা, ঈশ্বরের বাক্য! আমেন! "ঈশ্বরের বাক্য সমস্ত দ্বিধার খড়্গ অপেক্ষা তীক্ষ্ণ," ইব্রীয় ৪, "মজ্জা পর্য্যন্ত মর্ম্মবেধী, এমন কি—এমন কি হাড়ের মজ্জা পর্য্যন্ত, এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।" ঈশ্বরের বাক্য! তাঁর বাক্যকে বিশ্বাস করা, এটিই ঈশ্বরের বর্ম।

153 এটিই তিনি হবাকে দিয়েছিলেন, নিজেকে সজ্জিত করার জন্য। আর সে তার বর্ম ভেঙে ফেলে। সে এটা কিভাবে করেছিল? যুক্তির জন্য তার মন খুলে দিয়ে। আপনি ঈশ্বরের বাক্যের সঙ্গে যুক্তি প্রয়োগ করেন না। এর কোনো যুক্তি নেই। আপনি...এটা শুধু ঈশ্বরের বাক্য। সেখানে—সেখানে কোন সন্দেহ নেই। এর জন কোন যুক্তি নেই। এটি ঈশ্বরের বাক্য। সেটিই তার নিষ্পত্তি করে। এটি শেষ হয়ে গেছে। এটি চিরতরে তার নিষ্পত্তি করে।

154 দেখুন আমি কি বলতে চাই, প্রিয়? [বোন বলেন, "আমেন।"—সম্পাদকীয়।] এটা ঈশ্বরের বাক্য। ঈশ্বর এটা প্রতিশ্রুতি দিয়েছেন। ঈশ্বর তাই বলেছেন।

155 তারা অব্রাহামকে বলেছিলেন, "আপনি কিভাবে বুঝবেন যে আপনার সেই সন্তান হবে?"

"ঈশ্বর তাই বলেছেন।" এটাই তার নিষ্পত্তি।

"ঠিক আছে, কেন আপনি এটি পান নি?"

156 "আমি কখন এটি পাবো জানি না, তবে আমি এটি পেতে যাচ্ছি। ঈশ্বর তাই বলেছেন। এটি আমাকে একটুও থামাবে না।" তিনি ডাকে-...

157 "আপনি যেখান থেকে এসেছেন, সেখানে কেন ফিরে যান না?"

158 "আমি এই দেশে একজন পথিক এবং একজন বিদেশী।" আমেন!... ?... "ঈশ্বর সেই প্রতিজ্ঞা দিয়েছেন। ঈশ্বর সেই শিশুটিকে ঠিক এই দেশেই দিবেন যেখানে তিনি আমাকে পাঠিয়েছেন।" হালেলুইয়া!

159 ঈশ্বর আপনাকে পবিত্র আত্মার এই পরিবেশেই সুস্থ করবেন, যেখানে তিনি আপনাকে পাঠিয়েছেন। ঈশ্বর আপনাকে তা দিবেন।

শুধু এটা বিশ্বাস করুন। আমেন। আত্মা এবং দেহ, ইন্দ্রিয় এবং বিবেকের প্রবাহ খুলে দিন, আর ঈশ্বরের বাক্যকে প্রথমে প্রবেশ করতে দিন, সেই মনকে গ্রহণ করুন। সেখানে সেই যুদ্ধক্ষেত্র আছে।

160 বলবেন না, "ঠিক আছে, আমি যদি অনুভব করতে পারতাম, যদি আমি ঈশ্বরের মহিমা অনুভব করতে পারতাম! ওহ!" তার এর সাথে কোনো সম্পর্ক নেই; কোন বিষয়েও নেই।

161 সেই মন খুলে দিন। এটাই যুদ্ধক্ষেত্র। সেখানে যুদ্ধ বিন্যস্ত হয়, ঠিক এখানে সামনের সারিতে, আপনার মনে। সেটা উন্মুক্ত করুন, "আমি...প্রতিটি সন্দেহ, আমি আমার সন্দেহকে সন্দেহ করি।" আমেন। "আমি এখন আমার সন্দেহকে সন্দেহ করছি। আমি ঈশ্বরের বাক্য বিশ্বাস করি। এখানে আমি এসেছি, শয়তান।" কিছু একটা ঘটতে যাচ্ছে। অবশ্যই, এটি হবে। হ্যাঁ, মহাশয়।

162 তিনি তাঁর দাসকে তাঁর আত্মা দিয়ে অভিষিক্ত করেন। তিনি তাদের দূতদের পাঠান। কখনো কখনো লোকেরা "দূতদের" নিয়ে মজা করে। আমাকে—আমাকে এখানে আপনাদের জন্য কিছু নিয়ে আসতে দিন, এক মিনিটের জন্য। আসুন এখানে ইব্রীয় পুস্তকে চলে যাই, এক মিনিটের জন্য। ইব্রীয় ৪র্থ অধ্যায়, ৪র্থ অধ্যায়, আর আসুন...আমি বলতে চাচ্ছি, ইব্রীয় ১ম অধ্যায়, আসুন ১৪ পদটি পাঠ করি।

> *উহাঁরা সকলে কি সেবাকারী আত্মা নহেন, যাহারা পরিত্রাণের অধিকারী হইবে, উহাঁরা কি তাহাদের পরিচর্য্যার জন্য প্রেরিত...প্রেরিত নহেন?*
>
> *...তিনি দূতগণের মধ্যে কাহাকে কোন্ সময়ে বলিয়াছেন...তুমি আমার দক্ষিণে বস...?*
>
> *...ঈশ্বরের সকল দূতগণ...*

163 এখন, এখানে বাইবেল আমাদের এখানে বলে যে, ঈশ্বর দূতদের পাঠান। মহিমা! তারা কি? "সেবাকারী আত্মা।" মহিমা! সেবাকারী আত্মা, প্রেরিত (কোথায় থেকে?) ঈশ্বরের উপস্থিতি থেকে। কিসের জন্য? তাঁর বাক্য সেবা করার জন্য। আমেন! তারা কোন ধর্মসম্প্রদায়ের কোন ধর্মতত্ত্বের সেবক নন, কিন্তু তাঁর বাক্যের সেবা করার জন্য। এটাই। "সেবাকারী আত্মা, প্রেরিত হয়েছে।"

164 আমরা কিভাবে জানব যে তারা সেই? বাইবেলে বলা হয়েছে যে, "প্রভুর বাক্য ভাববাদীদের কাছে এসেছিল।" এটা কি ঠিক? এই দূতরা তাঁর আত্মার মাধ্যমে তাঁর বাক্য সেবা করেন; বাক্যের সেবা করেন, পবিত্র আত্মার মাধ্যমে। আত্মা ও বাক্য ভাববাদীদের

কাছে এসেছিল আর ভাববাদীদের কাছে ঈশ্বরের বাক্য ছিল। এই জন্যই তারা অলৌকিক কাজগুলো করতে পেরেছিলেন। এটা সেই ব্যক্তি ছিল না; এটা সেই ব্যক্তির মধ্যে ঈশ্বরের আত্মা ছিল, মানুষের মধ্যে খ্রীষ্টের আত্মা। কারণ ঈশ্বরের বাক্যের জন্য...তিনি কি করেছিলেন ? প্রতিটি মাধ্যম পরিষ্কার করেছিলেন। ঈশ্বর তাকে বেছে নিয়েছিলেন, আর তিনি পবিত্র আত্মা দ্বারা অভিষিক্ত হয়েছিলেন। আর এটি তিনি ছিলেন না। দর্শনে না দেখা পর্যন্ত তিনি কিছুই করেননি। এলিয় বলেছিলেন, কর্ম্মিল পর্বতে, "এই সকল আমি আপনার নির্দেশে করিয়াছি। এখন, প্রভু, অদ্য জানাইয়া দিন যে আপনিই ঈশ্বর।" ওহ, ঈশ্বরের মহিমা হউক !

165 আমি এটা অনেকবার দেখেছি, যখন আপনি ঈশ্বরের আত্মাকে একটি স্থানে আঘাত করতে দেখেন, আর সেই স্থানটি অভিষেকের অধীনে চলে যায় ! যদি আজ সকালে এই ছোট্ট দলটি এখানে, সমস্ত সন্দেহ দূর করে শুধু এই মনকে এখানে নিয়ে যেতে পারে ! আপনারা কি করে সন্দেহ করতে পারেন, যখন আপনারা মৃতকে—মৃতকে জীবিত হতে দেখেন, খোঁড়াকে হাঁটতে দেখেন, অন্ধকে দেখতে দেখেন, বধিরকে শুনতে দেখেন ?

166 প্রভুর দূত, এমনকি দেওয়ালে টাঙানো তাঁর ছবিও, সর্বত্র বিজ্ঞানকে স্তব্ধ করে দিয়েছে। তিনি কি করেছেন ? বাক্যের সাথে থাকুন। আমেন ! এটি প্রতিটি শয়তানকে কেটে দেয়। হ্যাঁ, এটা করে। এটা কি ? "সেবাকারী আত্মা, ঈশ্বরের উপস্থিতি থেকে প্রেরিত," বাক্যের বক্তাদের অভিষেক করতে, যিনি বাক্যের সাথে থাকেন। আর তিনি চিহ্নের সাথে বাক্যকে প্রমাণিত করেন, কাল, আজ এবং অনন্ত কাল যীশুকে একইভাবে নিয়ে আসেন। সেখানে এটা।

167 আমরা কীভাবে সন্দেহ করতে পারি, যখন তিনি বৈজ্ঞানিকভাবে, বস্তুগতভাবে, আধ্যাত্মিকভাবে, যেভাবে প্রমাণিত করা যায়, তিনি *এখানে* প্রমাণিত করেছেন ?

168 কি ব্যাপার ? এটা আমাদের মনে আছে। আমরা সেই বিষয়টির প্রতি আমাদের মন উন্মুক্ত করি, যেমন, "ঠিক আছে, এখন, আমি জানি না এটি হতে পারে কি না। হয়তো, কাল আমি ভালো বোধ করব।" ওহ, এর সাথে এটির কিছু করার নেই।

169 যেমনটা আমি প্রায়ই বলেছি, অব্রাহাম হয়তো সারাকে বলেছিলেন...তিনি একজন নারী হওয়ার থেকে—থেকে গতবয়স্ক ছিলেন। আমি কি বলতে চাচ্ছি আপনারা বুঝতে পেরেছেন; এটি জীবনের সময়, তার আটাশ দিন। দেখুন, তার বয়স

পঁয়ষট্টি বছর ছিল। তিনি সম্ভবত পনেরো, বিশ বছর আগে এটি অতিক্রম করেছিলেন। আর তিনি তাকে বললেন, সম্ভবত, আগামী কয়েকদিন, বললেন, "তুমি কি অন্যরকম কিছু অনুভব করছো, প্রিয় ?"

"একটু আলাদা নয়।"

170 "এর সাথে এটির কোন কিছু করার নেই। আমরা ঠিক এগোচ্ছি, যেভাবেই হোক। ঠিক আছে, এখন, যদি আপনি পুনরায় একজন—একজন তরুণী হয়ে শুরু করেন, আমরা জানি, জীবনের সেই রক্তের মাধ্যমে, ঠিক আছে, তারপরে, আমরা সেখানে খুঁজে পাই যে এটি শিশুটিকে আশ্রয় দিতে চলেছে, এবং সবকিছু ঠিক হয়ে যাবে। এখন, তুমি কি আজ অন্যরকম অনুভব করছো ? তিনি আমাকে প্রতিশ্রুতি দেওয়ার পর এক মাস হয়ে গেছে। তুমি কি অন্যরকম অনুভব করছো, প্রিয় ?"

171 "একটুও না, অব্রাহাম। কোন কিছুর চিহ্ন নেই। আমি—আমি এখনো আমার—আমার মতই আছি যেমন গত কয়েক বছর ধরে। কোন পার্থক্য নেই।"

"ঈশ্বরের মহিমা হউক! আমরা এটি পেতে যাচ্ছি, যেভাবেই হোক।"

172 "আপনি কি বলতে চাচ্ছেন, অব্রাহাম, তাকে...দেখুন, তিনি যদি আপনাকে প্রতিশ্রুতি দেন তবে অবশ্যই তিনি আমাদের *এইভাবে* একটি চিহ্ন দিবেন। নিশ্চয়ই তিনি আমাদের একটি চিহ্ন দিবেন।" হুহ! হালেলুইয়া!

173 "এই কালের দুষ্ট ও ব্যভিচারী লোকেরা চিহ্নের অন্বেষণ করে।" সেটা ঠিক। তার একটি চিহ্ন ছিল। এটি কি ছিল ? ঈশ্বরের বাক্য। এটাই ছিল চিহ্ন।

174 ঈশ্বর কিভাবে এই শিশুকে সুস্থ করতে পারেন ? ঈশ্বরের বাক্য তাই বলেছে; যদি আমি একটি সংবেদন অনুভব করি, বা কোন সংবেদন অনুভব করি না। যদি আমি...যাই ঘটুক না কেন, ঈশ্বর তাই বলেছেন। এটা তার নিষ্পত্তি করে।

175 অব্রাহাম বললেন, "তোমার বনেট এবং সবকিছু একসাথে ঠিক করে রাখ, আমরা দেশে যাওয়ার রওনা হচ্ছি।"

আপনি কোথায় যাচ্ছেন ?

176 "আমি জানি না" আমেন। "কিন্তু, আমরা যাচ্ছি, যেভাবেই হোক। এখন আমরা যাচ্ছি!" প্রস্তুত হও আর আমরা বেরিয়ে পড়ব।

হালেলুইয়া ! এটাই ঈশ্বরের প্রকৃত বাক্য। তার সামনে কি ধরা ছিল ? ঈশ্বরের প্রতিশ্রুতি, ঈশ্বরের বাক্য। "আমরা এটা পেতে যাচ্ছি।"

177 "অব্রাহাম, তোমার লোকদের মধ্য থেকে বেরিয়ে এসো। তারা, বিষয়টি হল, তারা সন্দেহবাদী এবং অবিশ্বাসী। তারা আপনাকে একই স্থানে দৃঢ় রাখবে। বেরিয়ে এসো। নিজেকে আলাদা কর, আর আমার জন্য জীবনযাপন কর।" এটা কি ? "তোমার সমস্ত বিবেক এবং ইন্দ্রিয়গুলি তোমার পিছনে রেখে দেও। তোমার মন উন্মুক্ত কর, আর মনে রেখো, এটা আমি। এসো, আমার সঙ্গে জীবনযাপন কর।" আমেন।

178 ঈশ্বর অব্রাহামের প্রতিটি বীজকে, আজ সকালে, সেই একই ধরণের জীবনের জন্য ডাকছেন। বিশ্বব্যাপী এখন মহাযুদ্ধ চলছে। ঈশ্বর তার সন্তানদের নিজেদেরকে কিসের থেকে আলাদা করতে চান ? দেখা, স্বাদ, অনুভব, গন্ধ, শ্রবণ করা; কল্পনা, বিবেক, স্মৃতি, যুক্তি, স্নেহ; সবকিছু থেকে। তাদের মন খুলুন এবং বাক্যকে আসতে দিন, এবং বাক্যের সঙ্গে সঙ্গে চলুন। তিনি একজন প্রকৃত সৈনিক।

179 তারকারা এভাবেই দাঁড়িয়ে থাকে। সৌরজগত পরিবর্তিত হয়নি; রাশিচক্র। প্রভাতীয় তারা প্রতিদিন সকালে তার দায়িত্বের স্থানে উঠে আসে, ঠিক যেভাবে পৃথিবী সৃষ্টি হয়েছিল ঠিক সেভাবে। সন্ধ্যার তারা তার স্থান নেয়; প্রতিটি তারা। লিটল ডিপার, ঋতুর ঠিক সময়ে, ঠিক যেখানে তার হওয়ার কথা সেখানেই থাকে। ধ্রুবতারা স্থির থাকে আর কখনো নড়ে না। হালেলুইয়া! বাকিরা সকলে ধ্রুবতারার চারপাশে ঘোরে, কারণ এটি পৃথিবীর কেন্দ্রে অবস্থিত।

180 সেটি খ্রীষ্ট। আমেন। তিনি সেখানে দাঁড়িয়ে আছেন, একজন মহান ক্যাপ্টেনের মতো তাঁর সেনাবাহিনীকে নির্দেশ প্রদান করছেন।

181 যেমন মোশি পাহাড়ে হাত তুলে ছিলেন, আর ইস্রায়েল যুদ্ধ করছিল, তাদের পথ বের করছিল, আর তিনি তার হাত উপরে করে দাঁড়িয়ে ছিলেন। সূর্যাস্ত না হওয়া পর্যন্ত তিনি হাত তুলে দাঁড়িয়ে রইলেন। তাদের তার হাত ধরে রাখতে হয়েছিল। তিনি ছিলেন মোশি।

182 তিনি ছিলেন খ্রীষ্টের এক প্রকার। তার হাত যেন উপরে থাকে তা নিশ্চিত করার জন্য, তার হাত ক্রুশে পেরেক দিয়ে গাথা হয়েছিল। হালেলুইয়া! আজ, তাঁর রক্তাক্ত পোশাক নিয়ে ঈশ্বরের সামনে, তিনি গৌরবের প্রাচীরে আরোহণ করলেন, সেখানে প্রতাপের দক্ষিন পাশে। আর সেই যুদ্ধ, প্রতিটি সৈনিকের কাছে, তার পথ তৈরী করে

নিবে। কি ঘটছে আমি তা চিন্তা করি না; ঈশ্বরের বাক্যের সাথে, তিনি নিজেকে স্বাধীন করবেন। আমেন।

183 ডিমের মধ্যে মুরগির মতো, যদি সে উঁকি দিতে ভয় পায় ? যদি সে ডিমটিকে ঠোকর দিতে ভয় পায় ? ডিমের ভিতর ছোট্ট মুরগি, একটা ছোট্ট পাখি, ডিমের খোসায় ধাক্কা দিতে ভয় পেলে কী হবে ? সে যদি বাইরে থেকে একটি শব্দ শুনতে পায়, "সেই খোসাটিতে আঘাত করবে না, তুমি আহত হতে পার", তাহলে কি হবে ? কিন্তু প্রকৃতি নিজেই, পাখিটির মধ্যে, তাকে বলে, "এটাকে ঠোকর দেও ! এটিতে একটি ছিদ্র কর।"

184 পুরোনো সব সংগঠনকে বলতে দিন, "অলৌকিক ঘটনার দিন শেষ হয়ে গেছে। আপনি নিজেকে আঘাত করতে যাচ্ছেন। আপনি ধর্মান্ধতার মধ্যে যাচ্ছেন।"

185 খোসাটি ছিদ্র করুন, যতটা আপনি পারেন ততটা শক্তি দিয়ে। হালেলুইয়া ! "শয়তান, দূর হ ! আমি এখান থেকে বেরিয়ে আসছি।" এটাই। "আমি এখানে আর শুয়ে থাকব না। আমি এখানে আর বসে থাকব না। আমি আর এই শয়তানের দেশে নেই। আমি আজ সকালে আমার পথ বের করছি। আমেন। আমি একটি ঈগল।" আমেন ! হালেলুইয়া !

186 কিন্তু সেই ছোট্ট ঈগল, সেই হাতুড়ির মত ঘাড়টি সেখানে, সেই খোসাটি ছিদ্র করে। খোসাটি যতই শক্ত হোক না কেন, এটি ঠিক এর মধ্য দিয়ে ছিদ্র করে। প্রথম জিনিস আপনারা জানেন, তারপর, সে তার ডানা একটু মেলে ধরতে পারে। সে ঠিক আছে।

187 আপনার পথ বের করুন। সেটা ঠিক। কিভাবে আপনি এটা করবেন ? এটা দিয়ে বিস্ফোরণ করার মাধ্যমে, "**সদাপ্রভু এই কথা কহেন। সদাপ্রভু এই কথা কহেন। সদাপ্রভু এই কথা কহেন।**" অবশেষে, আপনি কিছু তাজা বাতাসের গন্ধ পেতে শুরু করেন। "**সদাপ্রভু এই কথা কহেন।**" বাইরের দিকে আপনার মাথা বের করে। "**সদাপ্রভু এই কথা কহেন।**" এখন জোরে চাপ দিন, আপনি বেরিয়ে আসছেন !

188 সে আর কখনো খোলের কাছে ফিরে যায় না। আমেন। সে মুক্ত। ওহ, আমার ! সেই বাক্যটি একবার স্থাপন হয়ে গেলে, সেই সকল ইন্দ্রিয় এবং চেতনা ইত্যাদির মাধ্যমে, *এখানে* স্থির হওয়ার জন্য, এবং সেই মন খুলে যায় এবং এটি করতে দেয়। হে ঈশ্বর, দয়া করুন ! এটিকে পুনরায় বন্ধনে করার জন্য কিছু নেই। আপনি মুক্ত। পুত্র যাকে মুক্ত করেছেন তিনি খোসার বাইরে। আপনার ধর্মসম্প্রদায় আপনাকে

কখনই ফিরিয়ে নিতে পারে না। শয়তান আপনার আর কিছু করতে পারে না। সে তখন চিৎকার করে চেঁচামেচি করতে পারে।

189 কিন্তু আপনি রাজপথে আছেন, উচ্চ গতিতে ছুটছেন, ওহ, আমার, রাজার পথে দৌড়াচ্ছেন, ক্রুশের অভিষিক্ত সৈনিক হয়ে। আর এটি আপনারা সকল ঈগলরা, বিশ্বাসের সাথে, যীশুকে প্রচার করেন, জগতের আলো, রাজার পথে দৌড়িয়ে। নিশ্চিত। হ্যাঁ, মহাশয়!

190 এইগুলো "সেবাকারী আত্মা," ঈশ্বরের উপস্থিতি থেকে প্রেরিত, সেবক হওয়ার জন্য, (কি?) তাঁর বাক্যের সেবা করার জন্য; কোন ধর্মতত্ত্ব নয়, কিন্তু ঈশ্বরের বাক্য। তারা সেবাকারী আত্মা, ঈশ্বরের কাছ থেকে প্রেরিত, পরিচর্যা করার জন্য। সেবাকারী আত্মা! ওহ! আর, মনে রাখবেন, যদি এটি বাক্যের বাইরে কোন সেবাকার্য করে, তবে এটি ঈশ্বরের কাছ থেকে আসেনি। কারণ, "তোমার বাক্য স্বর্গে সংস্থাপিত।" সর্বদা, স্বর্গে, বাক্য হল-...ঈশ্বর তা দেখেন। আর তিনি কখনই বাক্য ব্যতীত কোন সেবাকার্য করার জন্য আত্মা পাঠাবেন না।

191 তিনি কখনই কলার পিছনে করা একটি বড় ডি.ডি.ডি., পিএইচ.ডি. সহ আত্মা পাঠাবেন না, এমন সব কিছু বলে, "ঠিক আছে, অবশ্যই, অলৌকিক ঘটনার দিন শেষ হয়ে গেছে। আমরা সবাই তা জানি।" না, না। এটা ঈশ্বরের কাছ থেকে আসেনি। এটা বাক্যের বিপরীত। আমেন।

192 তিনি তাদের পাঠান যারা বাক্যের আত্মার সেবাকার্য করেন। আমেন।

193 ওহ, আমার কাছে আরও চার বা পাঁচটি বিষয় আছে, কিন্তু আমি এই বিষয়ে আজ আর যাব না, আগামী রবিবার এটি নিব। ঠিক আছে।

শয়তান এবং তার মন্দদূতদের অভিষিক্ত করা হয়েছে।

194 যদি এই দূত আত্মাদের অভিষিক্ত হয় আপনার কাছে বাক্য নিয়ে আসার জন্য, আপনাকে বাক্যে বিশ্বাস করানোর জন্য, এখন আপনারা কি কোথাও দেখতে পেয়েছেন যেখানে কোন ভবিষ্যদ্বক্তা, ঈশ্বরের একজন প্রকৃত ভবিষ্যদ্বক্তা, ঈশ্বরের বাক্য অস্বীকার করেন? [মণ্ডলী বলল, "না।"—সম্পাদকীয়।] না, মহাশয়। কী হয়েছিল যখন তাদের সময়ের ধর্মসম্প্রদায়গুলি উঠেছিল এবং বলেছিল, "এখন, তিনি ভুল"? তিনি নিজের সঙ্গে থাকেন, একা দাঁড়িয়ে থাকেন। তিনি বলেছিলেন, "এটা ঠিক।"

195 সেই দিন মীখায়কে দেখুন, সেই পবিত্র-গড়ানো, দেখুন, যিম্লের পুত্রকে। সেখানে চারশো অভিষিক্ত, যা হওয়ার কথা ছিল, অভিষিক্ত ভাববাদীরা সেখানে দাঁড়িয়ে ছিলেন, সকলেই স্বাস্থ্যবান আর স্থির, আর বড় বড় ডিগ্রিধারী, উচ্চ শিক্ষিত এবং পালিশকৃত পণ্ডিত ছিলেন। বলেছিলেন, "যাত্রা করুন, আমাদের অনুগত রাজা। প্রভু আপনার সাথে থাকুন। সেটা আমাদের। যিহোশূয় আমাদের এটা প্রদান করেছেন। তাই আপনি গিয়ে এটি নিয়ে নিন। এটা একদম ঠিক। আপনি গিয়ে এটি নিয়ে নিন। কি..." তিনি বলেছিল, "ঠিক আছে, যিহো-..."

196 আপনারা জানেন, যিহোশাফট বলেছিলেন, "আর কেউ কি কোথাও নেই?" ঠিক আছে, তাদের চারশজন ছিল। চারশজনের কথা কেন বিশ্বাস হচ্ছে না? তিনি বলেছিলেন, "কিন্তু, আপনাদের আরেকজন কোথাও রয়েছে।"

197 বললেন, "আমি—আমি...ঠিক আছে, আমদের একজন আছে। অন্য একজন আছে, কিন্তু, ওহ, আমরা তাকে ঘৃণা করি।" হুহ! দেখুন?

198 "সেখানে—সেখানে, সেই লোকটির কথা আমি শুনতে চাই, দেখুন।" বললেন, "তাকে নিয়ে আসুন। দেখা যাক তিনি কি বলতে যাচ্ছেন।"

199 আর তাই তারা গিয়ে তাকে বলল, "এখন, শুনুন। আপনি আজ সকালে আপনার বার্তা ঠিক করুন, কারণ আপনি রাজার জন্য প্রচার করছেন। আপনি প্রচার করছেন...সকল—পলেষ্টীয়দের *অমুক-অমুক* মিনিস্ট্রিয়াল অ্যাসোসিয়েশনের জন্য, আপনারা দেখতে পাচ্ছেন, সকল মিনিস্ট্রিয়াল অ্যাসোসিয়েশন। এখন, আপনাদের মনে আছে, এখানে তারা যা বলেছিল। আপনারাও একই কথা বলেন। আপনারাও একই জিনিস বিশ্বাস করেন।" যে সামান্য...

200 সেখানে তার—তার ভুল লোক ছিল। সেই লোকটি এই পুরানো যুক্তি থেকে সরে যায়। তিনি চিমনীটি পরিষ্কার করেন, দেখুন, তার বিবেক।

201 "আর, ঠিক আছে, কেন, আপনারা জানেন তারা কি করবে? আপনি যদি একই কথা বলেন, আমি কল্পনা করি তারা আপনাকে জেলা প্রেসবিটার বানাবেন। তারা সম্ভবত তাই করবেন। তারা—তারা আপনাকে স্থানীয় জেলার সাধারণ অধ্যক্ষ বানাবে, যদি আপনি—আপনি শুধু তাদের সাথে একমত হন।" সেটি ঈশ্বরের প্রকৃত ব্যক্তি ছিল না।

202 কেন, তার চিমনী পরিষ্কার করা হয়েছিল, তার সমস্ত বিবেক এবং সবকিছু পরিষ্কার ছিল। তার মন ঈশ্বরের বাক্যের জন্য উন্মুক্ত ছিল। আর তিনি শুধুমাত্র ঈশ্বরের বাক্যে বিশ্বাস করবেন। এটাই সেবাকারী আত্মা। এটি একটি সেবাকারী আত্মা।

203 তিনি বলেছিলেন, “আমি এখন কি বলব জানি না। কিন্তু, আমি আপনাকে এই একটি কথা বলব, আমি শুধু তা-ই বলব, যা ঈশ্বর আমাকে বলতে বলেন।”

তাই তারা সেই রাতে অপেক্ষা করে। তিনি একটি দর্শন দেখেন।

204 পরের দিন সকালে, আমি কল্পনা করতে পারি মীখায় শাস্ত্রের মধ্য দিয়ে দেখার সময় বলেন, “এখন, এখন দেখা যাক। সেই দর্শন কি... এখন, তারা সকলে, সেখানে কোথাও কিছু ভুল আছে, কারণ এটি তারা যা বলেছে তার বিপরীতে। ঠিক আছে, এটা কি বলে ? আসুন দেখি এখানে ভাববাদী এলিয় কী বলেছিলেন, কারণ আমরা জানি তিনি একজন ভাববাদী ছিলেন। দেখুন কি...প্রভুর বাক্য এলিয়ের কাছে এসেছিল। হ্যাঁ। আর তিনি কি বলেছিলেন ? ‘কুকুরেরা তোমার রক্ত চাটিয়া খাইবে। ঈষেবল, কুকুরেরা তাহাকে খাইয়া ফেলিবে। আর ধার্মিক আহাবের জন্য...একজন ধার্মিক নাবোৎ।’” তখন তিনি বললেন...যখন তিনি তা দেখেন, তখন তিনি দেখলেন যে তাঁর দর্শন ঈশ্বরের বাক্যের সমান্তরালে ছিল, তারপর, বৃদ্ধ আহাব তার কাছে এসেছিলেন।

205 সেখান থেকে বেরিয়ে এসে বললেন, “যাউন। কিন্তু আমি ইস্রায়েলকে দেখিয়াছি...” দেখুন, তিনি তখন তার দর্শনটি বলতে লজ্জা পাননি, কারণ এটি প্রভুর বাক্য ছিল। তিনি জানতেন যে তিনি সেই জিনিসটি সঠিকভাবে নিতে পারেন। কি ? তিনি তার হৃদয়, তার মন, ঈশ্বরের বাক্যের জন্য খুলেছিলেন এবং ঈশ্বরের বাক্য আবার প্রকাশিত হয়েছিল, তাই তিনি জানতেন যে এটি ঈশ্বরের বাক্য অনুসারে।

206 এখন, আপনারা বলেন, “ওহ, আমি যদি মীখায় হতে পারতাম!” আপনি তার মতো হতে পারেন। আপনি নিশ্চয়ই। তুমিও, প্রিয়। আপনি একজন মীখায়, ভাববাদী। আপনি কি করতে পারেন ? আপনার মনকে উন্মুক্ত করুন। আমি আজ সকালে আপনাকে কি বলার চেষ্টা করছি ? প্রভুর বাক্য। দেখুন ? আপনার মনকে উন্মুক্ত করে বলুন, “এখন, আপনারা জানেন, আমি বিশ্বাস করি আমি সুস্থ হতে পারব।” ঠিক আছে, তাহলে এটা কি ? এটা প্রভুর বাক্য ? অবশ্যই, এটা প্রভুর বাক্য।

207 আর *এই* লোকটি এখানে বলেন, “অলৌকিক ঘটনার দিন সমাপ্ত হয়েছে। আপনি *এটা* করতে পারবেন না। আর আপনি...” এই বিষয়টি ভুলে যান। ঈশ্বরকে প্রথম স্থান দিন।

208 এখানে প্রভুর বাক্য আসে, আর তিনি এটি বলেছিলেন, আর তাই হয়েছিল।

209 এখন, শয়তান কি করেছিল? শয়তান অন্যদের অভিষিক্ত করেছিল। এখন, শয়তান তার দাসদের অভিষেক করে। ওহ, নিশ্চয়ই। আহ্-হাহ্। নিশ্চয়ই। সে তাঁর দাসদের অভিষেক করে। সে তাদের কি দিয়ে অভিষিক্ত করে? অবিশ্বাসের দ্বারা। শয়তান এবং তার প্রেতাত্মারা ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করার জন্য মানবতাকে অভিষিক্ত করে।

210 এখন, আপনি যদি এটি নিশ্চিত করতে চান, আপনি আদিপুস্তক ৩:৪ খুলুন। আসুন সেখানে ফিরে যাই আর এটি শুনি, এক মিনিটের জন্য, আর দেখি এটি তার প্রথম কৌশল নয় কিনা। এটাই প্রথম কাজ সে করেছিল। সে তার একই কৌশল কখনো ত্যাগ করে না। সে সব সময় এটা করে থাকে। এখন, দেখুন যে এটি—এটি সেটি কিনা। এখন, সে বাক্যের সাথে অস্বীকার করেনি। সে শুধু তাকে কিছুটা ভুল ধারণা দেয়, আপনারা জানেন, সে যেভাবে এটিকে শোনাতে চেয়েছিলেন ঠিক সেভাবে সে এটিকে তৈরি করে, সম্পূর্ণ বাক্য গ্রহণ করবেন না। এখন, আদিপুস্তক, আমার কাছে এখানে আছে, আদিপুস্তক ৩:৪। এখন দেখা যাক এটাই বলেছে কিনা। ঠিক আছে।

*তখন সর্প নারীকে কহিল, কোন ক্রমে মরিবে না:*

211 “নিশ্চয় মরিবে না।” দেখুন কিভাবে সে এটিকে ঘুরিয়ে উদ্ধৃত করে? “ওহ, আমরা বিশ্বাস করি অলৌকিক ঘটনার দিন সমাপ্ত হয়েছে। আমরা বিশ্বাস করি না যে পঞ্চাশত্তমীর মতো লোকেরা পবিত্র আত্মা গ্রহণ করতে পারে বলে এমন কিছু আছে। ওহ, আপনি যেভাবেই বাপ্তিস্ম গ্রহণ করেন, তাতে কোনো পার্থক্য হয় না।” শয়তানকে দেখতে পাচ্ছেন? তার কৌশলটি দেখুন? “ঠিক আছে, যদি ডাক্তার আপনাকে বলেন যে আপনি সুস্থ হতে পারবেন না, সেখানেই এটি সমাপ্ত।”

212 এখন, ডাক্তারের প্রতি অসম্মান, অবিশ্বাস না করে। ডাক্তার বৈজ্ঞানিক পদ্ধতিতে কাজ করছেন। আর ডাক্তার ব্যক্তিটির জীবন বাঁচাতে তার যা যা করা সম্ভব সবই করেছেন, আর তাকে বাঁচিয়ে রাখা সম্ভব নয়, কারণ তার আর কিছুই করার নেই। তিনি তার বুদ্ধির শেষে পৌঁছে গেছেন। মানুষটি সৎ। কিন্তু, এখন, জ্ঞানের বৃক্ষ ঠিক

আছে, কিন্তু যখন আপনি এটি যতদূর যায় ততদূর যান, তারপর জীবন বৃক্ষে পদত্যাগ করে চলে আসেন এবং এগিয়ে যান। আমেন। এটাই। এটি এখান থেকে কাজ করবে। হ্যাঁ।

213 এখন, শয়তানের কৌশল কী? সে এখানে কি বলেছিল? এখন দেখুন ১ম এবং—এবং ২য় পদটি। এখন আমাকে—আমাকে এখানে ১ম পদ থেকে ৩ পদ পর্যন্ত পাঠ করতে দিন।

*সদাপ্রভু ঈশ্বরের নির্ম্মিত ভূচর প্রাণীদের মধ্যে সর্প সর্ব্বাপেক্ষা খল ছিল। সে ঐ নারীকে কহিল, ঈশ্বর কি বাস্তবিক বলিয়াছেন, তোমরা এই উদ্যানের কোন...কোন বৃক্ষের ফল খাইও না?*

214 এখন তার কথা শুনুন, সে কতটা নোংরামো করে, আর সে কিভাবে—কিভাবে সেই বাক্যকে প্রভাবহীন করে ফেলে। দেখুন? সে...সে কি করার চেষ্টা করছে? তার মনের মধ্যে প্রবেশ করার চেষ্টা করছে। দেখুন? সে তার সাথে কথা বলছে, বাক্য সেখানে সুরক্ষিত ভাবে রাখার পরে।

215 এখন, আপনি শয়তানকে কোন কিছু শক্তিশালী করতে দিবেন না। দেখুন? আপনি আপনার হৃদয়ে ঈশ্বরের বাক্যকে সুরক্ষিত রাখুন। দেখুন? আপনিও একই কাজ করুন। এখন দেখুন, মীখায়।

*...নারী সর্পকে কহিলেন, আমরা এই উদ্যানস্থ বৃক্ষ সকলের ফল খাইতে পারি: কেবল...*

*কেবল উদ্যানের মধ্যস্থানে* (মধ্যস্থানে, দেখুন) *যে বৃক্ষ আছে, তাহার ফলের বিষয় ঈশ্বর...বলিয়াছেন, তোমরা তাহা ভোজন করিও না, স্পর্শও করিও না, করিলে মরিবে।*

216 দেখুন, এখন, এটাই বাক্য। তিনি তার কাছে এটি উদ্ধৃত করছেন। এখন দেখুন।

*তখন সর্প নারীকে কহিল, কোন ক্রমে মরিবে না:*

217 তার কৌশলটি দেখুন? দেখুন? সে কি করার চেষ্টা করছে? সে সেখানে সেই মহিলাকে, সেই প্রথম মানুষটিকে, ঈশ্বরের কন্যাকে, ঈশ্বরের বাক্যে অবিশ্বাস করার মাধ্যমে অভিষিক্ত করার চেষ্টা করছে। ঠিক এটাই সে তাকে করাতে চাচ্ছে।

218 সে তোমাকে সেটি করানোর চেষ্টা করে, প্রিয়। এটি সে আপনাদের প্রত্যেককে করানোর চেষ্টা করে, সেখানে, আপনাদেরকে অভিষিক্ত করে। আর আপনাকে যে জিনিস এখন করতে হবে...আপনি একজন স্বাধীন নৈতিক প্রতিনিধি। এখন

আপনি চাইলে এটি মেনে নিতে পারেন। কিন্তু এটিকে লাথি মেরে বের করে দিন। হবা যদি সেই মুহূর্তটিতে না থামতেন, শ্রবণ করার জন্য! কোন কিছুর জন্য থামবেন না। থামবেন না।

219 যখন—যখন ইলীশায় গেহসিকে বললেন, "আমার এই যষ্টি লইয়া প্রস্থান কর, বালকটীর মুখের উপরে আমার এই যষ্টি রাখিও। আর কেহ মঙ্গলবাদ করিলে তাহাকে উত্তর দিও না। যদি কেহ তোমাকে থামানোর চেষ্টা করে, তাহলে থামিও না।"

220 যখন মহিলাটি তার চাকরকে ডাকলেন তার দিকে দেখুন। তিনি বলেছিলেন, "আর তিনি গর্দ্দভী সাজাইয়া আপন চাকরকে কহিলেন, গর্দ্দভী চালাইয়া চল, আজ্ঞা না পাইলে আমার গতি শিথিল করিও না।" এটাই।

221 আপনি যখন বার্তা পেয়েছেন, এগিয়ে যেতে থাকুন। আমেন। বলুন, "আমি হাঁটতে পারি না। হ্যাঁ আমি পারি! এখন, ওহ, আমি দুর্বল হয়ে যাচ্ছি।" এগিয়ে যেতে থাকুন, থামবেন না। সবকিছু একপাশে রেখে, কেটে এগিয়ে যেতে থাকুন, ভাই, আপনার হাতে তলোয়ার আছে, কাটতে থাকুন।

222 আমি একবার ফুটবল স্টেডিয়ামে গিয়েছিলাম এবং প্রচার করতে যাচ্ছিলাম। আমি দরজার কাছে এসে থামলাম আর উপরের দিকে তাকালাম। এতে লেখা ছিল, "এটি লড়াইয়ের মধ্যে কুকুরের আকার নয়। এটি কুকুরের মধ্যে লড়াইয়ের আকার।" তাই এটাই যুদ্ধে জয়লাভ করে। দেখুন?

223 আপনারা বলেন, "ঠিক আছে, দেখুন। সকল বৃহৎ গীর্জাগুলো এর বিরুদ্ধে।"

224 তাদের আকার কি আমি তা নিয়ে চিন্তা করি না। এটি কুকুরের মধ্যে লড়াইয়ের ক্ষমতা, সেটিই গুরুত্বপূর্ণ। এটা ব্যক্তির মধ্যে যে বিশ্বাস রয়েছে। যদি আপনি কাপুরুষ হন তবে আপনার আরামের গর্তে ফিরে যান। কিন্তু, ভাই, আপনি যদি একজন সৈনিক হন তবে সেখানে দাঁড়ান। একটা যুদ্ধ চলছে। ন্যায়-অন্যায় জড়িত। আসুন যুদ্ধ করি।

225 পিটার কার্টরাইটের মতো, একটি শহরে গিয়ে বলেছিলেন, "প্রভু আমাকে বলেছেন এখানে—এখানে এসে একটি পুনরুজ্জীবন নিয়ে আসার জন্য।" তিনি একটি পুরানো স্টোররুম ভাড়া করেন, সেখানে প্রবেশ করেন এবং এটি পরিষ্কার করতে শুরু করেন।

226 আর শহরের বড় মস্তান, তার পাশে পিস্তল ঝুলিয়ে সেখানে আসেন। দরজায় দাঁড়িয়ে...তাদের মধ্যে কেউ কেউ বলেন, "ঐ লোকটা এখানে কি করছে?"

227 বললেন, "তিনি একজন প্রচারক। তিনি একটি সভা করতে যাচ্ছেন, তিনি বললেন।"

228 "ঠিক আছে," সে বলল, "আমাকে সেখানে গিয়ে তাকে রাস্তায় ফেলে দিতে হবে, আর তাকে এখান থেকে তাড়িয়ে দিতে হবে। এখানেই শেষ। আমরা আমাদের স্থানে কোনো সভা চাই না।"

229 তাই সে সেখানে গিয়ে দরজায় পা দিয়ে সজোরে আঘাত করে। পিটার কার্টরাইট তার কোট পরেছিলেন, আপনারা জানেন, আর তিনি জানালা আর দেওয়াল জল দিয়ে পরিষ্কার করছিলেন। একজন সামান্য ব্যক্তি, আপনারা জানেন।

230 সেই বৃদ্ধ প্রচারক তাকে দেখে হেসেছিলেন, আপনারা জানেন, মুরগির মাংস হাত দিয়ে খাওয়ার জন্য; যা আজকের শিষ্টাচার, আপনারা জানেন।

231 তাই তিনি জানালা পরিষ্কার করছিলেন আর সবকিছু ঠিকঠাক করছিলেন। মস্তান ব্যক্তিটি কাছে গেল, তার কোট পিছনে টেনে, তার পাশে পিস্তল ঝুলছে, বলল, "কি করছেন?"

232 "ওহ," তিনি বললেন, "আমি জানালা পরিষ্কার করছি।" আর তিনি জানালা পরিষ্কার করতে থাকেন, আপনারা জানেন। তার একটাই উদ্দেশ্য ছিল। ঈশ্বর তাকে একটি পুনরুজ্জীবনের সভা রাখতে বলেছিলেন। জানালা পরিষ্কার করতে থাকেন।

সে বলল, "আমরা এখানে পুনরুজ্জীবন সভার অনুমতি দিই না।"

233 তিনি বললেন, "ওহ, কিন্তু প্রভু আমাকে বলেছেন এই—এই পুনরুজ্জীবন সভা রাখার জন্য।" দেখুন? তিনি শুধু তার কাজ করতে থাকেন। দেখুন? দেখুন?

234 "ঠিক আছে," সে বলল, "আপনাকে—আপনাকে একটা জিনিস বুঝতে হবে।" সে বলল, "আমি এখানে এই শহর চালনা করি।"

235 তিনি বললেন, "ওহ, আপনি করেন?" আর জানালা পরিষ্কার করতে থাকেন, আপনারা জানেন।

236 সে বলল, "আপনার পুনরুজ্জীবন সভার আগে, আপনাকে প্রথমে আমাকে কশাঘাত করতে হবে।"

তিনি বললেন, "ওহ, আমি বুঝতে পেরেছি? ঠিক আছে, তাহলে আমি ঠিক এটি করব।"

237 তিনি তার কোট খুলে ফেললেন। সেখানে গিয়ে তার কলার ধরে তাকে মেঝেতে ধাক্কা মেরে তার ওপরে ঝাঁপিয়ে পড়লেন। বললেন, "আমাকে যুদ্ধ করতেই হবে, যদি আমাকে রাজত্ব করতে হয়। আমার সাহস বাড়ান প্রভু।" তার মধ্যে থেকে আলকাতরা বের করে দিন।

বললেন, "যথেষ্ট হয়েছে?"

238 সে বলল, "হ্যাঁ।" তিনি উঠে তার সঙ্গে হাত মেলালেন। তিনি সেই রাতে গির্জায় রক্ষা পেয়েছিলেন।

239 সেখানে এটি, দেখুন? এটি হল, ঈশ্বরের বাক্য গ্রহণ করুন এবং প্রতিটি সন্দেহের মধ্য দিয়ে আপনার পথ কেটে বের করুন। এটা দেখুন? অবশ্যই, এটাই। এটি পরবর্তী কাজ, আসুন এটি সম্পন্ন করা যাক। ঠিক। পরের বিষয় যা আমাকে করতে হবে তা হল আমার সন্দেহ থেকে দূরে থাকা, এটিকে কেটে ফেলুন। এটি আমার পরবর্তী কাজ, আমার সমস্ত অস্থিরতা দূর করা। যদি আমার ইন্দ্রিয় আমাকে বলে, "ঠিক আছে, তোমার খারাপ লাগছে," পরের কাজটি হল সেই জিনিসটি কেটে ফেলা। সেটা ঠিক।

240 আপনারা বলেন, "ঠিক আছে, আপনি...তারা আমাকে বলে...আপনি জানেন, আমার বিবেক আমাকে বলে, ভাই ব্রানহাম, যে আমি..." ঠিক আছে, আপনি সেই বিষয়টি কেঁটে ফেলতে পারেন। আপনি এর চেয়ে বেশি দূরে যেতে পারবেন না। শুধু আপনার পরবর্তী কাজ সম্পন্ন করুন। আপনার কোট খুলে ফেলুন এবং এটি খালি করুন। শুধু এগিয়ে যান। একটি উদ্দেশ্য, "আমি জয়লাভ করতে যাচ্ছি।" আমেন। "আমি পরাজিত হতে পারি না। আমি জয়লাভ করতে যাচ্ছি।" আমেন।

241 শয়তান অভিষিক্ত করে। দেখুন? তার প্রথম কৌশল কি? তার প্রথম স্থান কি ছিল যা সে পেয়েছিল? মন। হবা কিছুক্ষণের জন্য থামলেন, সে যা বলছিল তা শোনার জন্য। "ওহ, আপনি তাই বলেন না?"

242 সেখানেই অনেক মহিলারা নিজের ভুল করেছে, এবং অনেক পুরুষরা নিজের ভুল করেছে; ঠিক, এক মুহূর্তের জন্য থামুন, শুধু এক মুহূর্তের জন্য থামুন। আমি কতবার দেখেছি ডিভোর্সের মামলা এবং বিষয়গুলো এর উপর উঠে আসে।

243 "ঠিক আছে, আমি আপনাকে বলছি, ভাই ব্রানহাম, তিনি শিস দিয়েছিলেন 'হুইট-হুউ', আপনি জানেন, আর আমি

থামলাম, এবং, সৎ, আমি—আমি বলতে চাইনি।” আহ্-হাহ্। সেখানে এটা।

244 “ওহ্, সে, আমি টেবিলের অপর পাশে বসে ছিলাম। তার—তার সবচেয়ে সুন্দর চোখ ছিল!” দেখুন? আহ্-হাহ্। এটা দেখুন? এটাই।

245 শয়তানও একই কাজ করে। “ওহ্, ডাক্তার আমাকে বলেছেন আমি সুস্থ হতে পারব না, তাই আমি...” সেখানে এটা, একই জিনিস, দেখুন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ যা লড়াই করা হয়েছিল।

246 “ঠিক আছে, তারা আমাকে বলে...আমি *অমুক-অমুককে* পবিত্র আত্মা পেয়েছেন বলে দাবি করতে দেখেছি।” হ্যাঁ, আপনি কোন ভণ্ডের দিকে দেখেছেন। যারা সত্যই এটি পেয়েছেন তাদের বিষয়ে কি? আহ্-হাহ্। হ্যাঁ। শয়তান আপনাকে কোন কাকের টোপ দেখাবে, কিন্তু সে আপনাকে আসল কপোতকে দেখাবে না। আহ্-হাহ্। সেটা ঠিক। সে আপনাকে এটি দেখাবে না, আর সে এটিকে আপনার কাছ থেকে অন্ধ করে রাখবে।

247 ওহ্, তিনিও একজন যোদ্ধা, মনে রাখবেন। কিন্তু মহান আমাদের...“যিনি তোমাদের মধ্যবর্ত্তী, তিনি জগতের মধ্যবর্ত্তী ব্যক্তি অপেক্ষা মহান্।” কিন্তু ঈশ্বরের বাক্য ধরে রাখুন; এটা বিশ্বাস করুন, আপনারা এখানে সেনাবাহিনীর সেনাপ্রধানরা। আপনাদের দুর্গ ধরে রাখো ভাই। এটা ঠিক, আপনার দায়িত্বের পদ ধরে রাখুন।

248 আমার কাছে একসময় এখানে একটি ছোট মেয়ে ছিল। ভদ্রমহিলা এখানে হয়ত বসে থাকতে পারেন। তার নাম ছিল নেলি স্যান্ডার্স। প্রথমবার আমি যখন শয়তানকে বের করে দিতে দেখেছি। আমরা বাস করতাম, এখন, যদি আমি জায়গাটি মনে করতে পারি; এখানে প্রায় তিন ব্লক উপরে, কবরস্থানের আগে। আমি সবেমাত্র একজন প্রচারক হয়েছি, আর আমি এখানে এই কোণে একটি তাঁবু নিচে সভাতে প্রচার করছিলাম।

249 আর সেই মেয়েটি সেরা নৃত্যশিল্পীদের একজন ছিল। সে এখানে হাই স্কুলে যেত, সে আর লি হর্ন। আপনাদের অনেকে এখানে শহরে লি হর্নকে জানেন এখানে, পুল রুম চালায়। আর তাই তারা, সে আর লি হর্ন, দেশের সেরা নৃত্যশিল্পী ছিলেন। তিনি নিজেই ক্যাথলিক ছিলেন। অবশ্যই, ধর্ম তাদের কাছে কিছুই বোঝায় না, তাই...নেলি আর তারা। সে একজন দুর্দান্ত নৃত্যশিল্পী ছিল এবং তিনিও ছিলেন। আর তারা এখানে “ব্লেক বোটোম,” নামক নাচ

এবং "জিটারবাগস," ইত্যাদি সব জিনিস করেছিল। আর সে ছিল...তারা দুজন ছিলেন দেশের সেরা।

250 একদিন, সে এখানে স্তব্ধ হয়ে যায়, এক রাতে, সভাতে। সেখানে সে নিচে পড়ে যায়, বেদীতে, ছোট্ট নেলি। তার হৃদয়কে আশীর্বাদ করুন। সে সেখানে বেদীর কাছে শুয়ে পড়ল। সে তার মাথা তুলল। আর সে ক্রন্দন করতে থাকল, আর তার গাল বেয়ে অশ্রু বয়ে যেতে থাকল। সে বলল, "বিলি..." সে আমাকে চিনত। সে বলল, "আমি পরিত্রাণ পেতে চাই।"

251 আর আমি বললাম, "নেলি, আপনি পরিত্রাণ পেতে পারেন। যীশু আপনাকে পরিত্রাণ দিয়েছেন, মহিলা। আপনাকে এখন তা গ্রহণ করতে হবে তাঁর বাক্য অনুসারে।"

252 আর সে সেখানে থেকে যায়। সে কাঁদতে থাকে, আর সে প্রার্থনা করতে থাকে, আর সে ঈশ্বরকে বলেছিলেন যে সে আর কখনও জগতের কথা শুনবে না। সঙ্গে সঙ্গে, একটি সুন্দর মিষ্টি শান্তি তার আত্মার উপর চলে আসে। সে সেখান থেকে উঠে দাঁড়ালো, চিৎকার করে ঈশ্বরের প্রশংসা করে, ঈশ্বরকে মহিমান্বিত করে।

253 আর তার প্রায় ছয় বা আট মাস পরে, এক রাতে তিনি স্প্রিং স্ট্রিটে আসছিলেন।

254 এখন, একজন অল্পবয়সী মেয়ে, সে তার কিশোরী বয়সে, প্রায় আঠারো বছর বয়সে। সে আমার কাছে এসে বলল, "হোপ..." তিনি আমার স্ত্রী, যিনি চলে গেছেন। সে বলল, "আমি হোপ ও আইরিনের মত যদি দেখতে হতাম।" সে বলল, "আপনি জানেন, তারা কখনও জগতে বের হননি।" বলল, "জগত আপনার উপর একটি চিহ্ন রাখে।" বলল, "আমি একটি রুক্ষ দৃষ্টি পেয়েছি।" বলল, "এখন, আমি মেক-আপ ইত্যাদি করা ছেড়ে দিয়েছি, কিন্তু আমি দেখতে খুব রুক্ষ হয়ে গেছি। এমনকি আমার মুখের গঠন," সে বলল, "আমি দেখতে রুক্ষ।" সে বলল, "তারা দেখতে খুব সরল এবং কোমল।" বলল, "আমি যদি এটি কখনই না করতাম।"

255 আমি বললাম, "নেলি, যীশু খ্রীষ্টের রক্ত সমস্ত পাপ থেকে পরিষ্কার করে, প্রিয়। যাও, বিশ্বাস করো।"

256 ওয়েন ব্লেডসো, আপনারা অনেকেই তাকে এখানে চেনেন, বছরের পর বছর ধরে আমার একজন প্রিয় বন্ধু। তিনি একজন মদ্যপায়ী ছিলেন। আর তিনি আমার ভাই, এডওয়ার্ডের সাথে এখানে আসেন। তিনি এখানে রাস্তায় মাতাল হয়ে পড়েছিল, আর আমি তাকে তুলে এনেছিলাম, কারণ পুলিশ তাকে ধরতে যাচ্ছিল।

আর আমি তাকে এখানে নিয়ে এসেছিলাম। আমি একজন প্রচারক ছিলাম আর এখানেই থাকতাম, আমার মা বাবার সঙ্গে, আমার বিয়ে হওয়ার অনেক আগে। আমি তাকে নিয়ে গিয়ে বিছানায় শুইয়ে দিলাম। আমি...একটি ডুফোল্ড উপর শুয়ে পড়ি। ব্রানহামদের একটি বড় দল ছিল, আপনারা জানেন, আমরা দশজন ছিলাম। আর আমাদের চারটি কক্ষ ছিল, আর আমাদের একটু দ্বিগুণ হতে হয়েছিল। তাই, আমার একটি পুরানো ডুফোল্ড ছিল যার উপর আমি শুয়ে পড়ি। আমি *এইভাবে* এটিকে টেনে বের করি, আর—আর ওয়েনকে আমার সাথে বিছানায় শুইয়ে দিই। মাতাল অবস্থায়, তাকে ঘরে নিয়ে আসতে হয়েছিল আর শুইয়ে দিতে হয়েছিল।

257 আমি সেখানে শুয়ে ছিলাম। আমি বললাম, "ওয়েন, আপনি কি নিজের জন্য লজ্জিত নন?"

258 আর তিনি বললেন, "উহ, বিলি, আমার সাথে এভাবে কথা বলবেন না।"

তারপর আমি আমার হাত উপর রাখি। আমি বললাম, "আমি আপনার জন্য প্রার্থনা করতে যাচ্ছি, ওয়েন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।" আমি অনুমান করি, প্রায় এক বছর আগে আমি পরিত্রাণ পেয়েছিলাম।

259 আর তখন, হঠাৎ করে, একটি—একটি গাড়ী, দরজা বাইরে ধাক্কা দেয়, আর কেউ সজোরে ধাক্কা দিতে থাকে। "ভাই বিল! ভাই বিল!" [ভাই ব্রানহাম বেদী আঘাত করেন—সম্পাদকীয়।]

260 ভাবলাম, "হায়রে, কেউ নিশ্চয়ই মারা যাচ্ছেন।" আমি লাফ দিয়ে উঠলাম, দরজায়; সেখানে আমার পুরানো জিনিস ধরে, আমার পায়জামার চারপাশে *এইভাবে* জড়িয়ে, এবং ওয়েনকে ঢেকে দিয়ে, দরজার দিকে দৌড়ালাম।

261 এটি একজন মহিলার মত শোনাল। আমি দরজা খুললাম, আর এই তরুণী দরজায় দাঁড়িয়ে ছিলেন। সে বলল, "ওহ, আমি কি ভিতরে আসতে পারি?"

আমি বললাম, "ভিতরে আসো।" আর আমি লাইট জ্বালিয়ে দিই।

262 আর এখন সে ঠিক এভাবেই কাঁদছিল, আর সে বলল, "ওহ, বিলি, আমি—আমি—আমি শেষ হয়ে গেছি! আমি শেষ হয়ে গেছি!"

263 আমি বললাম, "কি ব্যাপার, নেলি? তোমার কি—হার্ট অ্যাটাক হয়েছে?"

264 সে বলল, “না।” সে বলল, “ভাই বিল, আমি স্প্রিং থেকে আসছিলাম।” সে বলল, “সত্যি বলছি, ভাই বিল! সত্যি বলছি, ভাই বিল, আমি কোন ক্ষতি করতে চাইনি। আমি কোন ক্ষতি করতে চাইনি।”

265 আমি বললাম, “কি ব্যাপার?” আমি ভেবেছিলাম, “আমি এখন তার সাথে কি করব?” আমি কি করব জানতাম না। আমি, একজন যুবক মাত্র। আর আমি...

266 বলল, “ওহ, ভাই বিল,” বলল, “আমি—আমি—আমি টুকরো টুকরো হয়ে গেছি।”

আমি বললাম, “এখন, শান্ত হন, বোন। এই বিষয়ে সম্পূর্ণ আমাকে বলুন।”

267 আর সে বলল, “ঠিক আছে,” সে বলল, “আমি রাস্তা দিয়ে আসছিলাম, আর রেডম্যান হল...” আর তারা সেখানে শনিবার রাতে নাচ করত। আর সে বলল, “আমার কাছে কিছু জিনিস ছিল, যা আমি আমার জন্য একটি পোশাক তৈরি করতে বাড়ি নিয়ে যাচ্ছিলাম।” আর সে বলল, “আমি সেই গানটি শুনেছি।” আর সে বলল, “আপনি জানেন,” বলল, “আমি মাত্র এক মিনিট থামলাম।” আর বলল, “এটি আরো ভালো হতে থাকল। তাই আমি ভাবলাম, ‘আপনি জানেন, আমি এখানে দাঁড়ালে কোন ক্ষতি হবে না।’”

268 সেখানেই সে তার ভুল করে, ক্ষণিকের জন্য থামা। সে শুধু শুনেছিল।

269 বলল, “আচ্ছা, আমি ভাবতে যাচ্ছি।” বলল, “হে প্রভু, আপনি জানেন আমি আপনাকে ভালোবাসি।” বলল, “আপনি জানেন আমি আপনাকে ভালোবাসি, প্রভু। তবে আমি নিশ্চিত সেই সময়টা মনে করতে পারি যখন লি আর আমি সেই সব কাপ—কাপ জিতেছিলাম, ইত্যাদি।” বলল, “আমার, আমার মনে আছে সেই পুরানো সঙ্গীত আমাকে আকর্ষণ করত। এটা এখন করে না।”

270 উহ-ওহ, উহ-ওহ! তুমি সেটা মনে কর তবে এটা তা নয়। এটি ইতিমধ্যেই তোমাকে ধরে ফেলেছে, ঠিক সেখানে। সে ঠিক সেখানে যেমন চায় ঠিক তেমনই করেছে। দেখুন?

271 কতজন নেলি স্যান্ডার্সকে চিনেন? ঠিক আছে, আমি অনুমান করি আপনাদের অনেকেই। হ্যাঁ। নিশ্চিত। তাই তারা—তারা—তারা...

272 বলল, সে বলল, "ঠিক আছে, আপনি কি জানেন?" বলল, "যদি আমি ওখানে সিঁড়ি বেয়ে উপরে উঠি," বলল, "হয়তো আমি তাদের কাউকে সাক্ষ্য দিতে সক্ষম হব।"

273 উহু! দেখুন, আপনি শয়তানের মাটিতে আছেন। এর বাইরে থাকুন। "শয়তানের উপস্থিতি থেকে দূরে থাকুন।"

274 কিন্তু সে হেঁটে উপরে গিয়েছিল আর কয়েক মিনিট সেখানে দাঁড়িয়েছিল। আর প্রথম জিনিস যা আপনারা জানেন, সে সেখানে কোন ছেলের বাহুতে ছিল।

275 তারপর তার চেতনা ফিরে আসে। আর সে সেখানে দাঁড়িয়ে ক্রন্দন করছিল, বলল, "ওহ, আমি এখন হারিয়ে গেছি। আমি..."

276 আমি ভাবলাম, "ঠিক আছে, আমি বাইবেল সম্পর্কে খুব বেশি জানি না, তবে আমি বিশ্বাস করি যে যীশু এই কথা বলেছেন, 'তাহারা আমার নামে ভূত ছাড়াইবে।'" আমি...

277 ওয়েন কিছুটা শান্ত হয়েছিল, আর সেখানে বসে দেখছিল। দেখুন? তাই আমি বললাম, "এখন, শয়তান, আমি জানি না তুই কে, তবে আমি এখন তোকে বলছি, ইনি আমার বোন, তাকে ধরে রেখে তোর কোন কাজ নেই। সে এটা করতে চায়নি। সে শুধু এক মিনিটের জন্য থেমেছিল।" যদিও সেখানেই সে তার ভুল করেছে। আমি বললাম, "কিন্তু তোকে তার থেকে বেরিয়ে আসতে হবে। তুই আমাকে শুনতে পেয়েছিস?"

278 আর, ঈশ্বর, আমাকে সাহায্য করুন, বিচার দণ্ড, জানুন। সেই পর্দার দরজা নিজে থেকেই খুলতে এবং বন্ধ হতে শুরু করে। "প্লুমপিটি, প্লুমপিটি," সেখানে দরজায়। "পাম্প, কা-প্লাম্প, কা-প্লাম্প।" আমি ভাবলাম।

আর সে বলল, "বিল, ওদিকে দেখুন। ওদিকে দেখুন।"

আর আমি বললাম, "হ্যাঁ। ওটা কি?"

সে বলল, "আমি জানি না।"

আমি বললাম, "আমিও জানি না।"

279 আর দরজাটি "পাম্পিটি-পাম্প, টি-পাম্প," হয়ে বন্ধ হতে থাকে। আমি ভাবলাম, "এখানে কি ব্যাপার? কি ব্যাপার?"

280 আমি আবার তাকালাম, *এই* ভাবে। আর আমি বললাম, "তাকে ছেড়ে দে, শয়তান! যীশুর নামে, তার থেকে বেরিয়ে আয়!"

281 আমি যখন এই কথাটা বললাম, তখন দেখতে অনেকটা বড় বাদুড়ের মতো, প্রায় *এত* লম্বা, তার পেছন থেকে উঠে এল, তার ডানার থেকে এবং তার পায়ের থেকে লম্বা চুল *এইভাবে* ঝুলছিল। চলে যায়, "হুহুহুহু।" যত দ্রুত সম্ভব, ঠিক আমার দিকেই আসতে শুরু করে।

282 আমি বললাম, "হে প্রভু ঈশ্বর, যীশু খ্রীষ্টের রক্ত আমাকে তা থেকে রক্ষা করুন।"

283 ওয়েইন বিছানায় লাফিয়ে উঠল, তাকাল। আর এখানে এটি ছিল, একটি বড় ছায়ার মত, চারপাশে প্রদক্ষিণ করে বিছানার পিছনে উপরে-নিচে যেতে থাকে। বিছানা থেকে ওয়েইন পাশের ঘরে চলে যায়, যতটা দ্রুত সম্ভব। তাই আমরা...

284 আমি নেলিকে তার বাড়িতে নিয়ে গেলাম। ফিরে এসে, আর আমি পারিনি...

285 মা সেখানে প্রবেশ করে চাদর ও সব কিছু ঝাড়লেন। সেখানে বিছানায় কিছুই ছিল না। এটা কি ছিল? তার ভেতর থেকে একটি দিয়াবল বেরিয়ে যায়। কি হয়েছিল? সে এক মুহূর্তের জন্য থেমেছিল। এটাই।

286 একদম থামবেন না। যখন ঈশ্বর আপনার হৃদয়ে তাঁর বাক্য রাখেন, তখন সেই তলোয়ারটি নিন এবং কাটতে শুরু করুন। হালেলুইয়া!

287 "আমার কাছে আর কোন কিছুর জন্য অপেক্ষা করার সময় নেই। এইমাত্র পার হয়েছি, আমার কাছে আরাম করার সময় নেই।"

288 তিনি বলেছিলেন, "আমার এই যষ্টি হস্তে লইয়া প্রস্থান কর। যদি কেহ তোমার সহিত কথা কহে, তাহার সহিত কথা কহিও না।"

289 শয়তান যদি বলে, "আরে, আপনি কি অনুভব করছেন জানেন?" তার সাথে কথাও বলবেন না। শুধু এগিয়ে যেতে থাকুন।

290 শয়তান, আপনারা জানেন, শয়তান বলে, "কিন্তু আপনি কি জানেন? আপনি জানেন, *অমুক-অমুক*, যখন তারা পবিত্র আত্মা পেয়েছিল, তখন আপনার মনে আছে তারা—তারা প্রায় তাদের বিবেক হারিয়ে ফেলেছিল।" তাদের সাথে কথাও বলবেন না। শুধু এগিয়ে যান। আপনি *অমুক-অমুকের* সম্পর্কে জানেন না।

291 এটি আপনি ও ঈশ্বর। সেটা ঠিক। ঈশ্বরকে রাখুন। তিনি তাঁর দাসদের অভিষিক্ত করেন। আমাকে তাড়াতাড়ি করতে হবে। ঈশ্বর তাঁর দাসদের অভিষিক্ত করেন। দেখুন?

292 এখন আমি এখানে কয়েকটি নোট ছেড়ে চলে যাচ্ছি, কিন্তু আমি এটি বলতে চাই। এখানে, এখন মনোযোগ দিয়ে শুনুন।

293 ছোট ভদ্রমহিলা, এখন মনোযোগ দিয়ে শুনুন।

294 এখানে আমরা শয়তানের কৌশল দেখতে পাই। আমরা কিভাবে করব? এখন, আমার কাছে এখানে অনেক বাক্য রয়েছে, ভাববাদীদের আরো অনেক কিছু, যেখানে তিনি বাইবেলের মাধ্যমে তাদের এবং বিভিন্ন লোকের কাছে এসেছিলেন এবং একই জিনিস করেছিলেন। এটি সর্বদা তার কৌশল, লোকেদের ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করানোর চেষ্টা করা। শুনুন, ক্রুশের সৈন্যরা। আপনি যখন ঈশ্বরের লিখিত বাইবেলের একটি বাক্যকে অবিশ্বাস করেন, তখন আপনি নিরস্ত্র হন।

295 বিশ্বাস করুন, প্রিয়?

296 আপনি নিরস্ত্র হয়ে যান। আপনি আত্মসমর্পণ করেন, আপনি জেলিফিশ। ঈশ্বরের সম্পূর্ণ বর্ম পরিধান করুন। আমেন। আমরা একটি যুদ্ধে আছি। ঈশ্বর যা বলেছেন তা সত্য। "প্রতিটি মানুষের কথাই মিথ্যা।" দেখুন? কিন্তু যখনই আপনি...আপনি একটি বিষয় শুনতে শুরু করেন, এটা তার কৌশল, আপনি নিরস্ত্র হয়ে যান।

297 হবাকে কতগুলো বিষয় শুনতে হয়েছিল? একটি। তখনই তাকে নিরস্ত্র করা হয়। শয়তান কি করেছিল? ঠিক তার মনের মধ্যে দিয়ে, তার আত্মায় প্রবেশ করেছিল এবং সেখানে সে বিকৃত হয়ে গিয়েছিল। এটা কি ঠিক? যখন সে ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করেছিল তখনই তাকে নিরস্ত্র করা হয়েছিল, তখনই তাকে বিকৃত করা হয়েছিল। ঠিক আছে। এখানে আমরা তার কৌশল দেখতে পাচ্ছি।

298 ঈশ্বরের সৈন্যদের আদেশ করা হয়েছে "ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান করার জন্য।" এটা কি ঠিক? এখন, আপনি যদি সেই শাস্ত্রটি লিখতে চান তবে এটি ইফিষীয় ৬:১০ এবং ১৩ তে পাওয়া যায়। দেখুন? আমরা কিছুক্ষণ আগে এটি পড়েছি। এটি আমাদের পাঠ্য। ঠিক আছে। লক্ষ্য করুন। "ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান কর।" আসুন...আপনাদের কি কয়েক মিনিট সময় আছে? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] এখানে মাত্র এক মিনিট ফিরে যাওয়া যাক। আসুন দেখি ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা কি। ঠিক আছে। ১০ তম পদ থেকে শুরু করা যাক। এখন, মনোযোগ দিয়ে শুনুন। আসুন ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা খুঁজে দেখি। "শেষ কথা এই, তোমরা..." এখন, আমি জানি আমি যাচ্ছি...আমি...

299 এখন বারোটা বাজতে প্রায় কুড়ি মিনিট বাকি আছে। আমি—আমি বেশিক্ষণ...আমি বেশিক্ষণ ধরে আজ আপনাদের শেখাতে চাই না, কিন্তু আমি—আমি গ্রীষ্মে ভ্রমণে যাওয়ার আগে আমার কাছে শুধুমাত্র আর একটি বার্তা থাকতে পারে, আপনারা দেখুন।

300 আর আপনারা কি জানেন? আমি কেন এটা করছি আপনারা জানেন? আমি আপনাদেরকে বলব। অন্য দিন আমি একটি স্বপ্ন দেখেছিলাম। আমি এটা বলতে যাচ্ছিলাম না, কিন্তু এটা আমার মনে আছে। প্রভু আমাকে ব্যাখ্যা দেওয়ার পরে আমিও এটি করতে পারি।

301 আমি স্বপ্নে দেখেছিলাম যে আমি মিশনের কাজের জন্য একটি বড় নদী পার হতে যাচ্ছি। আর এখন, প্রথমে, আমি আমার স্ত্রীর সাথে সেখানে ছিলাম...

302 এখানে শহরে কত জন জর্জ স্মিথকে জানেন, ছয় সেকেন্ডের স্মিথ? জর্জ স্মিথ, তার ছেলে এখানে পুলিশ বাহিনীতে আছে। তিনি, দরিদ্র জর্জ, এখন একজন মদ্যপ। কিন্তু তিনি সেরা যোদ্ধাদের একজন ছিলেন। তিনিই আমাকে আমার প্রশিক্ষণ দিয়েছিলেন, এমনকি Y.M.C.A তে বা অন্য কোথাও যাওয়ার আগে। তিনি আমাদের প্রশিক্ষণ দিতেন। আর তিনি দ্রুত, খুবই দ্রুত ছিলেন। তিনি একশ পঁয়তাল্লিশ পাউন্ডের জন্য শুধুমাত্র একজন ওয়েল্টারওয়েট ছিলেন। আর তিনি আমাকে প্রশিক্ষণ দিয়েছেন। সেখানে দাঁড়াতেন, এবং তিনি তার মুষ্টি *এভাবে* করতেন, আর আমাকে ঠিক পেটে আঘাত করেন, আমাকে দেয়ালের গায়ে উপরে উঠিয়ে দেন, দেখুন, কিন্তু, আমাকে এটি বিরক্ত করে নি। তিনি আমাকে প্রশিক্ষণ দিয়েছিলেন, প্রশিক্ষণ ছাড়া সেখানে আর কিছুই ছিল না।

303 তারপর আমি—আমি স্বপ্নে দেখেছিলাম, অন্য রাতে, আমি ছয় সেকেন্ডের স্মিথকে দেখেছি। এখন, এটি একটি দর্শন ছিল না। এটা একটা স্বপ্ন ছিল। আর আমি ছয় সেকেন্ডের স্মিথকে দেখেছি, একজন তরুণ ব্যক্তি তার বিরুদ্ধে কুস্তিতে আসছে। আর তিনি, সেই বৃদ্ধ ব্যক্তি, প্রায়, ওহ্, আমি অনুমান করি...আমার বয়স বাহান্ন। তার বয়স প্রায় আটান্ন, ষাট। তাদের মধ্যে কোনো যুবক কোনোভাবেই তাকে স্পর্শ করতে পারেনি। তিনি তাদেরকে *এইভাবে* একটি গিঁটে বেঁধে দিতেন, তাদের মেঝেতে শুইয়ে তার হাত দিয়ে ধরে রাখতেন।

304 আর আমি ভেবেছিলাম, "এটা অদ্ভুত।" আমি ভেবেছিলাম আমার স্ত্রী আমার সাথে আছেন, আর আমি বললাম, "এটা

অদ্ভুত।” আমি বললাম, “তুমি কি জানো, মেডা? তিনি আমার প্রশিক্ষক ছিলেন।”

সে বলল, “আমার—আমার তা মনে আছে, আপনি আমাকে এই বিষয়ে বলছেন।”

305 আমি বললাম, “হ্যাঁ, মহাশয়। তার ভালো প্রশিক্ষণের জন্য, আমি পনেরটি পেশাদার লড়াই জিতেছি, আর সেই—সেই ব্যবসা ছেড়ে দিয়ে; সুসমাচার প্রচার করছি।”

306 ঠিক তারপর এটা পরিবর্তিত হয়, আর আমি একটি—একটি জল পার করতে শুরু করেছিলাম। কিন্তু যখন আমি যাচ্ছিলাম, তখন একটা পাওয়ার বোট নিয়ে যাচ্ছিলাম। আমি ওদিকে তাকালাম, আর সেখানে আমার দুই ভাই একটি নৌকায় বসে ছিলেন, আমার সাথে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছিলেন। আমি বললাম, “ভাই, আপনারা এটা করতে পারবেন না। হুহ-উহ। আমাকে একা যেতে হবে।”

307 আর মাঝি উঠে এসে বললেন, “এই নিন আপনার জন্য একটি নৌকা,” একটি সাদা প্লাস্টিকের নৌকা।

আমি বললাম, “না। হুহ-উহ। ওটা না।”

308 তিনি বললেন, “ঠিক আছে, আপনি এটি দিয়ে *এই* দিকে দৌড়াতে পারেন, ঘণ্টায় পঞ্চাশ মাইল।”

আমি বললাম, “কিন্তু আমাকে *ওই* পথ পাড়ি দিতে হবে।” দেখুন?

“ঠিক আছে,” তিনি বললেন, “*তাদের* সাথে চলে যান।”

309 আমি বললাম, “তারা নৌকার মাঝি নয়। তারা এই বিষয়ে যথেষ্ট জানেন না। তারা উত্তেজিত। তারা এটাকে গুলি করতে পারে না। তারা দুজনেই সেখানে ডুবে যাবে। তারা এটা করতে পারে না।”

আর তিনি বললেন, “আপনি...আপনি কি বিশ্বাস করতে পারেন...?”

310 আমি বললাম, “শুনুন, আমি—আমি নৌকা সম্পর্কে তাদের চেয়ে বেশি জানি, আর আমি এটি এই ধরনের ধাতু দিয়ে শ্যুট করার চেষ্টা করব না।” আমি বললাম, “এটি অতিক্রম করার জন্য একটি পাওয়ার বোট নিতে হবে।” আমি বললাম, “এটি অতিক্রম করার জন্য এর থেকেও বড় কিছু লাগবে।”

311 আর আমি তাকে চারপাশে তাকাতে দেখি, একজন ভাইয়ের দিকে, আর বললেন, “আপনি কি নৌকার মাঝি?”

সেই ভাইটি বললেন, “হ্যাঁ।” দেখুন?

আমি বললাম, "সেটা ভুল।"

312 আর নৌকার মাঝি ফিরে আসেন। তিনি বললেন, "আপনি কি করবেন বলছি।" বললেন, "তারা আপনাকে ভালোবাসে। তারা আপনাকে বিশ্বাস করে। কিন্তু," বললেন, "আপনি যদি পাওয়ার বোটে পার হওয়ার চেষ্টা করেন, তারা সেই ডিঙ্গিতে আপনাকে অনুসরণ করার চেষ্টা করবে। তারা দুজনেই মারা যাবে, দেখুন।" বললেন, "তারা আপনাকে অনুসরণ করতে পারে না।"

আর আমি বললাম, "আচ্ছা, আমাকে কি করতে হবে?"

313 আর ফেরিঘাটের এই নৌকার মাঝি, তিনি বললেন, "আপনি *সেখানে* ফিরে যান।" বললেন, "এই দেশে একটি মাত্র ছোট ভাণ্ডারগৃহ আছে, একটি ছোট ভাণ্ডারগৃহ। আর সেখানে প্রচুর খাদ্য রাখা আছে," বললেন, "তারা সেখানে থাকবে। তারা—তারা সেখানে থাকবে যখন—যখন আপনি চলে যান। কিন্তু," বললেন, "আপনাকে খাদ্য সরবরাহ করতে হবে।"

314 আর আমি সব ধরণের বাঁধাকপি, শালগম, মূলা আর জিনিসপত্রের অর্ডার দিচ্ছিলাম, তাদের সেখানে এভাবে একত্রিত করছিলাম। তারপর আমি জেগে উঠলাম।

315 আমি জানতাম না এটা কি ছিল, কিন্তু আমি এখন জানি। দেখুন, ভাইয়েরা, আমরা খাদ্য সরবরাহে আছি। এটি একটি জীবন যেখানে আপনাকে একাই চলতে হবে।

316 লিও, আপনার সেই স্বপ্নের কথা মনে আছে যখন আপনি প্রথম এখানে এসেছিলেন? [ভাই লিও মার্সিয়ার বললেন "আমেন।"—সম্পাদকীয়।] পিরামিডের বিষয়ে, আর আপনি ভেবেছিলেন আপনি সেখানে আসবেন। আমি বললাম, "লিও, এখানে কোন মানুষ উঠে আসতে পারে না। ঈশ্বরকে এখানে একজন মানুষকে রাখতে হবে। আপনি, আরোহণ করা যেতে পারে এমন প্রতিটি শারীরিক রাজত্ব আরোহণ করেছেন।" আমি বললাম, "লিও, আপনি এখানে আসতে পারবেন না। দেখুন? নিচে ফিরে যান। লোকেদের বলুন যে এটা ঈশ্বরের কাছ থেকে আসে।" দেখুন? দেখুন?

317 এটি এমন কিছু যার উপর আপনি—আপনি নির্ভর করতে পারবেন না, ভাই এবং বোন, আমার মণ্ডলী ইত্যাদি, এবং অন্যান্য গির্জার মতো, আর সর্বত্র ভাইদের মতো।

318 এখন, আমি সেখানে চার্চ থেকে দূরে থাকতে পারি না। কেউ বললেন, "আচ্ছা, আপনি কেন ত্রিত্ববাদীদের সাথে বাইরে যান,

*এদের*, *ওদের*, এবং *অন্যান্যদের* সাথে, আর ওয়াননেস, এবং জিজাস নেম, এবং এই সব অন্যান্য লোকদের সাথে সেখানে ? কেন আপনি তাদের সাথে মিশছেন ?” তারা আমার। তারা যাই করুক না কেন, তারা আমার। তারা আমার বেদী।

319 ইস্রায়েল যখন এত খারাপ কাজ করেছিল, যতক্ষণ না ঈশ্বর মোশিকে বলেছিলেন, বলেছিলেন, “নিজেকে আলাদা কর। আমি নতুন—নতুন করে তোমার সাথে নতুন গোষ্ঠী শুরু করব।”

320 মোশি নিজেকে পথে রেখে বললেন, “ওদের নেওয়ার আগে আমাকে নিয়ে যান।”

321 তারা যাই করুক না কেন, তাদের জন্য আমাকে পাঠানো হয়েছে। তিনি একটি আলো পাঠান, যেখানে আলো আছে সেখানে আলোকৃত করতে নয়। যেখানে অন্ধকার, সেখানেই আলোকৃত করার জন্য। আর আপনাকে লোকদের সাথে থাকতে হবে। আপনাকে তাদের সাথে দাঁড়াতে হবে, নির্বিশেষে, আপনি তাদের ভুলের মধ্যে আছেন।

322 ইস্রায়েল ভুল ছিল, যতটা সে ভুল হতে পারে। তারা এতটাই ভুল ছিল যে ঈশ্বর তাদের ছেড়ে দেন। কিন্তু, মোশি, আমি সর্বদা ভাবতাম এটি কীভাবে এসেছিল, মোশির মধ্যে খ্রীষ্টের আত্মা। দেখুন ?

323 দেখুন, আমরা সবাই ভুল। আমরা যখন আমাদের ভুলের মধ্যে ছিলাম তখন তিনি আমাদের সকলের পক্ষে দাঁড়িয়ে ছিলেন।

324 তারা যতই ভুল হোক না কেন, আসুন আমরা কোন কিছুর সাথে সহভাগীতাচ্যুত বা বিচ্ছিন্ন না হই। যতক্ষণ আমরা একটি আত্মাকে জয় করতে পারি, আসুন আমরা “সর্পের ন্যায় সতর্ক ও কপোতের ন্যায় অমায়িক” হয়ে গমন করি, দেখুন, এবং আমরা যতটা পারি প্রতিটি আত্মাকে জয় করার চেষ্টা করি।

325 এখন, আমি আজ সকালে যা বলছি তা হল খাদ্য সঞ্চয় করা। খাবার সঞ্চয় করা, যাতে আপনার কাছে কিছু খাওয়ার মতো থাকে, যাতে আপনার খাওয়ার মতো কিছু থাকে। এটি আপনার টেপ নিয়ে নিন। ঘরের ঠান্ডায় বসে। হয়তো, আমি যখন অনেক দূরে চলে যাই, তখনও আপনারা মনে রাখবেন এই জিনিসগুলো সত্যি। আপনার ঘরে বসে শুনুন। দেখুন ? এটি হল স্টোরহাউসে সঞ্চয় করা খাদ্য। ট্রিপটা কোথায় আমি তা জানি না, কিন্তু, সেটি যেখানেই হোক না কেন, তিনি জানেন তিনি কোথায় নিয়ে যাচ্ছেন; আমি না, আমি শুধু অনুসরণ করি।

326 এখন, তিনি এখন এখানে কি বলেছেন? মনোযোগ সহকারে শুনুন।

> *শেষ কথা এই, তোমরা প্রভুতে ও তাঁহার শক্তির পরাক্রমে বলবান্ হও।*
>
> *...বলবান্ হও...তাঁহার শক্তির পরাক্রমে।*
>
> *ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান কর, যেন দিয়াবলের নানাবিধ চাতুরীর সম্মুখে দাঁড়াইতে পার।*
>
> *কেননা রক্তমাংসের সহিত নয়,...*

গুলি করে আর ছুরি চালিয়ে, দেখুন, তা নয়।

> *...কিন্তু আধিপত্য সকলের সহিত, কর্ত্তৃত্ব সকলের সহিত, এই অন্ধকারের...জগৎপতিদের সহিত,...*

327 "অন্ধকারের শাসকরা।" কে পৃথিবী শাসন করে? শয়তান, অবশ্যই। কে এই সব কিছু, এই সমস্ত অধার্মিক কাজ করছে, চারিদিকে, এবং এই সরকারগুলো, ইত্যাদি? এটি সব শয়তানের। বাইবেল তাই বলে। মার্কিন যুক্তরাষ্ট্রকে শয়তান নিয়ন্ত্রণ করে। শয়তান জার্মানিকে নিয়ন্ত্রণ করে। পৃথিবীর প্রতিটি রাষ্ট্রকে শয়তান নিয়ন্ত্রণ করে। আমি এটিতে আসছি, মাত্র কয়েক মিনিটের মধ্যে, আর আমরা খুঁজে বের করব, সে তা করে কি না। কিনা...প্রতিটি রাজ্য যা কখনও ছিল এবং থাকবে, যতক্ষণ না ঈশ্বর তার রাজ্য স্থাপন করেন, শয়তান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

328 আমি বলতে চাচ্ছি না যে এর মধ্যে সবাই শয়তানের। সেখানে ধার্মিক ব্যক্তিরা আছেন—সরকারি অফিসে।

329 কয়েক রাতের মধ্যে এখানে একজন আসতে চলেছেন, এখানে, এখানে ভাই আরগানব্রাইটের সাথে একটি ছবি দেখাতে, এখানে এই স্থানে। ভাই রোয়ে, তিনি প্রায় পাঁচটি ভিন্ন রাষ্ট্রপতির কূটনীতিক ছিলেন। আর তিনি একজন...তিনি এখানে আসবেন, আমি মনে করি এটি এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে। ভাই নেভিল এটি ঘোষণা করবেন। তিনি একজন দুর্দান্ত ব্যক্তি।

330 আমি বিশ্বাস করি, তিনি বলেছিলেন যে তিনি আটটি ভিন্ন ভাষায় কথা বলতে পারেন। কিন্তু যখন তিনি পবিত্র আত্মা পান, তখন তাঁর কাছে প্রভুর সাথে কথা বলার কোন ভাষা ছিল না, তাই প্রভু তাকে শুধু একটি দেন, তিনি বলেছিলেন, তাই তিনি তাঁর সঙ্গে সেই একটিতে কথা বলেছেন। তাকে একটি নতুন দিয়েছিলেন, যার তিনি কখনই অনুশীলন করেনি। ঠিক আছে।

*...স্বর্গীয় স্থানে দুষ্টতার আত্মাগণের সহিত আমাদের মল্লযুদ্ধ হইতেছে।*

*এই জন্য...*

331 এখন শুনুন, আপনারা সকল সৈন্যরা, আমরা প্রার্থনার লাইন শুরু করার ঠিক আগে।

*...তোমরা...তোমরা ঈশ্বরের* (স-ম-গ্র) *সমগ্র* (এর একটি অংশ নয়)*...সমগ্র যুদ্ধসজ্জা গ্রহণ কর, যেন সেই কুদিনে প্রতিরোধ করিতে,...*

সেই দিনটিতে আমরা বাস করছি।

*...এবং সকলই সম্পন্ন করিয়া দাঁড়াইয়া থাকিতে পার।*

*দাঁড়াইয়া...*

332 আমেন। সেটা বুঝতে পেরেছেন ? দেখুন, প্রিয় ? যখন আপনি যা করতে পারেন তা করে ফেলেন, দাঁড়ানোর জন্য, তারপর দাঁড়ান। নড়াচড়া করবেন না।

*দাঁড়াইয়া থাক, কটিবন্ধনীতে...*

333 এইটা শুনুন। এখানে শুনুন, এটা কি। "আপনার কটিবন্ধনীতে।" এটি আপনার মাঝের অংশ, *এখানে*, দেখুন।

*...সত্যের বদ্ধকটি হইয়া,...*

334 সত্য কি ? ঈশ্বরের বাক্য। সেটা ঠিক। "আপনার বাক্য সত্য।" ঠিক আছে।

*...ধার্ম্মিকতার বুকপাটা পরিয়া;*

335 এটাই, "যা ঠিক তাই করুন।" আপনার মধ্যে ঈশ্বরের বাক্য আছে, যা ঠিক তা করছে। "ধার্ম্মিকতার বুকপাটা।"

*এবং শান্তির সুসমাচারের সুসজ্জতার পাদুকা চরণে দিয়া;*

336 যে কোন জায়গায়, যে কোন স্থানে, যে কোন সময়, সুসমাচারের সুসজ্জতার পাদুকার সাথে যান। বুঝেছেন ? আর দেখুন:

এই সকল ছাড়া *বিশ্বাসের ঢাল*ও গ্রহণ *কর,...*

337 এটি সেই যে বানগুলিকে ছিটকে দেয়, দেখুন, "বিশ্বাসের ঢাল।"

*...যাহার দ্বারা তোমরা সেই পাপাত্মার সমস্ত অগ্নিবাণ নির্ব্বাণ করিতে পারিবে।*

*এবং পরিত্রাণের শিরস্ত্রাণ গ্রহণ করুন,...*

338 এটাই প্রাণ...মন—মন, *এখানে*, মাথা; মাথা ঢেকে রাখে।

*...ও—ও আত্মার খড়গ, অর্থাৎ ঈশ্বরের বাক্য গ্রহণ কর:*

339 আপনি কিভাবে এই শিরস্ত্রাণ দিতে যাচ্ছেন, এটা কি করে? এটি একটি সুরক্ষা। শিরস্ত্রাণ কি দিয়ে তৈরি? পিতল। পিতলকে আঘাত করা যাবে না; কঠিন, লোহার চেয়ে কঠিন। একটি পিতলের মাথা, (কি?) পরিত্রাণ, এটি জানার জ্ঞান, "আমার আরোগ্য ঈশ্বরের কাছ থেকে আসে। আমার পরিত্রাণ ঈশ্বরের কাছ থেকে আসে। আমার অভিজ্ঞতা তাঁর বাক্যের সাথে মিলে, চার্চগুলির ধারণার সাথে নয়; বাক্যের সাথে!" আমেন। সেখানে এটি। আচ্ছাদিত, একটি সুরক্ষা দ্বারা, পরিত্রাণের শিরস্ত্রাণ, পরিত্রাণ। সেটা নিন, তারপর এগিয়ে যান। ওহ, এখন, এখন সেটাই আমাদের করার কথা। শয়তানের বাহিনী...

340 এখন লক্ষ্য করুন, এখন, আমরা...আমাকে তাড়াতাড়ি করতে হবে, কিন্তু আমাকে—আমাকে এটি নিয়ে আসতেই হবে।

341 শয়তানের বাহিনী রোগ নিয়ে আসে। এটাই শয়তান, সে একজন ধ্বংসকারী। শয়তান, শয়তানের সমগ্র রাজ্য হল অসুস্থতা, মৃত্যু, দুঃখ, অস্থিরতা, এবং উদ্বেগ, সব শয়তানের উপর।

ঈশ্বর হলেন জীবন, বিশ্বাস, আনন্দ, শান্তি, *এখানে*। দেখুন?

342 এখন, এটি সেই দুটি মহান শক্তি যা এখন একত্রিত হচ্ছে। তারা লড়াই করছে। তারা এই মুহূর্তে এই ভবনে যুদ্ধ করছে। তারা প্রতিদিন আপনার সাথে যুদ্ধ করে, প্রতিটি শক্তি।

343 শয়তান, আপনাকে অনুসরণ করছে, সেই বৃহৎ, বড়, রাজকীয়, পুরোহিত গোলিয়াথ আপনার লিভারকে ভয় দেখানোর চেষ্টা করছে। সে ঠিক, কিন্তু ঈশ্বর...

344 আপনি সুরক্ষিত, আমেন, সুসমাচারের সঙ্গে, আপনার কটিদেশের চারপাশে সত্যের বাক্য নিয়ে। মহিমা! প্রচারক, এটাই তাই। পরিত্রাণের শিরস্ত্রাণ; বিশ্বাসের ঢাল; এবং তলোয়ার, এটি আপনার হাতে ঘুরছে! "শয়তান, আমি তোর সাথে দেখা করতে আসছি। তুই বিজ্ঞানের নামে আমার সাথে দেখা কর। তুই সংস্কৃতির—সংস্কৃতির নামে আমার সাথে দেখা কর। ধর্মসম্প্রদায়ের নামে তুই আমার সাথে দেখা কর। তুই আমার সাথে *এই*, *ওই*, অথবা *অন্য* নামে দেখা কর। কিন্তু আমি ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভুর নামে তোর সাথে দেখা করি। আমি তোর পিছনে আসছি। পথ পরিষ্কার কর!" এমনকি মৃত্যুও সেখানে দাঁড়াতে পারে না। এর মধ্যে দিয়ে একটি গর্ত কেটে বেরিয়ে আসুন। সেটা ঠিক।

345 শয়তানের বাহিনী রোগ নিয়ে আসে আর ঈশ্বরের সৈন্যবাহিনীকে তাদের তাড়ানোর দায়িত্ব দেওয়া হয়েছে। আমেন। সেখানে এটা। যখনই শয়তান আপনার উপর কোন কিছু নিক্ষেপ করে, ঈশ্বরের সেনাবাহিনী তাকে তাড়িয়ে দেয়। আমেন। তাড়িয়ে দিন!

346 এটাই সেই কৌশল যা ঈশ্বর ব্যবহার করেন। শয়তান ধ্বংসের সেনাবাহিনী ব্যবহার করেছিল, ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করার জন্য, আর তাকে মীখায়েল চেয়ে ভাল রাজ্যে স্থাপন করেছিল, আর ঈশ্বর তাকে তাড়িয়ে দেন।

347 ঈশ্বরের পদ্ধতি হল, শয়তানকে তাড়িয়ে দেওয়া। যুক্তিকে তাড়িয়ে দেওয়া। কুসংস্কারকে তাড়িয়ে দেওয়া। দুশ্চিন্তা তাড়িয়ে দিন। রোগ তাড়িয়ে দিন। পাপ তাড়িয়ে দিন। আমেন। আপনার অবস্থান এর উপরে, খ্রীষ্ট যীশুতে পুনরুত্থিত, স্বর্গীয় স্থানে অবস্থান করছেন, প্রতিটি শয়তান আপনার পায়ের নীচে। যদি সে সেখানে মাথা ঠেকাতে শুরু করে, তাহলে কি...

348 আপনি জানেন, আপনি মৃত। আপনার জীবন লুকিয়ে আছে। *মৃত* কি? আপনি আপনার ইন্দ্রিয়ের কাছে মৃত। আপনি আপনার বিবেকের কাছে মৃত। আপনার নিজ সত্তা বলবে, "হ্যাঁ, আমি অনুমান করি আমি..." আপনার যুক্তির কাছে মৃত। ঐ সব বিষয়ের জন্য মৃত। আপনি যীশু খ্রীষ্টের নামে সমাহিত; এবং তার সাথে উত্থিত। আর তিনি যেখানে আছেন, সেখানে আপনিও আছেন।

349 কি হয়েছিল যখন তারা, তাদের মধ্যে একজন সন্দেহকারী, স্বর্গে যায়? ঈশ্বর তাকে বের করে দিয়েছিলেন। আর খ্রীষ্টে পুনরুত্থিত সৈন্যদের তিনি কী বলেছিলেন? "যখন একটি শয়তান নিকটে আসে, তাকে লাথি দিয়ে বের করে দাও। তাকে বের করে দাও।" যীশু যখন তাঁর সৈন্যবাহিনীকে প্রশিক্ষণ দিয়েছিলেন, এবং তাদেরকে বিশ্বের শেষ প্রান্তে নিযুক্ত করেছিলেন, "তোমরা সমুদয় জগতে যাও, সমস্ত সৃষ্টির নিকটে সুসমাচার প্রচার কর। যে বিশ্বাস করে ও বাপ্তাইজিত হয়, সে পরিত্রাণ পাইবে; কিন্তু যে অবিশ্বাস করে, তাহার দণ্ডাজ্ঞা করা যাইবে। আর যাহারা বিশ্বাস করে এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে, আমার সৈন্যরা। তাহারা আমার নামে ভূত ছাড়াইবে; তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে; তাহারা সর্প তুলিবে, এবং প্রাণনাশক কিছু পান করিলেও তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না; তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।

এগিয়ে যাও, খ্রিস্টান সৈন্যরা!
যুদ্ধের দিকে অগ্রসর হও,
যীশুর ক্রুশ নিয়ে
সামনে চল।

350 "খ্রীষ্টের সহিত আমি ক্রুশারোপিত হইয়াছি, আমি আর জীবিত নই, কিন্তু খ্রীষ্টই আমাতে জীবিত আছেন।" বাক্য অগ্রভাগে চলছে, ঈশ্বর তার ধারালো দুই ধারযুক্ত তলোয়ার দিয়ে কেটে ফেলছেন।

351 তারপর, আশ্চর্যের কিছু নেই, যখন গ্রান্ট রিচমন্ডকে নিয়ে গিয়েছিলেন আর সেই দক্ষিণী মহিলা গ্রান্টকে আসতে দেখেছিলেন, সেই অনুপ্রেরণা তাকে আঘাত করেছিল। আর তিনি বলেছিলেন:

আমার চোখ প্রভুর আগমনের মহিমা দেখেছে;
তিনি সংগৃহীত দ্রাক্ষা পদদলিত করছেন যেখানে
ক্রোধ সঙ্গে আঙ্গুর সংরক্ষণ করা হয়;
তিনি তার ভয়ানক দ্রুত তরবারি দিয়ে
দুর্ভাগ্যজনক বজ্রপাতকে আলগা করেছেন;
তার সৈন্যরা অগ্রসর হচ্ছে।

352 আমেন। গ্রান্ট কিভাবে রিচমন্ড নিয়েছিলেন? ঠিক যেমনটা তিনি আসেন। আমেন। এভাবেই তিনি রিচমন্ডকে নিয়ে যান।

353 এভাবেই ঈশ্বরের সৈন্যরা পাপ, অসুস্থতা গ্রহণ করে; যখন তারা এর কাছে আসে। আমেন। এইভাবে তারা তাদের সন্দেহ, ভয় ইত্যাদি বিষয়গুলিকে জয় করে। যখন একটি উঠে দাঁড়ায়, তারা তাকে কেটে ফেলে। "পথ থেকে সরে যাও!" ওহ, আমার! এটাই। ঈশ্বর তাদের বের করে দিন, যেমন তিনি স্বর্গে করেছিলেন। আমাদের মহান প্রধান সেনানায়ক আমাদের দেখিয়েছেন কিভাবে এটি করা হয়েছিল। আমেন।

354 রয় রবারসন আর ভাই ফাঙ্ক, এখানে আপনাদের অনেক অভিজ্ঞরা, আপনারা জানেন একজন প্রকৃত সেনানায়ক কী।

355 এক সময় আমি...এই ছোট জেফারসনভিল ফায়ার ডিপার্টমেন্ট এখানে। পাউ এর ঘরে আগুন লেগেছিল। আর এখানে জেফারসনভিল ফায়ার ডিপার্টমেন্ট সেখানে দাঁড়িয়ে ছিল, আর ক্যাপ্টেন চারপাশে ঘুরে, বললেন, "*এখানে* একটু জল ঢালুন।" "সুপ-সুপ-সুপ-সুপ," এখানে একটি ছোট পাইপের মতো। এখানে ক্লার্কসভিলে উঠে আসুন, "*এখানে* একটু জল ঢালুন।" "সুপ-সুপ-সুপ।" পাউ এর বিল্ডিং পুড়ে যায়।

356 তারা লুইসভিলকে ডেকেছিল। এখানে প্রশিক্ষিত ব্যক্তিরা আসেন। ওহ, তাদের সাইরেন কিভাবে বেজে উঠল ওখানে!

357 আর এই ফায়ার ডিপার্টমেন্টের একজন চিফ ক্যাপ্টেন এখানে আসেন, বলেন, "*এখানে* একটু জল ঢালুন। *এখানে* একটু জল ঢালুন।" অপ্রশিক্ষিত ব্যক্তি।

358 ভাই, ওই ইঞ্জিন বন্ধ হতেই মইয়ের মাথায় কে ছিল? সেই ক্যাপ্টেন। সেই সিঁড়ি উপরে উঠলে তিনি তার সঙ্গে উপরে চলে যান। যখন তিনি জানালায় আঘাত করেন, তখনও তিনি জানালায় আসেননি। তিনি তার কুড়ালটা ধরে জানালা দিয়ে ছুড়ে দিয়ে বললেন, "ছেলেরা আসো।" আর কয়েক মিনিটের মধ্যে আগুন নিভে গেল। একজন ক্যাপ্টেন!

359 এটা ক্যাপ্টেন নয়, "*এখানে* একটু জল ঢালুন। *এখানে* একটু চেষ্টা করুন।"

360 কিন্তু, "ছেলেরা আসো!" আমেন। তিনি পথ দেখান। তিনি আমাদের দেখিয়েছেন কিভাবে এটি করা হয়ে থাকে।

361 আমি ভেবেছিলাম, "সেই প্রশিক্ষিত ফায়ার ডিপার্টমেন্ট, তারা কয়েক মিনিটের মধ্যে আগুন নিভিয়ে ফেলেছিল।" কেন? সেখানে তাদের একজন ক্যাপ্টেন ছিলেন যিনি জানেন তিনি কি করছেন।

362 ভাই, আপনার সমস্ত ধর্মতত্ত্ব নিয়ে কথা বলুন। আপনার মনুষ্যসৃষ্ট ধর্মসম্প্রদায়, আপনার সংস্থাগুলি: এটির সাথে খেলা করে।

আমি একজন চিফ ক্যাপ্টেন পেয়েছি যিনি আমাকে বলেছেন কিভাবে এটা করতে হবে।

বলেন, "ঠিক আছে, আমি যদি এটির গন্ধ পাই, এটি অনুভব করি।" ওহ, আজেবাজে কথা!

363 প্রধান ক্যাপ্টেন যেভাবে বলেছিলেন এটি সম্পন্ন হয়েছে তা *এখানে* লুক লিখিত সুসমাচার তার ৪র্থ অধ্যায়ে আছে। আমার কাছে পড়ার সময় নেই। আপনারা নিজে পড়ুন। ঠিক আছে। লুক লিখিত সুসমাচার তার ৪র্থ অধ্যায়, ১ম পদ থেকে শুরু করে।

364 তিনি কখনো বলেননি, "এখন আমি আপনাকে বলব। আপনি *এখানে* যান আর আপনি একটি বৃহৎ ধর্মসম্প্রদায় তৈরী করুন। আপনি প্রেসবিটার, ডিকন, আর, অথবা কার্ডিনাল, বিশপ, আর আপনি *তাদের* নিয়ে আসুন।" তিনি এই কথা কখনো বলেনি।

365 যখন শয়তান তার সাথে দেখা করে, সে বলেছিল, "এখন তুমি ক্ষুধার্ত। এই পাথরগুলোকে রুটিতে পরিণত কর।"

তিনি বলেছিলেন, "এটা লেখা আছে..."

366 সে বলেছিল, "এখানে, আমরা তোমাকে এখানে নিয়ে যাব এবং তোমাকে কিছু দেখাব।"

"কিন্তু লেখা আছে..."

"আমি *এটি* করব, যদি তুমি এটি কর।"

"এটা লেখা আছে..."

367 এভাবেই প্রধান সেনানায়ক বলেছেন এটা হয়ে গেছে। এটা কিভাবে হয়, বোন? "এটা লেখা আছে, 'পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।'" "এটা লেখা আছে, 'তাহারা আমার নামে ভূত ছাড়াইবে।'" আমেন। এটা কি? "এটা লেখা আছে!" এটা সেনানায়কের নির্দেশ। "এটা লেখা আছে, 'যে ব্যক্তি আমার বাক্য শুনে, ও যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহাকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে।' এটা লেখা আছে! এটা লেখা আছে! এটা লেখা আছে!" এটা হল—এটা হল সেই আদেশ। তিনিই সেই সৈনিক। এটাই সেই পথ। এটাই সেই ক্ষেপণাস্ত্র যার সাহায্যে আমরা উপরে উঠি।

368 তিনি কি করেছিলেন? তিনি ঠিক সেখানে একটি গলিয়াৎ এর কাছে চলে যান। তিনি দেখিয়েছেন...কিভাবে দায়ূদ একটি সেনাবাহিনী দেখান, কিভাবে এটা করা হয়েছিল? কিভাবে দায়ূদ ইস্রায়েলকে দেখান, কিভাবে এটা করা হয়েছিল? *দায়ূদ* মানে "প্রিয়, ত্রাণকর্তা" দেখুন? কিভাবে দায়ূদ এটা করতে পারেন? তিনি বলেছিল, "এটি এখানে এভাবে তা করা হয়েছে। প্রভুর বাক্যে আস্থা রাখুন।"

369 গলিয়াৎ সেখানে বেরিয়ে এসে বলল, "তুমি কি জান? আমি এই বর্শার মাথায় তোকে তুলে নিব, আর আমি তোকে পাখিদের খাওয়াব।"

370 তিনি বলেছিলেন, "তুমি একটি ধর্মসম্প্রদায় হয়ে আমার সাথে দেখা কর। তুমি একজন আধুনিক বিজ্ঞানী হিসাবে আমার সাথে দেখা কর। তুমি তোমার বিশাল চৌদ্দ ফুট তলোয়ার নিয়ে আমার সাথে দেখা কর। তুমি একটি পিতলের শিরস্ত্রাণ, আর একটি ঢাল নিয়ে আমার সাথে দেখা কর যা আমি মাটি থেকে তুলতেও পারিনা। তুমি একজন প্রশিক্ষিত যোদ্ধা হিসাবে আমার সাথে দেখা কর। তুমি আমার সাথে পিএচ.ডি., এবং এল.এল.ডি. আর ডাবল-এল.ডি। এই সব বিষয়ে তুমি আমার সাথে দেখা কর। কিন্তু আমি ইস্রায়েলের প্রভু ঈশ্বরের নামে এসেছি, আর আজ আমি তোমার কাঁধ থেকে

তোমার মাথা কেটে ফেলব।” আমেন। সেই দৈত্যের বিরুদ্ধে সেই সামান্য ছোট্ট লোকটি বেরিয়ে আসছে, কিন্তু তিনি জানতেন তিনি কোথায় দাঁড়িয়ে আছেন।

ইস্রায়েল, সেখানে কাঁপছে, “ওহ, ছোট বন্ধু।”

গলিয়াৎ বলল, “আমি আপনাকে দেখাব আমি কি করব।” আর এখানে সে আসে।

371 তার কাছে f-a-i-t-h [বিশ্বাস—অনুবাদক] ছিল, দেখুন, J-e-s-u-s [যীশু] তে, পাঁচটি শিলা, পাঁচটি পাথর। সেখানে একটি ছোট পাথর, এটি দিয়ে শুরু করার জন্য। এইভাবে ঘুরাতে ঘুরাতে, পবিত্র আত্মা পাথরটিকে ধরে ফেলে, আর এটি চলে যায়। গলিয়াৎ মাটিতে পড়ে গেল। এইভাবে এটি করা হয়ে থাকে।

372 এইভাবে যীশু বলেছেন, তিনি যা বলেছেন। “এখন, ভাইয়েরা যারা প্রচার ক্ষেত্রে নামেন, আপনি যদি এই শয়তানগুলিকে কীভাবে জয় করতে হয় তা জানতে চান, তবে আমি আপনাদের দেখাব কিভাবে এটি করা হয়ে থাকে।”

373 শয়তান বলেছিল, “আমি তোমার সাথে দেখা করবো।” গলিয়াৎ, “আমি কি করতে পারি তা আমি তোমাকে দেখাবো। তুমি ক্ষুধার্ত। তুমি যদি ঈশ্বরের পুত্র হও, আমি তোমাকে চ্যালেঞ্জ করি। তুমি বলছ তুমি ঈশ্বরের পুত্র। আমি তোমাকে চ্যালেঞ্জ করি। তুমি যদি ঈশ্বরের পুত্র হও তবে এই পাথরগুলিকে রুটিতে পরিণত কর। খাও; তুমি ক্ষুধার্ত। আর যদি তুমি ঈশ্বরের পুত্র হও, তবে এটি করার ক্ষমতা তোমার কাছে আছে।”

374 তিনি বলেছিলেন, “কিন্তু লেখা আছে, ‘মনুষ্য কেবল রুটীতে বাঁচিবে না।’” ওহ, এইভাবে প্রধান সেনানায়ক এটি করেছিলেন।

তাকে ধর্ম্মধামের চূড়ার উপরে নিয়ে গেলেন। সে বলল, “যদি তুমি নিজেকে নিচে ফেলে দাও,” বললেন, “তুমি জান এটিও লেখা আছে...”

375 সে বলল, “হ্যাঁ।” বললেন, “উক্ত আছে, ‘তুমি আপন ঈশ্বর প্রভুর পরীক্ষা করিও না।’” দেখুন তিনি নিজেকে কি বলেছিলেন ? “আপন ঈশ্বর প্রভু।” আহ-হাহ। “‘তুমি আপন ঈশ্বর প্রভুর পরীক্ষা করিও না,’ এটি লেখা আছে, আবার।” দেখুন ? ওহ, আমার !

376 তিনি কি করেছিলেন ? তিনি তাকে পরাজিত করেন, ঈশ্বরের বাক্য দিয়ে। শয়তানের কৌশল হল আপনাকে ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করানো। আর প্রধান সেনানায়ক বলেছিলেন, “ঈশ্বরের

বাক্য গ্রহণ করুন আর এটি করুন। তাহারা আমার নামে ভূত ছাড়াইবে।”

377 ওহ, শয়তান, তাদের প্রধান সেনানায়ক, ওহ, হ্যাঁ, আপনারা জানেন, এই ধর্মসম্প্রদায়গুলির মধ্যে কিছু কিছু আপনাকে বিশ্বাস করাতে চেষ্টা করে যে তার একটি কাঁটাযুক্ত খুর রয়েছে, আপনারা জানেন, আর একটি বিভক্ত লেজ, আর এই সব বিষয়গুলি। আপনারা এটা বিশ্বাস করবেন না। সে সেভাবে নয়। না, মহাশয়, ভাই। সে একজন চটকদার। আপনি বিশ্বাস করবেন না যে তার এটি আছে। তারা শুধু আপনাকে ভয় দেখানোর জন্য এটা করে। এটা শয়তান নয়। শুরু করার জন্য, শয়তানের কোন খুর নেই; আমি এটা খুব বেশী সন্দেহ করি। সে শুধু একটি আত্মা। শয়তান একটি আত্মা। তার কাঁটাযুক্ত খুর ইত্যাদি নেই, যেভাবে আপনারা তাকে চিত্রিত করার চেষ্টা করছেন। না, না।

378 কিন্তু, সে জ্ঞানী। ভাই, সে একজন সত্যিকারের জ্ঞানী, ঠিক শিক্ষিত, সর্বদা জাগতিক জ্ঞান দ্বারা। ও, আচ্ছা। সে দেখতে সুন্দর। জাগতিক বুদ্ধিমত্তায় তার সেনাবাহিনীকে সংগঠিত করেছে, যতক্ষণ না, ভাই, আপনার কথা বলার চেষ্টা—চেষ্টা করবেন না। আপনি যখন এই লোকদের একজনের সাথে দেখা করেন তখন আপনি কী বিষয়ে কথা বলছেন তা আপনার জানা উচিত, “অলৌকিক ঘটনার দিন শেষ হয়ে গেছে।” না, তার—তার বিভক্ত খুর নেই। সে, ওহ, সে—সে—সে সেমিনারি থেকে বেরিয়ে এসেছে। সে পালিশ করা, ভাই। আমি বলতে চাইছি, সে স্মার্ট, পিএইচ.ডি., এল.এল.ডি., কিউ.ইউ.এস.টি. আর এর বাকি সব। দেখুন ? সেখানে সব কিছু, সে যতটা স্মার্ট হতে পারে। জ্ঞানী, নিশ্চিত, সে একটি সর্প, তাদের সবার চেয়ে চতুর। চুল ছিঁড়ে গেছে, ভাই, আর, মানে, পোষাক পরেছেন, আর কোটে একটিও কোঁচকানো রেখা নেই। স্মার্ট, সে যতটা জ্ঞানী এবং বুদ্ধিমান হতে পারে। সেটা ঠিক।

379 আপনি কি বিষয়ে কথা বলছেন তা না জানলে তার সাথে বোকামি করবেন না। সেটা ঠিক। ওহ, কিন্তু আমরা তার পুরানো—তার পুরানো কৌশল জানি। আমরা জানি সে কি করার চেষ্টা করছে: আমাদেরকে ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করতে চেষ্টা করছে।

380 তার কাঁটাযুক্ত খুর নেই। না, না, না। এখন, আমরা খুঁজে পেয়েছি যে যদি তার কাঁটাযুক্ত খুর না থাকে তবে সে অবশ্যই অন্য কিছু হবে। সে একজন চতুর। সে প্রজ্ঞা, শিক্ষিত, সংগঠিত। ভাই, তার সেনাবাহিনী আছে।

381 একবার দেখুন, সুইজারল্যান্ডে। আমি থামার জায়গা খুঁজে পাচ্ছিলাম না। সেখানে একটি—একটি...সুইজারল্যান্ডে, সেখানে এই জার্মান সেনাবাহিনী আসে, মার্-...এলিয়েনদের সাথে। কেন, এটি ইটের প্রাচীরের মতো লাগছিল; প্রতিটি মানুষ প্রশিক্ষিত, প্রত্যেকটি বর্শা *এইভাবে* আট বা দশ ফুট সামনের দিকে রাখা ছিল। আর তারা সেখানে দরিদ্র ছোট্ট সুইসের কাছে আসে, তাদের কাছে কী ছিল ? তারা তাদের ছুরি, লাঠি এবং পাথরের ব্লেড নিয়ে—নিয়ে তারা সেখানে দাঁড়িয়ে রইল। তারা তাদের সমর্থন করেছে। পাহাড়ের ঠিক ওপারেই তাদের বাড়ি ছিল। এখানে সুইস সেনাবাহিনী তাদের সাথে দেখা করতে বেরিয়েছিল। তারা তাদের কিছুই করেনি। তারা এসে তাদের জমি দখল করে নেয়।

382 এই শিশুটি পৃথিবীতে কি করেছে, শুধুমাত্র একটি শিশু ? শয়তান, এটা সে, সে যদি পারে তার জীবন কেড়ে নিবে। অবশ্যই। এখানে সে; অকালে। দেখুন ?

383 সুইসরা কিছুই করেনি। তারা ভালো মানুষ ছিল। তারা তাদের বাড়ি রক্ষা করার চেষ্টা করছিল, কিন্তু তারা নিজেদের রক্ষা করার জন্য সেখানে দাঁড়িয়েছিল। কিছুক্ষণ পরে, আর্নল্ড ভন উইঙ্কেলরিড নামে একজন ছিলেন। সেখানে এই সৈন্যবাহিনী আসে। তারা সকলকে ঘিরে ফেলা হয়েছিল। বললেন, “আমরা কি করতে পারি ?”

384 সর্বত্র, শুধু লোকদের সমুদ্র, সুপ্রশিক্ষিত। এভাবেই শয়তান কাজ করে। সু-প্রশিক্ষিত, তার বর্শা বাইরে বের করা আছে, প্রতিটি ব্যক্তি ধাপে ধাপে: এক, দুই; এক, দুই; এই ছোট সেনাবাহিনীর উপর আসছে। শুধু—শুধু হাঁটতে থাকুন, তাদের শুধু এটুকুই করতে হবে, আর তাদের তুলতে থাকুন, প্রত্যেককে, তরোয়ালে। বর্শা তাদের ভিতর দিয়ে চলে যেত। এটি সুইস সেনাবাহিনী শেষ করে দিত। তাদের সকলের তাই হত। পাহাড়ের ঠিক উপরে তাদের বাড়ি এবং প্রিয়জনরা ছিল। তাদের নারীদেরকে লাঞ্ছিত করা হতো আর ধর্ষণ করা হতো, আর তাদের তরুণীদের ও শিশুদের হত্যা করা হতো, এবং বাড়িঘর পুড়িয়ে দেওয়া হত, এবং সমস্ত কিছু, খাবার, গবাদি পশু এবং জিনিসপত্র সব শেষ হয়ে যেত। সেখানে তারা ছিল।

385 কি হয়েছিল ? অনুপ্রেরণা আর্নল্ড ভন উইঙ্কেলরিড নামে একজনকে আঘাত করে। তিনি বললেন, “সুইজারল্যান্ডের মানুষরা, আজ আমি সুইজারল্যান্ডের জন্য প্রাণ দিচ্ছি।” আমেন। “আজ আমি সুইজারল্যান্ডের জন্য প্রাণ দিচ্ছি।”

তারা বলেছিল, “আপনি কি করবেন?”

386 তিনি বললেন, “তোমরা শুধু আমাকে অনুসরণ কর আর তোমাদের সমস্ত কিছু নিয়ে যুদ্ধ কর।” তিনি সেখানে উঠে দাঁড়ালেন; তার বর্শা ফেলে দিলেন, তার হাতে একটি ছোট লাঠি ছিল, *এর* মতো। আর চিৎকার করলেন, তার হাত উপরে তুলে, *এইভাবে*, আর সেই দিকে দৌড়ে গেলেন, চিৎকার করে, “স্বাধীনতার জন্য একটি পথ তৈরী করুন!” তিনি যত জোরে দৌড়াতে পারেন, ঠিক সেনাবাহিনীর দিকে। আর, যখন তিনি তা করলেন, তিনি যতগুলি বর্শা পারলেন তা ধরে ফেললেন, আর সেগুলি ঠিক *এভাবে* তার বুকের মধ্যে দিয়ে মারা গেলেন।

387 তিনি তাদের বলেছিলেন, তিনি চলে যাওয়ার আগে। বলেছিলেন, “অদূরে একটা ছোট্ট বাড়ি আছে, একজন স্ত্রী আর কিছু সন্তানরা আছে যাকে আমি ছেড়ে যাচ্ছি, একটা ছোট্ট বাড়ি যা আমি সবে মাত্র কিনেছি।” আর বলেছিলেন, “আমি—আমি তাদের ভালোবাসি, কিন্তু, আজ, আমি সুইজারল্যান্ডের জন্য প্রাণ দিচ্ছি। তিনি আমাকে...” তিনি বলেছিলেন, “জাতিকে বাঁচাতে আমি আমার জীবন দিচ্ছি।” আর তিনি একজন বীরপুরুষ ছিলেন। এরপর থেকে তাদের কোনো যুদ্ধ হয়নি। এটি, এটি তা শেষ করে দেয়।

388 এটি সেই সেনাবাহিনীকে পরাজিত করেছিল, সেই বীরত্বের সাথে এতটা প্রদর্শিত হয়েছিল, যতক্ষণ না...সেই—সেনাবাহিনী এতটা বিভ্রান্ত হয়ে যায়। সুইসরা তাদের উপর পাথর গড়িয়ে দেয়, এবং তাদের দেশ থেকে তাড়িয়ে দেয়; তারপর তারা আর ফিরে আসেনি। এটা শত শত বছর আগের কথা। দেখুন? কেন? এটি একটি মহান কাজ ছিল।

389 কিন্তু, ওহ, ভাই, একদিন, যখন অজ্ঞতা, কুসংস্কার, সন্দেহ, উদ্বেগ এবং ভয়, ঈশ্বরের লোকেদের কোণে নিয়ে যায়, সেখানে যীশু খ্রীষ্ট নামে একজন ছিলেন: “আজ আমি লোকদের জন্য প্রাণ দিচ্ছি।” সেটা ঠিক।

390 তিনি তার সেনাবাহিনীকে কি বলেছিলেন? “আমাকে অনুসরণ কর আর তোমাদর যা কিছু আছে তা দিয়ে লড়াই কর। যদি আপনার কাছে একটি মুগুর থাকে, সেই মুগুর দিয়ে যুদ্ধ করুন। ভয় পাবেন না। যদি আপনার কাছে একটি লাঠি থাকে, লাঠি দিয়ে যুদ্ধ করুন। যদি আপনার কাছে একটি পাথর থাকে, সেই পাথরের দিয়ে লড়াই করুন, আপনার কাছে যা কিছু আছে।”

391 আমাদের প্রধান সেনানায়ক আজ এটাই বলছেন। "আমি ঈশ্বরের বাক্য গ্রহণ করেছি, এবং আমি শয়তান এবং তার শক্তিকে পরাজিত করেছি।" তিনি তাকে কেটে ফেলেছেন, আমেন, সেই বাক্য দিয়ে। এখন, আপনার যা কিছু আছে, যদি আপনার কাছে একটি বাক্য থাকে, "আমি সদাপ্রভু তোমার ঈশ্বর যিনি তোমার আরোগ্যকারী," তাকে কেঁটে ফেলুন। তাকে অনুসরণ করুন। আমেন। আমাদের সেনানায়ককে অনুসরণ করুন। হ্যাঁ, মহাশয়। তিনি তাকে কেঁটে ফেলেছিলেন।

392 শয়তান, তার বৃহৎ, সুন্দর রাজ্য নিয়ে, এবং আরো সৌন্দর্য, এবং সবকিছু, সবকিছু আধুনিকতার সঙ্গে। আমাদের সাথে এর কিছু করার নেই। সেটা ঠিক। সে এখনও মাঠের সমস্ত প্রাণীর মধ্যে সবচেয়ে চতুর। হ্যাঁ, মহাশয়। যীশু বলেছিলেন যে এই জগতের সন্তানেরা ঈশ্বরের রাজ্যের সন্তানদের চেয়ে জ্ঞানী।

393 এখন, এই দুই দ্বন্দ্ব। আমরা...আমাকে...শেষ করতে হবে। এই দুই দ্বন্দ্ব এই মুহূর্তে একসঙ্গে আসছে। এখনই সেই সময় যখন অসুস্থতা ইত্যাদি বিশ্বকে আঘাত করছে, যতক্ষণ না চিকিৎসা বিজ্ঞান স্থাপিত হয়, এবং সবকিছু স্থাপিত হয়। সেখানে কিছুই নেই, আর—আর আমরা শুধু...আর সেই সেনাবাহিনী, ঈশ্বরের ছোট সেনাবাহিনী, তাকে কোণে করা হয়েছে। ভাই, আরেকটি আরনল্ড ভন উইঙ্কেলরিডের সময় এসেছে। সময় এসেছে, ঈশ্বরের অন্য একজন ব্যক্তির দাঁড়ানোর সময়। একজন এলিয় আবির্ভাব হওয়ার সময় এসেছে। কিছু ঘটিত হওয়ার সময় এসেছে।

394 ঈশ্বরের সেনাবাহিনী, আপনার মন বন্ধ করুন। এক মিনিটের জন্য থামবেন না, শয়তান আপনার ইন্দ্রিয়ের মাধ্যমে আপনাকে অফার করতে পারে এমন কিছু ভাবার জন্য। কিন্তু মনে রাখবেন, ঈশ্বরের বাক্য কখনও ব্যর্থ হতে পারে না।

395 এই দুই সেনাবাহিনী! যখন শত্রু বন্যার মতো আসে, যেমনটি আজ আসছে, ঈশ্বর কি বলেছিলেন, তিনি কি করবেন? "সদাপ্রভুর আত্মা তাহার নিরারণার্থে পতাকা তুলিবেন।" আপনি কি তাদের একজন? হ্যাঁ, মহাশয়।

396 আমাদের যাকোব ৪:৭ এ শেখানো হয়েছে, আমার কাছে এটি পড়ার সময় নেই, যাকোব ৪:৭, এ, "দিয়াবলের প্রতিরোধ কর, এবং," সে চলে যাবে না, কিন্তু, "সে তোমাদের হইতে পলায়ন করিবে।" "দিয়াবলের প্রতিরোধ কর।" আপনি কিভাবে শয়তানকে প্রতিরোধ করবেন? একইভাবে যেভাবে আমাদের প্রধান সেনানায়ক

আমাদের এটি করতে বলেছেন। ঈশ্বরের বাক্য নিন। এইভাবে আপনি শয়তানকে প্রতিহত করেন, ঈশ্বরের বাক্যের দ্বারা। প্রধান সেনানায়ক আমাদের বলেছেন এটি কীভাবে করা হয়েছিল। ঠিক আছে।

397 এখন, সমাপ্তিতে, আমি এটি বলতে চাই। সেই বৃদ্ধ শয়তান, এখন, আপনি মনে করেন সে নির্লজ্জ। আপনি কি মনে করেন সে একটি শিশুকে আক্রমণ করবে? সে যে কোন কিছুকে আক্রমণ করবে। সে যীশু খ্রীষ্টকে আক্রমণ করেছিলেন। সে তার কাছে এসেছিল, তিনটি বন্য আক্রমণের সাথে। আপনারা কি সেটা জানেন? শয়তান শুধু একবার আক্রমণ করেনি। সে আপনাকে রোগ দ্বারা আক্রান্ত করবে, তারপর এখানে ফিরে এসে আপনাকে আক্রমণ করবে, আপনাকে বলবে, "অলৌকিক ঘটনার দিন সমাপ্ত হয়েছে। আপনি সুস্থ হননি। এতে কিছুই নেই।" আপনি জানেন এটা ঠিক?

398 সে যীশুকে তিনবার আক্রমণ করেছিল। তিনটি বন্য আক্রমণ নিয়ে, সে ঈশ্বরের বাক্যে অবিশ্বাসের সাথে যীশুর কাছে ছুটে যায়। যীশু বাক্য ছিলেন। অবশ্যই, তিনি এটি বিশ্বাস করেননি। "যদি তুমি...যদি তুমি..." এখানে সে আসে, বন্য আক্রমণ নিয়ে, যেমন কখনও কখনও আজকের শত্রুরা। এখানে তারা এসে বলল, "আপনি যদি ঈশ্বরের পুত্র হন, আমাকে একটি অলৌকিক ঘটনা দেখান। আমাকে এটা সম্পন্ন দেখতে দিন।" ভাই, তিনটি বন্য আক্রমণে সে উড়ে গেল, "যদি তুমি...যদি তুমি হও..."

399 এখন, যীশু কি করেছিলেন? যীশু ঈশ্বরের বাক্য ছিলেন। তিনি বাক্য ছিলেন। সে বাক্য উপর আক্রমণ করেছিল। মহিমা! আমি—আমি...ভালো অনুভব করছি, এখন প্রচার করার জন্য, আমি সত্যি বলছি। সেটা ঠিক। যীশু হলেন বাক্য। "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর সেই বাক্য বাস করেন, দেহধারণ করেন এবং বাস করেন..." যীশু বাক্য ছিলেন। তিনি কি করেছিলেন? তিনি তাকে টুকরো টুকরো করে দেন। ওহ, আমার! আমি প্রস্থান করতে যাচ্ছি। যীশু কি করেছিলেন? তিনি বাক্য ছিলেন। তাই, বাক্য দিয়ে, তিনি তার বন্য আক্রমণে শয়তানকে কেটে দেন। সে সেখানে একদল প্যারা-, স্টর্ম-ট্রুপার্স বা এরকম অন্য কিছুর মতো পালিয়ে যায়, যীশুর কাছে, বাক্য, এইভাবে উড়ে আসে। আর যীশু সেই বাক্যটি নিয়েছিলেন আর তাকে টুকরো টুকরো করে কেটেছিলেন। হালেলুইয়া! অবশ্যই, তাকে টুকরো টুকরো করে কেঁটে ছিলেন, বাক্য দিয়ে তাকে পরাজিত করেছিলেন।

400 তার আক্রমণ দেখেন? দেখুন, মনোযোগ দিয়ে শুনুন, এই সমাপ্তি। তার আক্রমণ কি? ঈশ্বরের বাক্যকে অবিশ্বাস করানো, এটাই তার আক্রমণ। সেখানে, আপনারা কি সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ দেখতে পাচ্ছেন না? সেখানে শুধুমাত্র দুটি শক্তি আছে: শয়তান ও ঈশ্বর। আর আপনার বিরুদ্ধে শয়তানের অস্ত্র কি? আপনাকে আপনার অস্ত্রে অবিশ্বাস করানোর চেষ্টা। সে আপনাকে নিরস্ত্র করে। এখন—এখন শান্ত হয়ে শুনুন। শুনুন। সে যদি আপনাকে অবিশ্বাস করাতে পারে যে আপনার অস্ত্র সমতুল্য, যদি সে আপনাকে বিশ্বাস করায় যে আপনার অস্ত্র যথেষ্ট শক্তিশালী নয়, সে আপনাকে নিরস্ত্র করেছে।

401 ওহ, ভাই নেভিল, আমি আশা করি যে আমরা এটি কখনই বিশ্বাস করব না।

402 দেখুন, সে আপনাকে নিরস্ত্র করেছে যখন সে আপনাকে সেই অস্ত্রকে অবিশ্বাস করতে বাধ্য করে। যখন আপনি এটিকে ছেড়ে দেন, তখন আপনার লড়াই শেষ হয়ে যায়, আপনার কাজ শেষ। সেই অস্ত্র ধরে রাখুন, এটিকে ছেড়ে দিবেন না। আমরা তার অবিশ্বাসকে দেখি। আসুন...

আর একটি কথা আমি এখন বলতে চাই, এক মিনিটের মধ্যে।

403 রাশিয়া। প্রবীণদের সুবিধার জন্য আমি এটি বলতে চাই, এখানে আরও অনেকের জন্য, আর আপনাদের বাইবেল শিক্ষার্থীদের জন্য। আপনারা রাশিয়ার কোন বিষয় নিয়ে হট্টগোল এবং হৈচৈ করছেন? হুহ! আপনারা আমাকে বোমা শেল্টার তৈরি করতে বলতে শুনতে পান নি, তাই না? আপনারা রাশিয়ার কোন বিষয় নিয়ে হৈচৈ করছেন? রাশিয়া কিছুই নয়। তারা কোনো যুদ্ধে জয় করতে পারবে না। তারা পৃথিবী জয় করতে যাচ্ছে না। সাম্যবাদ পৃথিবী জয় করতে যাচ্ছে না। লোকদের সঙ্গে কি হয়েছে? ঈশ্বরের বাক্য কি ব্যর্থ হতে পারে?

404 শুনুন, এটি এখন টেপে আছে, বিশ্বের কাছে, আমি কথা বলছি, অথবা এই টেপগুলি যেখানেই যায়। আর আপনারা এখানে, আমার সাথে যাই ঘটুক না কেন, আপনারা এটি বিশ্বাস করবেন।

405 রাশিয়া, কমিউনিজম, কিছুই জয় করতে যাচ্ছে না। ঈশ্বরের বাক্য ব্যর্থ হতে পারে না। রোমানবাদ বিশ্ব জয় করতে চলেছে।

406 দানিয়েলের দর্শনটি নেওয়া যাক। এটাই ঈশ্বরের বাক্য। "তুমি, হে দানিয়েল..." "আপনি, হে রাজা নবূখদ্‌নিৎসর, আপনিই সেই স্বর্ণময় মস্তক," বাবিল। "আপনার পশ্চাতে আর এক রাজ্য উঠিবে,

যেটি রূপা," দেখুন, যা ছিল মেডিস-ও-পারসিয়া। অপরটি ছিলেন গ্রীস, আলেকজান্ডার দ্য গ্রেট। পরেরটিতে, আসে, রোম। আর সাম্যবাদ সম্পর্কে কিছুই বলা হয়নি। রোম বিশ্ব জয় করে।

407 যীশু খ্রীষ্ট রোমান রাজ্যে জন্মগ্রহণ করেছিলেন, এবং নির্যাতিত হয়েছিলেন, তাঁর প্রথমবার এখানে আগমন, রোমান রাজ্যের দ্বারা। এবং তাঁর দ্বিতীয় আবির্ভাবের সময়, এখন আসছে, তাঁর বার্তা রোমান ধর্মসম্প্রদায় দ্বারা নিপীড়িত হয়েছে, যেটি হল তাদের সকলের মা। আর যখন তিনি ফিরে আসবেন, তিনি সেই রোমান রাজ্যকে নিশ্চিহ্ন করতে ফিরে আসবেন, ইহুদিরা সর্বদা তাকে খুঁজছে যেন তিনি আসেন এবং রোমান রাজ্যকে নিশ্চিহ্ন করে দেন।

408 বিশ্বের সমস্ত ধর্মসম্প্রদায়ের সাথে ক্যাথলিক যাজকতন্ত্র, এই মুহূর্তে একটি সংগঠন হিসাবে একত্রিত হচ্ছে, গির্জার কনফেডারেশন নিজেদেরকে একসাথে সংগঠিত করে। এটা রাশিয়া নয়। এটা রোম। **সদাপ্রভু এই কথা কহেন**। হ্যাঁ। আমাকে একটি বাক্য দেখান যেখানে সাম্যবাদ, অথবা রোম ছাড়াও অন্য কেউ শাসন করবে।

409 মেডিস-ও-পারসিয়া কি নবূখদ্‌নিৎসরের উত্তরসূরি করেছিল? অবশ্যই। গ্রিস কি তাদের উত্তরসূরি করেছিলেন? হ্যাঁ। রোম কি তাদের দখল করেছিল, সেখান থেকে? এটা কি দশটি অটোমান শক্তিতে বিভক্ত হয়েছিল যা এখন আমরা পেয়েছি?

410 *আইজেনহাওয়ার* যার অর্থ "লোহা" *ক্রুশ্চেভ* মানে "কাদামাটি," তারা কি এখানে তাদের সভা করেছে? আর ক্রুশ্চেভ তার জুতো খুলে ফেললেন, [ভাই ব্রানহাম বেদীতে টোকা মারলেন—সম্পাদকীয়।] এটিকে সরল, উন্মুক্ত বিষয় করার জন্য, লোকদের দেখানোর জন্য ডেস্কে *এইভাবে* আঘাত করুন। [ভাই ব্রানহাম বেদীতে টোকা মারলেন।]

411 ঠিক আছে, আজ লোকদের সঙ্গে কি হয়েছে? বিশ্বাস কোথায় চলে গেছে? কেন, আপনি কি ঈশ্বরের বাক্যকে সত্য বলে বিশ্বাস করেন না? আর সেই জিনিসটি *এখানে* নেই। আজ ধর্ম প্রচারকদের সাথে কি হয়েছে? "সাম্যবাদ!" প্রত্যেক প্রচারক এখানে সাম্যবাদের বিরুদ্ধে লড়াই করার চেষ্টা করছেন। সাম্যবাদ, কিছুই নয়!

412 বিষয়টি হল, শয়তান আপনার নাকের নীচে এটি বুনছে, আর এটি জানেন না; এটা রোমানবাদ, ধর্মসম্প্রদায়বাদ। আর রোম হল ধর্মসম্প্রদায়ের জননী। বাইবেল বলেছে, "সে বেশ্যা ছিল, আর তার মেয়েরা ছিল বেশ্যা," ঈশ্বরের বিরুদ্ধে, তাঁর বাক্যের বিরুদ্ধে।

413 সৈন্যরা, বাক্য তুলে নিন। করুণার দূতেরা, সেই বাক্যের সাথে থাকুন। আমি একদিন ধ্বংস হয়ে যাব, কিন্তু এই বাক্যটি বিনষ্ট হতে পারে না। আর আপনারা অল্পবয়সী ব্যক্তিরা, যদি এটি আমার প্রজন্মে না ঘটে তবে আপনারা দেখতে পাবেন। সেখানে এটা আছে।

414 আজ সকালে আপনারা কি খবর শুনেছেন? মিসেস কেনেডি যাচ্ছেন, পোপকে দেখতে যাচ্ছেন, আর পোপ কী বলেছেন? দেখুন, পৃথিবীর সব ধর্ম! উহু! ঠিক আছে, হয়তো আমরা এটি একটু নিতে পারি, আগামী রবিবার।

415 দেখুন, রাশিয়াকে নিয়ে চিন্তা করবেন না। রাশিয়া সমুদ্র সৈকতে একটি ছোট নুড়ি। আপনি সাম্যবাদ নিয়ে চিন্তা করবেন না। আপনি রোমানবাদকে দেখুন যখন এটি চার্চগুলির সাথে একত্রিত হয়। পৃথিবীতে সাম্যবাদ শাসন করার বিষয়ে ধর্মগ্রন্থে কিছুই লেখা নেই।

416 আর আমি বাক্য দ্বারা গমন করি, নির্বিশেষে অন্যেরা কোথায় যায়। এটা সেই বাক্য যা আমি বিশ্বাস করি। এটি রোমানবাদ যা বিশ্বকে নিয়ে যায়। আর রোমানবাদ হল সংগঠনের জননী। রোম পর্যন্ত কোন সংগঠন ছিল না, আর তাদের প্রত্যেকেই এটি থেকে বেরিয়ে আসে। বাইবেল তাই বলে, "সে বেশ্যাদের জননী ছিল।" আমি এই বিষয়ে অর্ধেক দিন থাকতে পারি, তবে আমি অনুমান করি যেন আমিও এগিয়ে যাই।

417 যখন শত্রুরা আমাদের আক্রমণ করে, "ওহ, আমি আপনাকে বলছি, আপনাকে আমাদের সঙ্গে যোগদান করতে..." আপনি কি করতে যাচ্ছেন, পিছিয়ে আসবেন, আপস করবেন? প্রকৃত সৈনিক নয়, করবে না। না, মহাশয়।

418 তখন আমরা কি করব? সেই মন, "খ্রীষ্ট যীশুতে যে ভাব ছিল..." এটা কি বাইবেল বলেছে? "খ্রীষ্ট যীশুতে যে ভাব ছিল, তাহা তোমাদিগেতেও হউক।" তার কি ধরনের মনোভাব ছিল? বাক্যের সাথে থাকুন। সেটা ঠিক। বাক্যের সঙ্গে থাকুন, পিতার বাক্যের সাথে, আর প্রতিবার শত্রুকে পরাজিত করুন। এখন যখন শত্রু আক্রমণ করে এবং আপনাকে বলার চেষ্টা করে যে আপনাকে *এটি* করতে হবে এবং *সেটি* করতে হবে, আপনি কী করতে যাচ্ছেন? বাক্যের সাথে থাকুন। সেটা ঠিক।

419 আপনি তখন কি করতে চান? বাক্য নিন। বাক্য কী? বাইবেল এখানে বলেছে। আমরা এটি পাঠ করেছি। কারণ আত্মা, এবং ঈশ্বর, হলেন বাক্য। দেখুন? এখানে দেখুন। "এবং পরিত্রাণের শিরস্ত্রাণ ও

খড়গ, আত্মার খড়গ।" আত্মার খড়গ! কি? যে আত্মা আপনার মনের মধ্য দিয়ে আসে এবং আপনার মধ্যে প্রবেশ করে এবং সেই আত্মার তলোয়ার হল ঈশ্বরের বাক্য।

420 সেই আত্মা কিসের সাথে যুদ্ধ করে? পবিত্র আত্মা কিসের সঙ্গে যুদ্ধ করে? সংবেদনার সঙ্গে? অনুভূতির সঙ্গে? বাক্য; হৃদয়! ওহ! মহিমা! এটা কিসের সঙ্গে যুদ্ধ করে? অনুভূতির সঙ্গে? বাক্য! বাক্য! এটা বলা যাক, বাক্য! বাক্য! ঈশ্বরের বাক্যের সাথে আত্মার লড়াই করে।

421 ঈশ্বরের আত্মা সরাসরি শয়তানের কাছে চলে যায় আর বলে, "এটা লেখা আছে!" আমেন! "এটা লেখা আছে!" আর শয়তান পথ ছেড়ে দেয়।

422 আমরা কি করি? তলোয়ার নিন, যা হল ঈশ্বরের বাক্য, এটিকে টানুন (কি?) বিশ্বাসের হাত দিয়ে, বিশ্বাসের শক্তিশালী হাত দিয়ে, দুই-ধারী তলোয়ার। বাইবেল বলেছে, ইব্রীয় ৪ এ, "এটি—এটি একটি দ্বিধারী তলোয়ার," আসা ও যাওয়া উভয়ই কাটে।

423 ভাই, তিনি কি করেন? বাক্য নিন। আত্মা নিন, আপনার হৃদয়ে আত্মাকে আসতে দিন। আপনার মন খুলে বলুন, "আপনার বাক্য সত্য।" এখন, বোন আপনি এটি করুন। "আপনার বাক্য সত্য।"

424 "প্রভু, আমি কেমন অনুভব করি, কেউ কি বলে, সেদিকে আমি আর কোনো মনোযোগ দিব না। আমি রুদ্ধ করছি, আমি আমার প্রতিটি পথ উড়িয়ে দিচ্ছি, প্রতিটি প্রতিবন্ধকতা, সন্দেহ, এবং অবিশ্বাস যা আমার কখনও ছিল। আমার যে সমস্ত অনুভূতি ছিল, আমার যে সমস্ত অসুস্থতা ছিল, আমার যা কিছু ছিল, আমি সেগুলিকে উড়িয়ে দিচ্ছি। আমি সে সব এড়িয়ে যাচ্ছি। আমি সরাসরি আমার আত্মার কাছে আসছি। হে প্রভু, নেমে আসুন। আপনি বলেছেন আপনি আমাকে একজন স্বাধীন নৈতিক প্রতিনিধি বানিয়েছেন।"

"তুমি আমার পুত্র।"

425 "ঠিক আছে, আমি আমার হৃদয় এবং আমার মন উন্মুক্ত করছি। প্রভু যীশু ভিতরে আসুন।"

426 আর বিশ্বাস, সেই আত্মার খড়গ তুলে ধরুন, **সদাপ্রভু এই কথা কহেন**। চিৎকার করুন, "হালেলুইয়া!" আমেন। তারপর আপনার সামনের প্রতিটি শত্রুকে কেটে ফেলুন। আমেন। সেখানে এটা। প্রতিটি শত্রুকে কেটে ফেলুন। যদি একটি—একটি পুরানো ভুতুড়ে

আত্মা আপনাকে অনুভব করায়...প্রভুর বাক্য নিয়ে সেটা কেটে দূর করে ফেলুন।

কিন্তু আমাদের শক্তি হল, "সদাপ্রভুতে যে আনন্দ, তাহাই আমার শক্তি।"

427 "আমার থেকে দূরে চলে যাও." ঘচাং! আপনি বাক্য দিয়ে তাকে কেটে ফেলুন। সে দিয়াবল হোক, শত্রু হোক, অসুখ হোক, পীড়া হোক, যেই হোক না কেন, সেই বাক্য নিন এবং তরবারি দিয়ে এটি কেটে ফেলুন। আর আপনি যদি প্রথমবার এটিকে কেটে ফেলেন তবে এটি সরে যাবে বলে মনে হচ্ছে না, এটিকে আবার কাটুন, এটিকে আবার কাটুন, এটিকে আবার কাটুন। আর এটিকে আঘাত করতে থাকুন যতক্ষণ না আপনি একটি ছিদ্র করে ফেলেন, যেমন একটি মুরগির ছানা বেরিয়ে আসে; অথবা একটি ঈগলের ছানা, আপনি কি। অসুস্থতার সেই পুরানো খোলসের ভিতর থেকে বেরিয়ে আসুন। আপনার পথ কেটে তৈরী করুন, বলুন, "হালেলুইয়া! পরেরটা কোনটা?" আমেন। এটাই যুদ্ধ। এটা একজন সৈনিক। সেই ক্রুশের সৈনিক। হ্যাঁ, মহাশয়। প্রতিটি শত্রুকে ছিটকে দিন।

428 কেন? কেন? আমরা, অব্রাহামের পূর্বনির্ধারিত, রাজকীয় বংশ। অব্রাহাম ঈশ্বরের বাক্য বিরোধী সমস্ত কিছু যখন অস্বীকার করেছিলেন, তিনি তার সামনে আসা প্রতিটি বাধার মধ্য দিয়ে তার পথ কেটে তৈরী করেছিলেন। তারা বলেছিল, "আপনার স্ত্রীর বয়স অনেক।" তিনি সেই জিনিসটি পথ থেকে কেটে দূর করে দেন। শয়তান বলেছিল, "আপনি *এটা* করতে পারবেন না। আপনি *সেটা* করতে পারবেন না।" অব্রাহাম পথ থেকে এটি কেটে বের করে দেন। তিনি এটি কাটতে থাকেন, এটি কাটতে থাকেন, যতক্ষণ না এটি নিজেই কেটে যায়।

"এরপর কোথায়, প্রভু?"

429 "*এখানে* তোমার তাঁবু সরিয়ে আন।" তিনি সেখানে গিয়ে সেখানে তাঁর জন্য একটি বেদী নির্মাণ করলেন।

430 সেখানে উঠে যান, শয়তান এসে বলল, "এখন, আমি তোমাকে বলি, এটি সঠিক জায়গা নয়।"

"আমি এখানেই থাকব। আমার স্থান থেকে চলে যা।" তিনি বলেছিলেন, "হালেলুইয়া!"

431 লোট বলেছিলেন, "আপনি এখানে বরং চলে আসুন। আমরা এখানে ভালো সময় কাটাচ্ছি। আমরা সবাই আমাদের সংগঠন এখানে পেয়েছি। কেন, আমার স্ত্রী সাহিত্য সমাজের প্রধান এবং

শহরে অন্য সব কিছু। আমি আপনাকে বলছি, আপনাকে এখানে আসতে হবে।"

সারা বললেন, "অব্রাহাম..."

432 "চুপ কর, সারা।" হালেলুইয়া! "এখানেই দাঁড়িয়ে থাক। এখানেই ঈশ্বর আমাকে রেখেছেন। আমি যেখানে দাঁড়িয়েছি ঠিক এখানেই।"

433 এখানে ঈশ্বর আমাকে স্থাপন করেছেন:

> সকলেই যীশুর নামের শক্তিকে অভ্যর্থনা
> জানাও!
> দূতরা নত হইক;
> রাজকীয় কিরীট নিয়ে আসুন,
> এবং সকলের প্রভুকে মুকুট পরিয়ে দিন।
>
> খ্রীষ্টে, সেই প্রস্তরে, আমি দাঁড়িয়ে আছি;
> অন্য সব ভূমি হল চোরাবালি,
> অন্য সব ভূমি হল চোরাবালি।

434 এমনকি মৃত্যু স্বয়ং, অন্য সবকিছু, হল চোরাবালি। খ্রীষ্টের উপর, সেই প্রস্তরে, আমি দাঁড়িয়েছি।

435 "অব্রাহামের রাজকীয় বংশ।" রাজকীয় বীজ! কেন, ইংল্যান্ডের নির্বাচিত সেনাবাহিনী হল ইংল্যান্ডের রাজকীয়, রাজকীয় রক্ত। এবং খ্রীষ্টের রাজকীয় বীজ হল পবিত্র আত্মায় পরিপূর্ণ মণ্ডলী, পবিত্র আত্মায় পরিপূর্ণ। কি? রাজকীয় বীজ, প্রতিশ্রুতি দ্বারা, সংবেদন দ্বারা নয়। কিন্তু, ঈশ্বরের প্রতিশ্রুতি দ্বারা, তারা ঈশ্বরের বাক্য দ্বারা দাঁড়ায়, এবং "হালেলুইয়া!" চিৎকার করে তাদের পথ কেটে তৈরী করে,

এমনকি মৃত্যু এসে বলে, "এটি তোমার হাত বেয়ে উপরে আসছে।"

436 বলুন, "পথ তৈরী কর, যর্দ্দন। আমি পার হচ্ছি।" প্রতিশ্রুত দেশে যাওয়ার জন্য আপনার পথটি কেটে তৈরী করুন। আমেন।

437 যুদ্ধ শেষ হয়ে গেলে কি হবে? আমি এখন বন্ধ করছি। যখন যুদ্ধ শেষ হয়ে যায়, আর সাধু ব্যক্তিরা বাড়ি ফিরে আসে, আমি আপনাকে কিছু জিজ্ঞাসা করতে চাই, কি হয়েছে?

438 হিটলার যখন ফ্রান্সে গেলেন, কী ঘটেছিল? কেন, তারা বলেছিল যে আপনি কিছুক্ষণের জন্য আকাশ দেখতে পেতেন না, বিমানগুলি। জার্মানদের হংস-পদক্ষেপ। [ভাই ব্রানহাম হংস-

পদক্ষেপ অনুকরণ করেন—সম্পাদকীয়।] দেখুন, তারা দাঁড়িয়ে, পাশ দিয়ে যাচ্ছিল, বিজয় উদযাপন করছিল।

439 স্টালিন যখন রাশিয়ায় আসেন, পিছনে মাইলের পর মাইল, প্রতিটি ট্যাঙ্ক অন্যটির একটু পিছনে, বার্লিনে বোমাবর্ষণ করে যতক্ষণ না কিছুই অবশিষ্ট না থাকে। এখানেই শেষ। আর যখন তারা গিয়েছিলেন, আর এই জার্মান...এই রাশিয়ান সৈন্যরা আনন্দ করছিল, তারা এর সাথে ভিতরে প্রবেশ করে, আপনারা জানেন, এটি একটি মজার জিনিস যা তারা করেছিল। একবার লন্ডনে আমি এটি একটি ছবিতে দেখেছি, তারা কীভাবে এসেছিল, আসল চিত্রটি সেখানে, কী ঘটেছিল, যখন তারা আনন্দ করে প্রবেশ করে। ওহ, আমার!

440 যখন আমরা শুনলাম যে যুদ্ধ শেষ, আমরা চিৎকার করেছিলাম, আমরা শিস বাজিয়েছিলাম। যখন বীরপুরুষরা ফিরে আসেন, আমরা সেখানে তাদের সাথে দেখা করি। তারা চিৎকার করে উঠল। তারা গর্জে উঠল। আমার এক পিসতুত ভাই সেখানে ছিল, বললেন, যখন তিনি ফিরে আসেন, সকল বৃদ্ধ...প্রবীণরা যারা ক্ষতবিক্ষত হয়েছিল যে তারা বিছানা থেকে উঠতে পারেনি, তাই যখন তারা এসেছিল, তাদের জাহাজের উপরে নিয়ে যান যেন তারা স্ট্যাচু অফ লিবার্টি দাঁড় করানো দেখতে পায়। বললেন, "বড় বড় ব্যক্তিরা সেখানে দাঁড়িয়ে ছিলেন, তারা ক্রন্দন করে, *এভাবে* পড়ে যায়, যখন তারা সেই স্ট্যাচু অফ লিবার্টি দেখতে পায়।" চার বছর ধরে বাড়ি থেকে দূরে ছিলেন, যুদ্ধ করছিলেন, যুদ্ধ-বিধ্বস্ত ইত্যাদি। কিন্তু তারা জানত যে স্ত্রী, প্রিয়তমা, মা আর বাবা, এবং সন্তানরা, যাদের তারা ভালবাসত, স্ট্যাচু অফ লিবার্টির ঠিক পিছনে আছে। তারা কিসের জন্য যুদ্ধ করছে এটা তার প্রতিনিধিত্ব করে। ওহ, সেই বাঁশিটি বেজে উঠল, আর নিউ ইয়র্ক চিৎকার করে উঠল, যখন তাদের বীরপুরুষরা কুচকাওয়াজ করে ফিরে আসে। এটি একটি ছোট বিষয় হবে।

441 একবার যখন সিজার, একটি বৃহৎ যুদ্ধের পরে, তিনি বলেছিলেন, "আমি চাই আমার সবচেয়ে বিখ্যাত যোদ্ধা, আমাদের শত্রুর উপর এই বিজয় উল্লাসে আমার সঙ্গে যেন আরোহী হন।" আর সকল সেনা কর্মকর্তারা প্রত্যেকে তাদের টুপির পালক ঠিক করে এবং তাদের ঢাল চকচকে করে, মিছিল করবে, আপনারা জানেন, এইভাবে, একজন—একজন প্রকৃত সৈন্যের মত। কিছুক্ষণ পর, একজন ব্যক্তি কাছে আসে। আমার! সে উপরের দিকে তাকিয়ে, হাঁটতে থাকল, *এই* ভাবে। সিজার বললেন, "একটি

মিনিট অপেক্ষা করুন। একটি মিনিট অপেক্ষা করুন। আপনি," এমনকি একজন—একজন সেনা কর্মকর্তার পোষাক পরিধান না করে, বললেন, "এখানে আসুন।" বললেন, "আপনি এই দাগগুলি কোথায় পেয়েছেন ?"

সে বলল, "যুদ্ধক্ষেত্রে।"

442 বললেন, "এখানে উপরে আসুন। আপনি সেই ব্যক্তি যাকে আমি চাই যেন আমার পাশে বসে।" কেন ? তিনি দেখিয়েছিলেন যে তিনি যুদ্ধক্ষেত্রে ছিলেন।

443 হে ঈশ্বর, অনুগ্রহ করুন এমন একজন মানুষকে যিনি সার্ডিনের ক্যানের উপর হাত কেটে একটি উদ্ধৃতি পেতে পারেন। আমি যুদ্ধে ক্ষতবিক্ষত হতে চাই। পৌল যেমন বলেছিলেন, "কেননা আমি যীশুর দান-চিহ্ন সকল আপন দেহে বহন করিতেছি।" সেজন্য আমি মাঠে লড়তে চাই।

444 একদিন, যখন আমাদের মহান, প্রধান সেনানায়ক আসবেন, যিনি আমাদের সজ্জিত করেছেন, যিনি আমাদের ঈশ্বরের বর্ম, পবিত্র আত্মা প্রদান করেছেন, লড়াই করার জন্য তাঁর বাক্য প্রদান করেছেন, সেখানে দাঁড়ানোর জন্য; আমাদের মহান, প্রধান সেনানায়ক যখন আসবেন, তখন আমি রথে উঠে তাঁর সঙ্গে বাড়ি যেতে চাই, আপনারা কি চান না ? তারপর যখন আমি আমার স্ত্রীকে বাহুতে নিয়ে, চারপাশে দেখি আমার ভাইদের তাদের স্ত্রীদের নিয়ে, এবং তাদের সন্তানদের নিয়ে, যখন আমরা ঈশ্বরের সেই স্বর্গের মধ্য দিয়ে হাঁটতে শুরু করি, এবং দূতগণ সঙ্গীত দিয়ে বাতাস ভরে দেয়, উপরে এভাবে, একটি বিজয় উল্লাসের কথা বলেন !

445 আর যখন যুদ্ধ শেষ হয়ে যায়, আমরা সেই মুকুট পরিধান করব। ওহ, আমার ! ওহ, ক্রুশের সৈন্যরা, আজ সকালে, বিশ্বাসের হাত এখানে নিয়ে আসুন, আর এই অস্ত্রটি ধরুন।

446 এই বিষয়ে কি, বোন, আপনি কি প্রস্তুত ? সেই অস্ত্রটি বের করে, বলুন, "ঈশ্বর, আমি চিন্তা করি না শয়তান আমাকে কি—কি বলেছে, আজ সকালে, কে কতবার কি বলেছে, আমি বিশ্বাস করি, আমি বিশ্বাস করি।"

447 আমি যেমন অন্য একদিন বলেছিলাম, একটু...আমি বিশ্বাস করি কয়েক রবিবার আগে, একজন লোক একটি স্বপ্ন দেখেছিলেন। তিনি স্বপ্নে দেখেছিলেন যে শয়তান একটি ছোট জিনিস, তার কাছে দৌড়ে আসে। তিনি বলেছিলেন, "বু !" আর সে লাফ দিল, আর শয়তানটি বড় হয়ে গেল। "বু !" আর সে লাফ দিল, আর শয়তানটি

বড় হয়ে গেল। অবশেষে, শয়তান এতটা বড় হয়ে উঠল, সে তাকে প্রায় ধরে ফেলছিল। তিনি জানতেন তাকে কিছু একটা নিয়ে তার সাথে যুদ্ধ করতে হবে, তাই তিনি চারপাশে তাকালেন। তিনি তার সাথে লড়াই করার মতো কিছুই খুঁজে পেলেন না। তিনি শুধু বাইবেল তুলে নেন। আর শয়তানটি বলল, "বু!" তিনি বললেন, "বু!" ঠিক তার উপর, আর শয়তানটি ছোট হয়ে গেল, এবং আরও ছোট, এবং আরও ছোট হয়ে গেল। আর, অবশেষে, তিনি তাকে বাক্য দিয়ে পিটিয়ে মেরে ফেলেন।

448 আপনি একজন সৈনিক, তাই নয় কি, বোন? এই বাক্যটি নিন আর বলুন, "এটা লেখা আছে।" আমেন। "আমি মরতে যাচ্ছি না। আমি বাঁচতে যাচ্ছি। আমি এই ট্যাবারনাকেলে বসে বাকিদের সাথে ঈশ্বরের মঙ্গলের জন্য প্রশংসা করব।"

449 আপনারা কি এটা বিশ্বাস করেন, পবিত্রগণ? আমেন।

আসুন আমরা মাথা নত করি।

450 হে প্রভু ঈশ্বর, স্বর্গ ও পৃথিবীর স্রষ্টা, আজকে জানা যাক যে আপনি এখনও ঈশ্বর। আমি যতই প্রচার করি না কেন, আমি কত কথাই বলি না কেন, প্রভু, আপনার কাছ থেকে একটি বাক্য এটির নিষ্পত্তি করে।

451 এই রুমালগুলি এখানে রাখা আছে, অসুস্থ লোকদের প্রতিনিধিত্ব করছে। আমি প্রার্থনা করি, স্বর্গীয় পিতা, যখন আমি তাদের উপর হাত রাখি, আপনার আশীর্বাদ এবং শক্তি তাদের প্রত্যেকের উপর অবস্থান করবে। ঈশ্বর, যীশু খ্রীষ্টের নামে, আমি প্রার্থনা করি যেন আপনি এই রুমালগুলিকে আপনার পবিত্র উপস্থিতিতে অভিষেক করেন, কারণ এটি বাক্যে লেখা আছে। এটি বাক্যের বিরুদ্ধে নয়। কিন্তু বাক্যতে বলা হয়েছে, যে, "তাহারা তাঁহার গাত্র হইতে রুমাল কিম্বা গামছা পীড়িত লোকদের নিকটে আনিলে। ব্যাধি তাহাদিগকে ছাড়িয়া যাইত, এবং দুষ্ট আত্মারা বাহির হইয়া যাইত।" এখন, আমরা সাধু পৌল নই, কিন্তু আপনি এখনও ঈশ্বর, এবং আপনি এখনও সেই একই পবিত্র আত্মা। আমি প্রভু যীশুর নামে এই রুমালগুলিতে আমার হাত রাখি, আর প্রার্থনা করি যেন আপনি তাদের প্রত্যেককে আশীর্বাদ করেন এবং সুস্থ করেন।

452 আর, ঈশ্বর, এখানে বিছানায় শুয়ে আছেন, যিনি এখানে শুয়ে আছেন, একজন শিশু ছাড়া কিছুই নয়, একজন সুন্দর ছোট্ট মেয়ে। সে বাঁচতে পারবে না, প্রভু। শয়তান তার সঙ্গে খারাপ কাজ করেছে। আর এই পৃথিবীর প্রিয় চিকিৎসকেরা প্রাণপণ চেষ্টা করেছেন,

নিঃসন্দেহে শিশুটিকে বাঁচাতে। তারা এটা করতে পারেন নি। তারা তাদের বুদ্ধির শেষ প্রান্তে রয়েছে। তারা আর কিছু করতে পারে না। কিন্তু, প্রভু, আমি খুবই আনন্দিত যে সেখানে আরেকটি অধ্যায় লেখা হয়েছে। আমরা অন্য পৃষ্ঠা উল্টাতে পারি, আর এই পৃষ্ঠায় আমরা মহান চিকিৎসককে আসতে দেখি। আমরা আজ সকালে, তাকে পরামর্শের জন্য ডাকছি।

453 এখন হে প্রভু, আপনার বাক্যে কি এখানে লেখা নেই যে, "যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে"? প্রভু, আমি যদি বিশ্বাসী না হই, তাহলে এখন আমাকে একজন তৈরী করুন। যদি এই ছোট্ট মেয়েটি বিশ্বাসী না হয় তবে তাকে এখনই একজন তৈরী করুন। "যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে; তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।" এটাও লেখা আছে, "তাহারা আমার নামে ভূত ছাড়াইবে।" প্রভু, এগুলো—এগুলো আপনার বাক্য। এটা আপনার। এটা আপনার বাক্য। আর এখন আপনার দাস হিসাবে...

454 আপনি যেমন বলেছেন, "কেননা যেখানে দুই কি তিন জন আমার নামে একত্র হয়, সেইখানে আমি তাহাদের মধ্যে আছি; এবং যদি একচিত্ত হয়ে, একটি বিষয় স্পর্শ করে, যদি প্রার্থনা কর, তবে তোমাদের জন্য তাহা করা যাইবে।"

455 ঈশ্বর, এই শিশুটি সম্ভবত আজ সকালে ভবনের সবচেয়ে অসুস্থ ব্যক্তি, কারণ সে আপনাকে ছাড়া খুব বেশিদিন বাঁচতে পারবে না, আর সে সবচেয়ে অসুস্থ ব্যক্তি। তাই, আমরা সকলে, আমরা একচিত্তে, যেমন প্রতিটি সৈনিক এখানে দাঁড়িয়ে আছেন। আর এই মণ্ডলীতে অব্রাহামের রাজকীয় বংশ দাঁড়িয়ে আছেন।

456 আমরা এখন শয়তানের উপর এগিয়ে যাচ্ছি। আর সেইসাথে যেতে প্রস্তুত হয়েছি, শয়তান, কারণ আমাদের বর্মগুলি জ্বলজ্বল করছে, রঙগুলি প্রবাহিত হচ্ছে; এই ছোট্ট মেয়েটির জন্য তলোয়ার হাতে পুরুষ এবং মহিলারা, এখন তার দিকে এগিয়ে যাচ্ছে। তার থেকে বেরিয়ে আয়, শয়তান। সেই বাচ্চাটিকে ছেড়ে দে। জীবন্ত ঈশ্বরের সেনাবাহিনী হিসাবে, আমরা তোকে অবজ্ঞা করি। যীশু খ্রীষ্টের নামে তাকে ছেড়ে দে।

457 আমি তার শরীরে হাত রাখতে যাচ্ছি। আর, শয়তান, তুই এই শিশুটিকে বেঁধে রেখেছিস, তুই এই খারাপ কাজটি করেছিস। আমি জানি যে তুই একজন মানুষের চেয়ে বেশি, কিন্তু তুই আমার প্রভুর থেকে বেশী নয়, তাই আমি তাঁর নামে এসেছি। তাকে ছেড়ে দে,

শয়তানের আত্মা। তুই অসুস্থতার আত্মা, এই শিশুর থেকে বেরিয়ে আয়, আর সে আজ থেকে মুক্ত হয়ে গেছে। আমি যীশু খ্রীষ্টের নামে এটি উচ্চারণ করছি।

458 এখন, প্রভু ঈশ্বর, আপনি যিনি মৃতকে জীবিত করেছেন এবং প্রমাণ করেছেন যে আপনিই ঈশ্বর, এই যুবতীকে পুনরায় তার স্বাস্থ্য এবং শক্তিতে উঠিয়ে আনুন, যেন সে এখানে এই ভবনে দাঁড়ায়। শয়তান তার কাছ থেকে চলে গেছে!... ?...তাকে সুস্থ করতে যাচ্ছে। সে যেন ঈশ্বরের গৌরব ও সম্মানে বেঁচে থাকে।

এটি—এটি বলা হয়েছে, এখন এটি করা হোক।

459 এখানে কি অন্য কেউ আছেন যিনি নিজ হাত উপরে তুলে বলতে চান, "আমার জন্য প্রার্থনা করা হউক। আমি অসুস্থ। আমি ঈশ্বরকে চাই" ? আমি জানি না আমাদের আর কতটা সময় আছে। সেই লোকেদের এখান দিয়ে যেতে দেওয়ার জন্য আমাদের যথেষ্ট সময় আছে। আজ সকালে আমি সত্যিকারের সান্ত্বনা অনুভব করছি। হ্যাঁ। হ্যাঁ। আমি চাই তুমি এখানে এসো, বিলি, আর শুধু এই একটি অংশ এখানে নেওয়া যাক, *এই* দিকে এখানে, একমাত্র। শুধু এই ভাগটিকে প্রথমে আসতে দিন, তারপরে আমরা পিছনের অংশটি নিয়ে আসব, ঠিক সেখানে *সেই* আইল পর্যন্ত। তারপরে আমরা তাদের এভাবে নিয়ে আসব, তাহলে তারা...

460 আর এখন আমি চাই ভাই নেভিল এবং আমার কিছু সেবক ভাই এখানে আমার পাশে দাঁড়ান, যেন আপনারা তাদের আইলে পুনরায় নিয়ে যেতে পারেন। ঠিক আছে। ঠিক আছে। এখন আমি...

461 আপনাদের কতজনের কাছে আপনাদের যুদ্ধসজ্জা আছে ?

462 (এখন অন্যরকম হতে চলেছে। বাড়িতে যাও, এখন সব ভালো হয়ে যাবে, ভালো হয়ে যাও।)

463 আমেন। ওহ, আমার! আপনারা সকল সৈন্যরা, তলোয়ার বের করুন। তলোয়ার বের করুন, ক্রুশের সৈন্যরা, অগ্রসর হন, অগ্রসর হন।

খ্রীষ্টের উপর, সেই প্রস্থর, আমি দাঁড়িয়ে আছি।
অন্য সব ভূমি হল চোরাবালি।

464 ঠিক আছে, এখানে একাকী আসুন, এখানে ঠিক এদিকে আসুন। যখন তারা এখান দিয়ে যাচ্ছেন, সকলে এখন প্রার্থনায় থাকবেন।

যীশুর নামে, এই মহিলাকে সুস্থ করুন। আমেন।

এখন আপনার তলোয়ার বের করুন। আপনার আসনে থাকুন, চিৎকার করুন।

465 [ভাই ব্রানহাম লোকদের জন্য প্রার্থনা করে যাচ্ছেন, তার অনেক কথাই অবোধ্য—সম্পাদকীয়।]... ?...

এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা!
যুদ্ধের দিকে অগ্রসর হও,
যীশুর ক্রুশ নিয়ে
এগিয়ে চল।

466 পথ ছেড়ে দে, শয়তান! কি ব্যাপার, সৈন্যরা? আপনারা কি মনে করেন না আমরা জয় করতে পারি? তিনি ইতিমধ্যে জয়ী হয়েছেন। আমরা খ্রীষ্ট যীশুতে বিজয়ীদের চেয়েও বেশি! প্রতিটি শয়তানকে তাড়িয়ে দিই, আর অন্য সবকিছু। আমেন।

এখানে আসুন, আমার ভাই!... ?...

আমি প্রার্থনা করছি আপনি সুস্থ হয়ে উঠবেন... ?...

আমার ভাই, ডককে সুস্থ করুন; তাকে সুস্থ করুন, পিতা, যীশুর নামে।

যীশু খ্রীষ্টের নামে, এই মহিলাকে সুস্থ করুন। আসুন... ?...

467 এখন, তিনি নিলেন...পিছনের ভাইদের জিজ্ঞাসা করতে হয়েছিল। সর্বত্র, প্রভু... ?...

468 হে প্রভু ঈশ্বর, আকাশ ও পৃথিবীর সৃষ্টিকর্তা! হে ঈশ্বর, আপনি জানেন তার অন্তরে কি আছে। আপনি এই বিষয়ে সবকিছুই জানেন। মা বাবা দুজনের জন্যই প্রার্থনা করি। যীশু খ্রীষ্টের নামে, আমি সমর্পণ... ?...

যীশু খ্রীষ্টের নামে, আমি... ?...

যীশু খ্রীষ্টের নামে, আমি... ?...

469 ঈশ্বর আপনার সাথে থাকুন, আমার বোন। আমরা জানি, বছরের পর বছর যেতে শুরু করে এবং মৃত্যু চায় মহিলার শরীরকে ধরে রাখতে। এখন, যীশুর নামে... ?...

470 যীশু খ্রীষ্টের নামে, প্রভু এই ছোট্ট মেয়েটিকে আশীর্বাদ করুন। সেখানে স্কুলে আমাদের যুদ্ধ, আমি জানি সে কিসের মধ্য দিয়ে যায়। আমি প্রার্থনা করি আপনি আশীর্বাদ করবেন। সে যেন আজ সকালে সেই তরবারি বের করে এগিয়ে যেতে পারে!... ?...এই ছোট ছেলেটিকে আশীর্বাদ করুন, প্রভু; সে আসছে, আপনার

নাম ধরে ডাকছে, আজ সকালে; আমি প্রার্থনা করি আপনি সাথে যাবেন... ?...

471 ঈশ্বর, আমার ভাইকে আশীর্বাদ করুন, তার অনুরোধ গ্রহণ করুন। আমাদের প্রভু যীশুর নামে, আমি এটা বলছি!... ?...

যীশু খ্রীষ্টের নামে, আমরা এই প্রার্থনা করি।

যীশু খ্রীষ্টের নামে, আমরা এই প্রার্থনা করি।

যীশু খ্রীষ্টের নামে, আমরা এই প্রার্থনা করি।

যীশু খ্রীষ্টের নামে, আমরা... ?...

যীশু খ্রীষ্টের নামে, আমরা এই প্রার্থনা করি।

যীশু খ্রীষ্টের নামে... ?...

যীশু খ্রীষ্টের নামে... ?...

যীশু খ্রীষ্টের নামে, আমার ভাইকে সুস্থ করুন।

যীশু খ্রীষ্টের নামে... ?...

যীশু খ্রীষ্টের নামে!

যীশু খ্রীষ্টের নামে!

যীশু খ্রীষ্টের নামে!

যীশু খ্রীষ্টের নামে!

যীশু খ্রীষ্টের নামে!

472 [কেউ বললেন, "বাবা মারা গেছেন।"—সম্পাদকীয়।] ঈশ্বর, তাকে সাহায্য করুন, যীশুর নামে।

ঈশ্বর, যীশু খ্রীষ্টের নামে, আমরা... ?...

ঈশ্বর, যীশুর নামে!

যীশু খ্রীষ্টের নামে... ?...

যীশু খ্রীষ্টের নামে, আমার ভাইকে সুস্থ করুন।

যীশুর নামে... ?...

আপনারা এখন বুঝতে পারছেন?

হে ঈশ্বর, এটি যেন দূর হয়ে যায়... ?...

473 যীশু খ্রীষ্টের নামে, আমরা প্রার্থনা করি!... ?...প্রদান করুন বোন... ?...

474 হে ঈশ্বর, এই জেনে যে সেই অমূল্য মা, এই সমস্ত কষ্টের মধ্যে দিয়ে যাচ্ছেন, আমি প্রার্থনা করি, ঈশ্বর, যেন আপনি... ?... তার উপর।

এড, সেই তরোয়ালটি বের করুন, আর যীশুর নামে এগিয়ে যান।

475 হে ঈশ্বর, এই নারীকে সুস্থ করুন। তার অনুরোধ মঞ্জুর করুন। কষ্টের সময়ে সে যেন সেই তরোয়ালটি তার সামনে নিয়ে যেতে পারে।

হে ঈশ্বর... ?...আজ সকালে। আমি প্রার্থনা করি আপনি... ?...

476 পিতা ঈশ্বর, আমি প্রার্থনা করি যেন আপনি আমাদের ভাইকে সুস্থ করেন এবং তাকে আরোগ্যপ্রদান করেন। এবং যীশু খ্রীষ্টের নামে... ?...

477 ঈশ্বর, আমি প্রার্থনা করি যেন আপনি যীশু খ্রীষ্টের নামে আমাদের বোনকে সুস্থ করেন, তাকে সুস্থ করুন।

478 পিতা ঈশ্বর, আমি প্রার্থনা করি যেন আপনি আমাদের ভাইকে সুস্থ—সুস্থ করেন।

আমাদের বোনকে সুস্থ করুন, প্রভু!... ?...

পিতা, যীশুর নামে, আমাদের বোনকে, আরোগ্যপ্রদান করুন, পিতা।

479 পিতা,... ?...আমরা যীশুর নামে প্রার্থনা করি। ঈশ্বর, এই মহিলাকে সুস্থ করুন।

হে ঈশ্বর, আমি আপনার কাছে প্রার্থনা করি... ?...

480 হে ঈশ্বর, তাকে আশীর্বাদ করুন, পিতা!... ?...আমরা সেই পুরানো বন্ধুদের কত ভালবাসি, প্রভু। আর আমি প্রার্থনা করি যেন আপনি তার অনুরোধটি মঞ্জুর করেন!... ?...

481 আমাদের স্বর্গীয় পিতা, আমি প্রার্থনা করি যেন আমার ভাই... ?...হে ঈশ্বর,... ?...তাকে, হে ঈশ্বর... ?...ক্রুশ সৈনিক। আর তিনি আজ সকালে সেই তরোয়ালটি বের করে এগিয়ে যাবেন।

ঈশ্বর, আমরা... ?...তার অনুরোধ প্রদান করুন, হে প্রভু।

482 ঈশ্বর, ভাইকে আশীর্বাদ করুন... ?...আমি প্রার্থনা করি যে আপনি তাকে সুস্থ করবেন, প্রভু! ... ?...যীশু খ্রীষ্টের নামে তাকে তার হৃদয়ের আকাঙ্ক্ষা পূর্ণ করুন।

483 হে স্বর্গীয় পিতা, সুসমাচারের এই সেবক, তার গলা... ?... যেখানে তাকে পরিষ্কার করা হয়েছিল ... ?...ঈশ্বর, আমি প্রার্থনা করি যেন আপনি... ?...যখন ঈশ্বরের মহান সেনাবাহিনী এখন এগিয়ে যাচ্ছে, তলোয়ার উপরে উঠিয়ে, তাকে বিজয় প্রদান করুন, প্রভু। এখানে তার স্বামী, প্রভু, যাকে সেই ক্যান্সারের বিছানা থেকে আনা হয়েছে, যেখানে সে শুয়ে ছিল, ক্যান্সারে মারা যাচ্ছিল, আর ডাক্তাররা তাকে ছেড়ে দিয়েছিলেন, তিনি যেমন যেতে থাকেন। আর আজ সকালে তিনি এখানে আছেন, ক্রুশের একজন ছোট সৈনিক। তাকে শক্তিশালী করুন, প্রভু, আপনার সেবার জন্য, আমরা যীশুর নামে প্রার্থনা করি।

484 আমি সেই ছোট্ট মহিলাকে চাই...এখানে এই প্রচারক সঙ্গে অন্য কিছু আছে। এখানে আসুন, ভাই কিড। সম্প্রতি, এই লোকটিকে হাসপাতাল থেকে বাড়ি পাঠানো হয়েছে, মারা যাচ্ছেন, ক্যান্সারে ভুগছেন। [বোন কিড বলেন, "এক বছর আগে।"—সম্পাদকীয়।] এক বছর আগে। ["দুই।"] দুই বছর আগে, প্রস্টেট নিয়ে। তার ডাক্তার তাকে মাত্র কয়েকদিন বাঁচার সময় দিয়েছেন। আর একদিন সকালে, আমরা সেখানে গিয়েছিলাম, খুব ভোরে, তার জন্য প্রার্থনা করেছিলাম, ঠিক আপনার মতোই, আর তারা এটির কোন চিহ্নও খুঁজে পাই নি। তিনি সুস্থ হয়ে যান। আমেন। তিনি—তিনি... ["মানতে হয়েছিল।"] তার এখনকার ওজন আগের থেকেও বেশী। তিনি এবং তার স্ত্রী সুসমাচারের কার্যক্ষেত্রগুলিতে ছিলেন, সম্ভবত আমার জন্মের আগের থেকে। তিনি এখন এখানে আছেন...[ভাই কিড বলেন, "পঞ্চান্ন বছর।"] পঞ্চান্ন বছর। আমি পৃথিবীতে আসার পূর্বে, তারা সুসমাচার প্রচার করছিলেন। আর এখানে তিনি প্রায় পঁচাত্তর বছর বয়সে সুস্থ হয়েছেন, অথবা, ["একাশি।"] একাশি। ["আমাদের একটি পুনরুজ্জীবন হবে, একটি দুই সপ্তাহের সভা, প্রতি রাতে প্রচার হবে।"] দুই সপ্তাহের পুনরুজ্জীবন, দুই সপ্তাহের পুনরুজ্জীবন সভা, আর প্রতি রাতে প্রচার করা হবে। একাশি বছর বয়সে, ক্যান্সারে আক্রান্ত হয়ে সুস্থ হয়েছেন, যখন তিনি বৃদ্ধ।

485 ঠিক আছে, বোন, এখন এটি আপনার সময়। আপনি বিশ্বাস করেন? *এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা*। ঠিক আছে, বোন। আপনি, আপনার প্রত্যেকের কাছে, আমরা কি করতে যাচ্ছি? **সদাপ্রভু এই কথা কহেন**। আমরা কি করব, এখানে অবস্থান করব?

486 শয়তান, তুই হেরে গেছিস। আমরা এখন জয়লাভ করছি। আমরা প্রতিশ্রুত ভূমিতে অগ্রসর হচ্ছি। ওটা কী? "সরুব্বাবিলের আগে এই পর্বতটি কি? কে এটি, সামনে দাঁড়িয়ে আছে? তোকে

সমতল করা হবে।” কেন? দুইধারী তলোয়ার দিয়ে, আমরা তাকে মাটিতে কেটে ফেলব। সেটা ঠিক। ঠিক আছে।

এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা!
যুদ্ধের দিকে অগ্রসর হও,
যীশুর ক্রুশ নিয়ে
এগিয়ে চল;
খ্রীষ্ট, রাজকীয় সেনানায়ক,
শত্রুর বিরুদ্ধে নেতৃত্ব দেন; (তাঁর বাক্যের সাথে।)
যুদ্ধে এগিয়ে যাও,
দেখ, তার পতাকা চলে যাচ্ছে!

এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা!
যুদ্ধের দিকে অগ্রসর হও,
যীশুর ক্রুশ নিয়ে
এগিয়ে চল।

487 হালেলুইয়া! তারা কী করেছিলো? ইস্রায়েলের জন্য, যুদ্ধে, প্রথম জিনিসটি কী ছিল? গায়করা প্রথমে এগিয়ে যেত। তারপর কি অনুসরণ করত? সিন্দুক। তারপর যুদ্ধ। ঠিক আছে। আপনি কি এটা এখন বিশ্বাস করেন? আমরা গাইছি, *এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা*। আমরা সমস্ত সন্দেহ দূর করছি। এখন আমাদের পায়ে উঠে দাঁড়িয়ে, আমরা যুদ্ধে যাত্রা করি।

আসুন এখন উঠে দাঁড়াই, সকলে মিলে।

এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা!
যুদ্ধের দিকে অগ্রসর হও,
যীশুর ক্রুশ নিয়ে
এগিয়ে চল;
খ্রীষ্ট, রাজকীয় সেনানায়ক,
শত্রুর বিরুদ্ধে নেতৃত্ব দেন;

আমরা তাকে কিভাবে পরাজিত করব? বাক্য দিয়ে।

যুদ্ধে এগিয়ে যাও,
দেখুন, তার পতাকা চলে যাচ্ছে!

এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা!
যুদ্ধের দিকে অগ্রসর হও,
যীশুর ক্রুশ নিয়ে
এগিয়ে চল।

আমরা বিভক্ত নই,
আমরা সকলে এক শরীর;
এক আশা ও মতবাদে,
এক প্রেমে।

488 যারা এখন বিশ্বাস করেন, বলুন, “আমেন।” [মণ্ডলী বলেন, “আমেন।”—সম্পাদকীয়।] হালেলুইয়া! আপনারা এটা বিশ্বাস করেন? আমরা বিজয়ী। কোথায় সকল শত্রু? আমাদের পায়ের নিচে। আমরা আজ কি? খ্রীষ্টে উত্থিত!

489 এখন, এটা শেষ, বোন। আপনি এটা বিশ্বাস করেন? এখন বাড়িতে যান। আপনি কি ঠিক বোধ করছেন? তিনি বললেন যে তিনি এখন সব ঠিক অনুভব করছেন। সবকিছু ঠিক আছে।

490 কতজন সেখানে মনে করেন সব ঠিক আছে? আর যখন তারা চিৎকার করেছিল, দেয়ালটি পড়ে যায়, আমেন, আর তারা এটি নিয়ে নেয়। আমেন। তারা শহরটি দখল করে। আমেন! আমেন! আপনি কি তাকে বিশ্বাস করেন?

491 এখন, আজকের রাতের সভার কথা ভুলবেন না। ভাই নেভিল আজ রাতে এখানে থাকবেন, আর আমাদের জন্য একটি ভালো বার্তা নিয়ে আসবেন। আর রবিবার, পরের রবিবার, যদি প্রভু ইচ্ছা করেন, এখানে আসুন।

492 এখন আসুন আমরা প্রস্থান করি। আর এখন, ভবন থেকে বের হয়ে, *এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা*, গানটি গাইতে আমরা চলে যাব। আর আজ থেকে, সেই তরোয়ালটিকে আর খাপে রাখবেন না। এটিকে বের করুন। আসুন জয় করি। “তারা এগিয়ে গিয়েছিল, জয় করতে করতে, আর জয় করার জন্য।” ঠিক আছে, পুনরায়, সেই প্রথম পদ।

এগিয়ে, খ্রিস্টান সৈন্যরা!
যুদ্ধের দিকে অগ্রসর হও,
যীশুর ক্রুশ নিয়ে
এগিয়ে চল।

***সর্বকালের সর্বশ্রেষ্ঠ যুদ্ধ*** BEN62-0311

(The Greatest Battle Ever Fought)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সকালে, ১১ মার্চ, ১৯৬২ খ্রীষ্টাব্দে, জেফারসনভিল, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস
পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org